CMYK







CMYK

ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA গৌরবের ৭১ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 71 Years ■ Issue-198 ■ 27 April, 2025 ■ আগরতলা ২৭ এপ্রিল, ২০২৫ ইং ■ ১৩ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ, রবিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

### পোপ ফ্রান্সিসের অন্ত্যেষ্টিতে রাষ্ট্রপতি

## বিশ্ব সর্বদা তাঁকে মনে রাখবে ঃ প্রধানমন্ত্রী



**নয়াদিল্লি, ২৬ এপ্রিল (হি.স.)।।** পোপ ফ্রান্সিসের রাষ্ট্রীয় অন্ত্যেষ্টিক্রিয়ায় যোগ দিলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। রাষ্ট্রপতির সঙ্গে ছিলেন কেন্দ্রীয় সংসদ বিষয়ক ও সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজুও। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভ্যাটিকান সিটির সেন্ট পিটারের ব্যাসিলিকায় পোপ ফ্রান্সিসের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। পোপ ফ্রান্সিসের প্রয়াণে শোকাহত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শনিবার এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী মোদী লিখেছেন, 'রাষ্ট্রপতি জি ভারতের জনগণের পক্ষ থেকে পরম পবিত্র পোপ ফ্রান্সিসকে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন। সমাজের প্রতি তাঁর সেবা বিশ্ব সর্বদা স্মরণে রাখবে।'

## টেট পরীক্ষা ২৭ ও ৪ মে

***নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল।।*** *আগামীকাল টেট টু পরীক্ষা। পরীক্ষার্থীদের উদ্দ্যেশে বার্তা দিলেন টিআরবিটি চেয়ারম্যান ড: প্রত্যুষ রঞ্জন দেব।*

*এদিন তিনি বলেন, আগামীকাল টেট টু এবং ৪ মে পেপার ওয়ান পরীক্ষার কেন্দ্র ত্রিপুরার আটটি জেলাতেই রয়েছে। টেট টু তে পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৩৫ হাজার এবং পেপার ওয়ানে প্রায় ৯ হাজার। প্রত্যেক জেলার হেডকোয়ার্টারে পরীক্ষার সমস্ত সামগ্রী পৌঁছে গিয়েছে। আগামীকাল সকাল ৮ টা থেকে প্রত্যেক জেলার ট্রেজারী থেকে এডভাইজাররা পরীক্ষার সমস্ত সামগ্রী নিয়ে রওয়ানা দেবেন।*

*এদিন তিনি টিআরবিটির তরফ থেকে প্রত্যেক পরীক্ষার্থীর কাছে সঠিক সময় অর্থাৎ সকাল ১০ টার মধ্যে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকার আবেদন করেন। পরীক্ষা সকাল ১১ টা থেকে শুরু হবে। যথা সময়ে পৌঁছে যাওয়ার আবেদন করেন তিনি।*

### গ্যাংটকে বিদ্যুৎমন্ত্রীদের সম্মেলনে

## বিদ্যুৎ খাতে বিপ্লব ঘটাচ্ছে রাজ্য ঃ বিদ্যুৎমন্ত্রী



গ্যাংটক, ২৬ এপ্রিল ।। ত্রিপুরা ভারতের নবায়নযোগ্য শক্তির দিশায় একটি শক্তিশালী কণ্ঠস্বর হয়ে উঠেছে। বিদ্যুৎ খাতে সংস্কারের জোয়ারে ত্রিপুরা ফের একবার দেশের মধ্যে নিজেদের অবস্থান সুদৃঢ় করল। শনিবার সিকিমের রাজধানী গ্যাংটকে অনুষ্ঠিত উত্তর-পূর্ব ও পূর্বাঞ্চলীয় রাজ্যগুলোর বিদ্যুৎ মন্ত্রীদের সম্মেলনে রাজ্যের স্মার্ট মিটার ব্যবস্থাপনা, সৌর শক্তির ব্যবহার এবং বিদ্যুৎ বিতরণে আধুনিকীকরণ প্রকল্পে অগ্রগতির ভূয়সী প্রশংসা করা হয়। আয়েজিত সম্মেলনে এমনটাই কেন্দ্রীয় বিদ্যুৎ, আবাসন ও নগরোন্নয়ন মন্ত্রী মনোহর লাল। সম্মেলনে অংশগ্রহণ করেন সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং ও উত্তর-পূর্ব ও পূর্ব ভারতের বিভিন্ন রাজ্যের বিদ্যুৎ মন্ত্রীরা। ত্রিপুরা থেকে অংশ নেয় রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথের নেতৃত্বাধীন একটি প্রতিনিধি দল, যার সদস্য ছিলেন বিদ্যুৎ দপ্তরের অতিরিক্ত সচিব উদয়ন সিনহা, ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ বিভাগ লিমিটেডের-এর ব্যবস্থাপক অধিকর্তা বিশ্বজিৎ বসু, অর্থ অধিকর্তা সর্বজিত সিং ডোগরা এবং বিদ্যুৎ পরিবহন নিগমের জেনারেল ম্যানেজার রঞ্জন দেববর্মা।

সম্মেলনে ভাষণ প্রদানকালে রতন লাল নাথ বলেন, "ত্রিপুরা শুধু পরিসংখ্যান নয়, বাস্তবেও বিদ্যুৎ খাতে এক বিপ্লব ঘটাচ্ছে। পরিকল্পিত রূপায়ণ, প্রযুক্তি-নির্ভর ব্যবস্থাপনা ও একনিষ্ঠ পরিশ্রমই আমাদের এই সাফল্যের চাবিকাঠি।" তিনি তুলে ধরেন যে, ত্রিপুরা বর্তমানে উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে স্মার্ট মিটার স্থাপনে প্রথম এবং গোটা দেশে তৃতীয় স্থানে রয়েছে। বিদ্যুৎ বিতরণে টুঙ্গছছ প্রকল্পের অধীনে রাজ্যের অগ্রগতি উল্লেখযোগ্যভাবে দেশের মানচিত্রে নজর কেড়েছে।

তিনি জানান, এটিএন্ডসি ক্ষতির হার উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে ☛ ৬ এর পাতায় দেখুন

## সিকিমের মুখ্যমন্ত্রী সকাশে মন্ত্রী রতন

***নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল।।*** *সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং'র সাথে দেখা করে ত্রিপুরার বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ। ত্রিপুরাবাসীর তরফ থেকে ঐতিহ্যপূর্ণ রিসা এবং মাতা ত্রিপুরা সুন্দরী মন্দিরের প্রতিকৃতি দিয়ে সংবর্ধনা জানান তিনি।*

*উত্তর পূর্বাঞ্চলীয় বিদ্যুৎ ব্যবস্থাপনা সম্পর্কিত বৈঠকে অংশ নিচ্ছেন গ্যাংটকে গিয়েছেন বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ। সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং'র সাথে দেখা করে ত্রিপুরার ঐতিহ্যপূর্ণ রিসা এবং মাতা ত্রিপুরা সুন্দরী মন্দিরের প্রতিকৃতি দিয়ে সংবর্ধনা জানান তিনি। এদিন রাজ্যের মানুষের তরফে সিকিমের জনপ্রিয় মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং জিকে ত্রিপুরার ঐতিহ্যপূর্ণ রিসা এবং মাতা ত্রিপুরা সুন্দরী মন্দিরের প্রতিকৃতি দিয়ে সংবর্ধনা জানিয়েছেন তিনি।*

### প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস সচিবের

## জিবি'র পরিষেবা নিয়ে ক্ষুব্ধ বিধায়ক, মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল।।** জিবি হাসপাতালের পরিষেবা নিয়ে অভিযোগ তুললেন বিধায়ক রঞ্জিত দের্ববমা। তাঁর অভিযোগ, চিকিৎসকদের গাফিলতির কারণে বিভিন্ন সময় রোগীর পরিজনদের কাছ থেকে হাসপাতালে পরিষেবা নিয়ে অভিযোগ শোনা যায়। এবিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন তিনি। এদিকে, ওই অভিযোগের তদন্ত করে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে বলে আশ্বাস্ত করেন স্বাস্থ্য সচিব ড. কিরণ গিত্যে।

আজ আচমকাই জিবি হাসপাতাল পরিদর্শনে গিয়েছিলেন বন মন্ত্রী অনিমেষ দেববর্মা এবং বিধায়ক রঞ্জিত দেববর্মা। পরবর্তী সময়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে, জিবি হাসপাতালের পরিষেবা নিয়ে অসন্তোষ প্রকাশ করেছেন। এদিন তিনি হাসপাতালে কতটা দুরবস্থা চলছে তা বলেন।

বিধায়ক রঞ্জিত দের্ববমার অভিযোগ, ন্যূনতম পরিষেবা পর্যন্ত পাওয়া মুশকিল হয়ে পড়েন রোগীর।

তিনি স্বীকার করেন বিভিন্ন সময় রোগীদের কাছ থেকে জিবি হাসপাতালে পরিষেবা নিয়ে অভিযোগ শোনা যায়। আজ তিনি নিজে প্রত্যক্ষ করেছেন।

এদিন তিনি বলেন, একজন রোগী মারা যাওয়ার পর চিকিৎসকের অবহেলা চোখে পড়েছে। একজন জুনিয়র চিকিৎসকের উপর দায়িত্ব দিয়ে সিনিয়র চিকিৎসক হাসপাতাল থেকে বের হয়ে গেছেন। তাই এবিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জনঢ় মুখ্যমন্ত্রীর নিকট দাবি করেন। যাতে জিবি হাসপাতালে চিকিৎসকরা সহানুভূতি দিকে বিশেষ নজর দিয়ে দায়িত্ব পালন করেন।

আজ বিকেলে সাংবাদিক সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে স্বাস্থ্য সচিব ড. কিরণ গিত্যে বলেন, এ বিষয়টি স্বাস্থ্য দপ্তরের নজরে এসেছে। তদন্ত করা হবে। অবিলম্বে পদক্ষেপ গ্রহণ করা হবে।

# পহেলগাঁও জঙ্গি হামলার ঘটনা

## পেছনে বড় ষড়যন্ত্র লুকিয়ে রয়েছে ঃ মানিক সরকার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল।।** জম্মু ও কাশ্মীরের পহেলগামে জঙ্গি হামলার পেছনে অনেক বড়ো ষড়যন্ত্র লুকিয়ে আছে। অতিসত্বর কেন্দ্রীয় সরকারকে তদন্ত করা দরকার। আজ শকুন্তলা রোডে আয়োজিত জনসভায় এমনটাই দাবি করেছেন প্রাক্তন পলিটব্যুরো সদস্য তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার।

এদিন শ্রী সরকার বলেন, কাশ্মীরের পহেলগাঁও জঙ্গি হামলার ঘটনা বর্বরোচিত এবং অমানবিক। ওই ঘটনায় এখনো পর্যন্ত প্রায় ২৮ জনের মৃত্যু এবং ২০ জন গুরুতর আহত হয়েছেন। এমনকি, জঙ্গিদের নিরস্ত্র করার দুঃসাহস দেখানোর পরিণাম হিসাবে গুলিতে ঝাঁঝরা হয়ে যায় কাশ্মীরের বাসিন্দা সইদ আদিল হুসেন শাহের শরীর। পহেলগাঁওয়ে বেড়াতে আসা পর্যটকদের টাট্টু ঘোড়ায় চড়ানোই ছিল তাঁর কাজ। ওই ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন তিনি।এদিন তিনি কেন্দ্র সরকারের নিকট হামলার দোষীদের খুঁজে বের করে দৃষ্টান্ত মূলক শাস্তির দাবি জানিয়েছেন। তাঁর কথায়, শিকারি পাখিকেও এভাবে গুলি করে মারে না। কাশ্মীরে সরকার রয়েছে ঠিকই কিন্তু তা নিয়ন্ত্রণ করছে কেন্দ্রীয় সরকার।

এদিন তিনি আরও বলেন, বর্তমানে আরএসএস বিজেপির প্ররোচনার ফাঁদে পা দিয়ে সামাজিক মাধ্যমকে ☛ ৬ এর পাতায় দেখুন

### মৌলবাদীদের

## বিরুদ্ধে সতর্ক থাকার আহ্বান মন্ত্রী সুধাংশুর

***নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল।।*** *ত্রিপুরায় হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠানগুলির উপর ধারাবাহিক আক্রমণ এবং হামলার ঘটনা নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করলেন মন্ত্রী সুধাংশু দাস। তিনি স্পষ্ট ভাষায় বলেন, জিহাদি মানসিকতা সম্পন্ন ব্যক্তিরা যেন হিন্দুদের ধৈর্য্যের পরীক্ষা নেওয়ার দুঃসাহস আর না করে। হিন্দুদের ধৈর্য্য ও সহ্যের সীমা ইতিমধ্যেই অতিক্রান্ত হয়েছে।*

*মন্ত্রী জানান, প্রতিনিয়ত হিন্দুদের ধর্মীয় প্রতিষ্ঠান আক্রান্ত হওয়া এবং নিরপরাধ হিন্দুদের উপর হামলা* ☛ ৬ এর পাতায় দেখুন

## নিরাপত্তা নিয়ে প্রশ্ন তুললেন প্রদেশ কংগ্রেস সভাপতি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল।।** সন্ত্রাসীদের দমন করতে কেন্দ্রীয় সরকারের অতিসত্বর কঠোর পদক্ষেপ নেওয়া প্রয়োজন। আজ বিলোনীয়া কংগ্রেস ভবনে আয়োজিত সভায় একথা বলপ প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা। সবার শুরুতেই পেহেলগাঁও সন্ত্রাসবাদীদের হামলায় নিহতদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

পাকিস্থানী সন্ত্রাসীদের হাতে পেহেলগাঁও এ ২২ এপ্রিল ভারতের নিরিহ পর্যটকদের নির্বিচারে হত্যার প্রতিবাদে গোটা দেশের সাথে সারা বিশ্বে নিন্দার ঝড় উঠেছে। এদিনের সন্ত্রাসীদের আক্রমনে ২৮ জন ভারতীয় পর্যটক নিহত হয়েছে। ভারতের জাতীয় কংগ্রেস এই হত্যাকান্ডকে কাপুরুষোচিত বলে আখ্যা দিয়েছে। কংগ্রেসের কার্যকরী কমিটি সন্ত্রাস দমনে সরকারের পাশে থাকতে চাইছেন সেখানে ভারতের প্রধানমন্ত্রী ঘটনার দিন আরব সফর কাটছাঁট করে ভারতে ফিরে এসে ব্রেকিং নিউজে নিজের অস্তিত্ব চারিদিকে ছড়িয়ে দিয়েছেন। কংগ্রেস দল সন্ত্রাস দমনে সরকারের পাশে থাকতে সর্ব সর্বদলীয় বৈঠকে অংশগ্রহণ করলেও প্রধানমন্ত্রী সর্বদলীয় বৈঠকে অংশগ্রহণ না করে বিহারে রাজনৈতিক প্রচারে অংশগ্রহণ করেছেন। কংগ্রেস দল এর তীব্র নিন্দা জানিয়েছে। বিলোনীয়া কংগ্রেস ভবনে আয়োজিত সাংগঠনিক বৈঠকে যোগ দিয়ে ☛ ৬ এর পাতায় দেখুন

## ভারত বিরোধী মন্তব্যের অভিযোগে গ্রেপ্তার প্রধান শিক্ষক

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৬ এপ্রিল।।** কাশ্মীরের পহেলগাঁওয়ে জঙ্গি হামলার পর সারাদেশে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। এর মাঝেই উত্তর ত্রিপুরার ধর্মনগর থানার অধীনস্থ এলাকা থেকে ভারত এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের বিরুদ্ধে সোশ্যাল মিডিয়ায় অশালীন মন্তব্যের অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে এক অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষককে।

ধৃতের নাম সজল চক্রবর্তী। তিনি ধর্মনগরের জেল রোড এলাকার বাসিন্দা। পুলিশ সূত্রে জানা গিয়েছে, সামাজিক মাধ্যমে দেশবিরোধী মন্তব্য ছড়ানোর অভিযোগে শুক্রবার রাতে তাকে গ্রেপ্তার করা হয়। তার বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ১৯৬, ৩৫২ ও ৩৫৩ ধারায় মামলা রুজু হয়েছে। ☛ ৬ এর পাতায় দেখুন

### বিতর্কিত মন্তব্য

## ২ ব্যক্তিকে গ্রেফতারের দাবি হিন্দু জাগরণ মঞ্চের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল।।** উদয়পুর আর কে পুর থানার সামনে দুইজনকে গ্রেফতারের দাবিতে গোমতী জেলার হিন্দু জাগরণ মঞ্চের সদস্যরা বিক্ষোভে সামিল হয়েছেন। মঞ্চের তরফ থেকে প্রীতম দত্ত থানায় লিখিত অভিযোগ দায়ের করে ২৪ ঘন্টার মধ্যে পুলিশ হেফাজতে নিয়ে আসার আর্জি জানিয়েছেন।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, গত ২৫ এপ্রিল আগরতলা নিবাসী জাভেদ হোসেন নামে এই যুবক একান্ন পীঠের অন্যতম পীঠস্থান মাতা ত্রিপুরেশ্বরী মাকে নিয়ে কুরুচিকর মন্তব্য সোশ্যাল মিডিয়াতে করেছে। যা হিন্দু সমাজের প্রতি আঘাত করার সামিল ☛ ৬ এর পাতায় দেখুন

## বিতর্কিত পোস্টের জেরে গ্রেপ্তার ফায়ারম্যান

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল।।** বিতর্কিত পোস্টের জেরে গ্রেফতার ফায়ারম্যান মনসুর আলি। তিনি কর্মরত প্রেমতলা দমকলবাহিনীতে। এদিকে, বিতর্কিত পোস্টের জেরে গ্রেফতার অবসর প্রাপ্ত শিক্ষক প্রবীর রায় চৌধুরী।

দেশের প্রধানমন্ত্রীর বিতর্কিত ছবি শেয়ার করার দায়ে চুরাইবাড়ি ও কদমতলা থানায় পৃথক দুটি মামলা করা হয় এক যুবকের বিরুদ্ধে। প্রথম মামলাটি বিশ্ব হিন্দু পরিষদের কদমতলা প্রখন্ডের পক্ষে রাজু পাল ও অন্যান্যরা চুরাইবাড়ি থানায় দায়ের করেন এবং অপরটি বিজেপির উত্তর জেলা কমিটির পক্ষে কদমতলা থানায় দায়ের করা হয়েছে। এদিকে কদমতলা প্রখন্ডের সভাপতি রাজু পাল ও বিজেপি নেত্রী রুপালি অধিকারী জানান,উক্ত যুবকের নাম মনসুর আলী। ☛ ৬ এর পাতায় দেখুন

### পহেলগাঁও সন্ত্রাসী হামলা

## পাকিস্তান সীমান্ত বরাবর চিরুনি অভিযান শুরু

অভিজিৎ রায় চৌধুরী



**নয়াদিল্লি, ২৬ এপ্রিল।।** পেহেলগামে ভয়ঙ্কর সন্ত্রাসী হামলার পাঁচ দিন পর কেন্দ্রীয় সরকার পাঞ্জাব, রাজস্থান এবং নিকটবর্তী অঞ্চলে পাকিস্তান সীমান্ত বরাবর একটি চিরুনি অভিযান শুরু করেছে।

যদিও এখনও কোনও সরকারী পরামর্শ জারি করা হয়নি। সীমান্ত এলাকার গ্রামবাসীদের আগামী তিন থেকে চার দিনের মধ্যে তাদের ফসল কাটার কার্যক্রম শেষ করার আহ্বান জানানো হয়েছে।

ভারতে সাধারণত মার্চ থেকে মে মাসের মধ্যে গম কাটা হয়ে থাকে। যখন গম হলুদ হয়ে যায় এবং শুকিয়ে যায়। কৃষকরা এর জন্য কাস্তে এবং কম্বাইন হার্ভেস্টারের মতো সরঞ্জাম ব্যবহার করে। ফসল কাটার পরে, শস্যগুলিকে সংরক্ষণ করা বা বাজারজাত করানোর পূর্বে শুকানো হয়, পরিষ্কার করা হয় এবং বাছাই করা হয়। পাঞ্জাব ☛ ৬ এর পাতায় দেখুন

### পণের দায়ে নির্যাতন

## রেলে ঝাঁপ দিয়ে আত্মহত্যা তরুণী গৃহবধুর প্রশাসনের দ্বারস্থ পরিবার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল।।** আরো এক তরুণী গৃহবধূ পণের শিকার হয়ে আত্মঘাতী হয়েছে। বিয়ের তিন মাসের মাথায় বাপের বাড়ি থেকে দুই লক্ষ টাকা এনে দেওয়ার জন্য শ্বশুর বাড়িতে চলে চরম অত্যাচার। এরই জ্বালা সহ্য করতে না পেরে রেলে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করলো ওই তরুণী গৃহবধূ। ওই ঘটনায় উত্তর ত্রিপুরা জেলার চুরাইবাড়ি থানাধীন গোবিন্দপুর এলাকার ছয় নং ওয়ার্ডে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, উত্তর ত্রিপুরা জেলার চুরাইবাড়ি থানাধীন গোবিন্দপুর এলাকার ছয় নং ওয়ার্ডের বাসিন্দা বেনু শুক্লবৈদ্য ও মিরা শুক্ল বৈদ্যের মেয়ে মনিকা শুক্লবৈদ্য ২০২৩ সালে সামাজিক রীতি অনুযায়ী ☛ ৬ এর পাতায় দেখুন

## ফটিকরায়ে দুই দোকানে অগ্নিকান্ড

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল।।** শুক্রবার দিবাগত রাত আনুমানিক ১টার সময় ফটিকরায় থানার নিকটবর্তী এলাকায় ঘটে গেল চাঞ্চল্যকর অগ্নিকাণ্ডের ঘটনা। এক রাতেই দুই ভাইয়ের দুটি দোকান সম্পূর্ণ পুড়ে ছাই হয়ে যায়। স্থানীয় সূত্রে জানা গেছে, দুষ্কৃতীদের হাতেই এই আগুন লাগানো হয়েছে বলে প্রাথমিকভাবে সন্দেহ করা হচ্ছে।

পোড়া দোকান দুটির মালিক বুদ্ধ দাস ও মৃদুল দাস জানিয়েছেন, একটি ছিল ভুসি মাল দোকান এবং অপরটি ডিড রাইটারের অফিস। গভীর রাতে হঠাৎ করে দোকানগুলিতে আগুন লাগে এবং মুহূর্তের মধ্যে তা ভয়াবহ আকার ধারণ করে। স্থানীয় বাসিন্দারা দ্রুত ফায়ার সার্ভিসকে খবর দিলেও, দমকল বাহিনীর পৌঁছাতে ☛ ৬ এর পাতায় দেখুন

### ১৫তম রোজগার মেলা

## মেয়েরা প্রতিটি ক্ষেত্রেই উৎকর্ষ সাধন করেছেন ঃ প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ২৬ এপ্রিল (হি.স.)।।** ভারতের মেয়েরা প্রতিটি ক্ষেত্রেই উৎকর্ষ সাধন করছেন, নারী শক্তিকে কুর্নিশ জানিয়ে এই মন্তব্য করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন, ইউপিএসসি ফলাফলে দু''জন মহিলা শীর্ষ দু'টি স্থান অর্জন করেছেন এবং তিনজন মহিলা শীর্ষ পাঁচে রয়েছেন। আমলাতন্ত্র, মহাকাশ এবং বিজ্ঞানে নারী শক্তি নতুন উচ্চতায় পৌঁছেছে। সরকার গ্রামীণ এলাকার মহিলাদের প্রতি বিশেষ মনোযোগ দিচ্ছে, ব্যাংক সখী, কৃষি সখী এবং স্বনির্ভর গোষ্ঠীর মতো উদ্যোগগুলি নতুন সুযোগ তৈরি করছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শনিবার ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন সরকারি দফতর ও সংস্থায় নবনিযুক্ত ৫১ হাজারের বেশি যুবক-যুবতীকে রোজগার মেলার মাধ্যমে নিয়োগপত্র বিতরণ করেছেন। ১৫-তম এই রোজগার মেলা হয় সারাদেশের ৪৭টি স্থানে। এই রোজগার মেলায় প্রধানমন্ত্রী মোদী বলেছেন, '৫১ হাজারেরও বেশি যুবক-যুবতীকে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে স্থায়ী সরকারি চাকরির নিয়োগপত্র দেওয়া হয়েছে। এখন ভারত সরকারের বিভিন্ন বিভাগে তরুণদের জন্য নতুন দায়িত্ব শুরু হয়েছে। আপনাদের দায়িত্ব হল, দেশের অর্থনৈতিক ব্যবস্থাকে শক্তিশালী করা, আপনাদের দায়িত্ব হল দেশের অভ্যন্তরীণ নিরাপত্তা জোরদার করা, আপনাদের দায়িত্ব হল দেশে আধুনিক পরিকাঠামো তৈরি করা, আপনাদের দায়িত্ব হলো শ্রমিকদের জীবনে মৌলিক পরিবর্তন আনা।'

প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, 'যখন যুবসমাজ দেশ গঠনে অংশগ্রহণ করে, তখন দেশ দ্রুত ☛ ৬ এর পাতায় দেখুন

CMYK

CMYK

জাগরণ আগরতলা,২৭ এপ্রিল, ২০২৫ ইং
১৩ বৈশাখ,রবিবার,১৪৩২ বঙ্গাব্দ

# কত সম্পদের মালিক ভারতীয় মুসলিমরা ?

দেশের মুসলিম সম্প্রদায় গড়ে ৮ু সম্পদের মালিক। সাম্প্রতিক এক তথ্যে ইহা সত্য বলিয়া প্রমাণিত হইয়াছে। সবচেয়ে বেশি সম্পদের অধিকারী হিন্দুরা। জাতি ,জনজাতি ও পিছিয়ে পড়া জনগণের সম্পদের পরিমাণও সন্তোষজনক নয়। সম্পদ মিয়া হানাহানির কারণেই দেশে আভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা প্রতিনিয়ত বিঘ্নিত হইতেছে। প্রচারে গিয়া কংগ্রেসকে একহাত নিয়াছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বেনজির কটাক্ষ শানাইয়া তিনি বলিয়াছেন, কংগ্রেস ক্ষমতায় এলে মা বোনদের মঙ্গলসূত্র, কানের দুল অবধি আস্ত থাকিবে না। প্রধানমন্ত্রীর এই মন্তব্যের পর কার্যত ক্ষোভে ফাটিয়া পড়িয়াছে রাহুল গান্ধীর দল। নির্বাচন কমিশনের নজর টাকারও কোনও কসরত বাকি রাখেনি তাহারা।প্রধানমন্ত্রী বলেন, 'ভারতের স্বাধীনতার সময় মুসলিম লীগ যে ধরণের চিন্তা ভাবনা করিত, কংগ্রেসের ইস্তেহারেও সেই ধরণের ভাবনা প্রতিফলিত হইতেছে। মুসলিম লীগের আদলে তৈরি ইস্তেহারের সবর্তই বামপন্থী ছাপ। ' এছাড়াও প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের একটি পুরনো মন্তব্য স্মরণ করাইয়া তিনি বলেন, 'মনমোহন সিংয়ের সরকার বলিয়াছিল, দেশের সম্পত্তির উপর প্রথম অধিকার রহিয়াছে মুসলিমদের।

মোদীর এই কংগ্রেস ব্যাশিং-র পর থেকেই প্রশ্ন উঠিয়াছে ভারতের বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে কাহাদের কাছে ঠিক কত টাকার সম্পদ রহিয়াছে? যদিও এই বিষয়ে কোনও সাম্প্রতিক তথ্য নেই। তবে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ দলিত স্টাডিজের পক্ষ থেকে যৌথভাবে করা একটি সমীক্ষায় উঠে আসা তথ্য রয়েছে। উল্লেখ্য, এই সমীক্ষাটি করা হয় আজ থেকে বছর চারেক আগে ২০২০ সালে।'

ব্যক্তিগতভাবে সবচেয়ে বেশি সম্পদের মালিকানা রহিয়াছে উচ্চবর্ণের হিন্দুদের কাছে। দেশের ৪১ শতাংশ সম্পদ রহিয়াছে উচ্চবর্ণের হিন্দুদের কাছে। যেখানে অনগ্রসর শ্রেণির হিন্দু তথা ওবিসি হিন্দু সম্প্রদায়ের মানুষজনের দখলে রহিয়াছে ৩১ শতাংশ সম্পদ। অন্যদিকে দেশের মুসলিম সম্প্রদায়ের মানুষজনের হাতে রহিয়াছে ৮ শতাংশ সম্পদ এবং এস সি এস টি র দখলে রহিয়ায়েছে ৭.৩ এবং ৩.৭ শতাংশ সম্পদ। সম্পদের পরিমাণ যাহাই হোক না কেন ,ভারতীয় সংবিধান অনুযায়ী প্রত্যেকটি জাতিগোষ্ঠীর ,প্রত্যেকটি জনগণের শিক্ষা ,স্বাস্থ্য, বাসস্থান সহ অন্যান্য মৌলিক অধিকার গুলো বহু পরিবার অধিকার রহিয়াছে। সরকারে যাহারা অধিষ্ঠিত থাকেন এবং যাহারা প্রশাসনিক দায়িত্ব পালন করেন তাহাদেরকে এইসব বিষয় চিন্তাভাবনা করিয়া অগ্রসর হইতে হইবে। অন্যথায় দেশের আভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা বিঘ্নিত হইবার যথেষ্ট আশঙ্কা থাকিবে। ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র হিসেবে ভারতের ঐতিহ্য অক্ষুন্ন রাখিতে সব ধর্ম বর্ণ ভাবাবেকের মানুষকে একই সূত্রে বাঁধিয়া দেশের অখন্ডতা ও সার্বভৌমত্ব রক্ষা করিতে হইবে।

# মুর্শিদাবাদে নিহত হিন্দুর বাড়িতে শুভেন্দু

মুর্শিদাবাদ, ২৬ এপ্রিল (হি.স.): মুর্শিদাবাদে নিহত দুই হিন্দুর বাড়িতে গিয়ে শনিবার রাজ্যের বিরোধী দলনেতা সব রকম সহযোগিতার আশ্বাস দেন। দোষীদের শাস্তির জন্য যা যা করা দরকার, তা করা হবে বলেও শোকসন্তপ্ত পরিবারের লোকেদের আশ্বস্ত করেন।

গত ১২ এপ্রিল সেই হিংসায় প্রাণ যায় বাবা এবং ছেলে শমসেরগঞ্জের হরগোবিন্দ দাস এবং তাঁর পুত্র চন্দন দাসের। অভিযোগ, তাঁদের খুন করা হয়েছে। শনিবার তাঁদের পরিবারে গিয়ে মহিলাদের মধ্যে মেঝেতে বসে পড়েন শুভেন্দুবাবু। মৃতদের ঘনিষ্ঠদের সঙ্গে পরিচিত হন।

মহিলারা দুই মৃতের ছবি কোলে নিয়ে কান্নাকাটি করতে শুরু করেন। শুভেন্দুবাবু সেই ছবি নিয়ে নিজের কপালে ঠেকান। নিজের হাতে তাঁদের কারও চোখের জল মুছিয়ে দেন। কারও হাত ধরে আর্জি জানান মানসিকভাবে ভেঙে না পড়তে।

এর আগে স্থানীয়দের জমায়েতের মাঝে 'দোষীদের শাস্তি চাই', 'বন্দেমাতরম' প্রভৃতি ধ্বনির মধ্যে শুভেন্দুবাবু দাস-পরিবারের বাড়িতে ঢোকেন। অনেকে হাত জোর করে নমস্কার জানান। তিনিও হাত জোর করে প্রতিনমস্কার জানান।

প্রসঙ্গত, মুর্শিদাবাদের শমসেরগঞ্জে নিহত বাবা এবং ছেলের আদ্যশ্রাদ্ধ ছিল বুধবার। অভিযোগ, পারলৌকিক ক্রিয়াকর্মের জন্য কোনও ক্ষৌরকার বা ব্রাহ্মণকে পায়নি তাঁদের পরিবার। নিজেদের মতো করেই কোনও রকমে কাজ সেরেছেন। দাবি, ভয়ে তাঁদের বাড়িতে কেউ আসতে চাননি। সংশোধিত ওয়াকফ আইনের প্রতিবাদে বিক্ষোভকে কেন্দ্র করে অশান্ত হয়ে উঠেছিল মুর্শিদাবাদ। হিংসা ছড়িয়েছে বিস্তীর্ণ অঞ্চলে।

# বিজাপুরে আইইডি ফেটে বিস্ফোরণ, আহত একজন ডিআরজি জওয়ান

রায়পুর, ২৬ এপ্রিল (হি.স.): ছত্তিশগড়ের বিজাপুর জেলায় মাওবাদীদের পুঁতে রাখা আইইডি বিস্ফোরণে আহত হয়েছেন একজন ডিআরজি জওয়ান। শনিবার বিজাপুর জেলার গালগামের জঙ্গলে একটি আইইডি বিস্ফোরণ ঘটেছে। একজন ডিআরজি জওয়ানের পায়ে আঘাত লেগেছে। আহত জওয়ান বর্তমানে গালগাম সিআরপিএফ ক্যাম্পে প্রাথমিক চিকিৎসা নিচ্ছেন। তাঁকে হেলিকপ্টারে করে বিজাপুরে নিয়ে যাওয়ার প্রস্তুতি চলছে।

পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, গত ২৪ এপ্রিল রাতে আইইডি বিস্ফোরণের ফলে একজন এসটিএফ জওয়ানের গোড়ালি সামান্য মচকে যায়। এরপর ২৬ এপ্রিল, শনিবার সকালে আইইডি বিস্ফোরণের ফলে আরেকজন ডিআরজি জওয়ান সামান্য আঘাত পান। আহত দুই জওয়ানই সুস্থ আছেন এবং তাঁদের চিকিৎসা চলছে। খুব শীঘ্রই তাঁরা সক্রিয় দায়িত্ব পালনের জন্য প্রস্তুত থাকবেন।

# জগন্নাথ মন্দিরের দ্বারোদঘাটন নিয়ে মুখ্যমন্ত্রীর লেখা গানে সাড়া

কলকাতা, ২৬ এপ্রিল (হি.স.): অক্ষয় তৃতীয়ায় দিঘায় জগন্নাথ মন্দিরের দ্বারোদঘাটন। আর তা উপলক্ষে গান লিখলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সামাজিক মাধ্যমে সেই মিউজিক ভিডিও পোস্ট করেছেন তিনি। ওই মিউজিক ভিডিও—য় নেটদুনিয়ায় লাইক, শেয়ারের বন্যা। 'নয়নপথগামী, তুমি জগন্নাথস্বামী। জয় জগন্নাথ, জয় জগন্নাথ।' দিঘায় জগন্নাথ মন্দির উদ্বোধনের আগে নতুন গান লিখলেন মুখ্যমন্ত্রী। তিনিই গানে সুর দিয়েছেন। গানটি গেয়েছেন মন্ত্রী ইন্দ্রনীল সেন। শুক্রবার তাঁর 'এক্স হ্যান্ডেল' ও ফেসবুক পেজে মুখ্যমন্ত্রী নিজেই গানটির ভিডিও প্রকাশ করেছেন। সেটি প্রকাশ হওয়ার সঙ্গে সঙ্গেই ভাইরাল।

# বিহারের ভাগলপুরে ভয়াবহ আগুন, পুড়ে ছাই ৭-৮টি বাড়ি

ভাগলপুর, ২৬ এপ্রিল (হি.স.): বিহারের ভাগলপুরে ভয়াবহ আগুনে পুড়ে গেল ৭-৮টি বাড়ি। শনিবার সকালে ভাগলপুরের বারারি এলাকায় ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে, যার ফলে বেশ কয়েকটি ঘর পুড়ে গিয়েছে। রান্না করার সময় স্টোভের স্ফুলিঙ্গ থেকে সৃষ্ট আগুন দ্রুত ছড়িয়ে পড়ে। দমকল বাহিনী আগুন নিয়ন্ত্রণে আনে এবং কোনও হতাহতের খবর না থাকলেও, কিছুক্ষণের জন্য আতঙ্ক ছড়িয়ে পড়ে।

# কৃত্রিম বুদ্ধিমত্তার জন্ম: ভুল থেকে শেখা শুরু

মশিউর রহমান

কম্পিউটারকে আমরা সব সময় নির্দেশনা দিয়ে কাজ করিয়ে নিই। কিন্তু সব কিছুই কি আর নির্দেশনা দিয়ে করিয়ে নেওয়া যায়? এই যন্ত্রকে শেখানো সম্ভব হলেই এটি নিজ থেকেই সমস্যাগুলো সমাধান করতে পারবে। এই শেখানোর কাজের জন্য নির্দেশনা নয়, বরং ভুল থেকে কম্পিউটারকে শেখাতে হবে। যেভাবে আমাদের মস্তিষ্ক কাজ করে, অনেকটা সেভাবে। কম্পিউটার কীভাবে ভুল থেকে শিখবে? সেই মৌলিক আবিষ্কারের কাজটি করেন বিজ্ঞানী জিওফ হিন্টন।

১৯৮০-এর দশকে কম্পিউটার প্রযুক্তি উন্নয়নের ফলে কম্পিউটারকে বিভিন্ন কাজে ব্যবহার শুরু হলো। সেই সময়ের কাজগুলো করা হতো লজিকের মাধ্যমে। কম্পিউটারকে কিছু সুনির্দিষ্ট কোড লিখে নির্দেশনা দেওয়া হতো, কোন কাজের পর কোনটা করতে হবে। কম্পিউটার যেন আমাদের লিখিত নির্দেশনা বুঝতে পারে, সেজন্য তৈরি করা হয় কম্পিউটার প্রোগ্রামিং ভাষা। প্রধান সমস্যা হলো, কম্পিউটারকে দিয়ে যেকোনো কিছুর জন্যই প্রযুক্তিবিদদের কোডিং করে সুনির্দিষ্ট করে নির্দেশনা দিতেই হবে। খুঁটিনাটি নির্দেশনা ছাড়া কম্পিউটার কোনো কিছু করতে অক্ষম। এমনকি, কোডের মধ্যে সামান্য কোন ভুল থাকলে কম্পিউটার আর কাজ করে না। সেই থেকে আজ পর্যন্ত কম্পিউটারকে নির্দেশনা দিয়েই কাজ করিয়ে নিতে হয়েছে।


অবশ্য তা ক্রমিক নির্দেশনা নয়, বরং কম্পিউটারকে দিয়ে সুদূরপ্রসারী কাজ করিয়ে নেওয়ার জন্য ভুল থেকে শেখা উচিত। মানুষ যেভাবে ছোট খাট কিছু ভুল করে, এবং সেই ভুল থেকে শিখে পরে অন্যভাবে কাজ করে, অনেকটা সেভাবে। আর এই ভুল থেকে শেখার পদ্ধতিটি কম্পিউটারে প্রয়োগের জন্য যে বিজ্ঞানী কাজ করেছেন, তাঁর নামই জিওফ হিন্টন। মানুষ তাঁকে 'গড ফাদার অব ডিপ লার্নিং' বা ডিপ লার্নিংয়ের জনক নামেও চেনে। তবে ডিপ লার্নিং সম্পর্কে বিস্তারিত জানার আগে, এই বিজ্ঞানী সম্পর্কে একটু জেনে নিই।

১৯৪৭ সাল। যুক্তরাজ্যের লন্ডন শহরে দ্বিতীয় বিশ্বযুদ্ধ মাত্র শেষ হয়েছে। কিন্তু বাতাসে তখনো মিশে আছে যুদ্ধের বারুদের গন্ধ। এমন পরিস্থিতিতে, ৬ই ডিসেম্বর সকালে লন্ডনের উইম্বলডনে জন্ম নেয় এক শিশু। মা-বাবার স্নেহের সেই শিশুটি যে একদিন পৃথিবীর চিন্তাধারাকে বদলে দেবে। কৃত্রিম বুদ্ধিমত্তার কিংবদন্তি হয়ে উঠবে, তা কে জানত! তাঁর নাম রাখা হলো জিওফ্রে এভারেস্ট হিন্টন। অনেকে উচ্চারণ করেন জিউফ বা জেফ বলে।

জিওফের জন্মের বছরটি ছিল নানা কারণে অসাধারণ। ১৯৪৭ সালেই ব্রিটিশ রাজতন্ত্রের নিয়ন্ত্রণ থেকে স্বাধীনতা পায় ভারত এবং পাকিস্তান। পুরো বিশ্ব তখন নতুন এক যুগের সূচনা দেখছে। মানুষ দ্বিতীয় বিশ্বযুদ্ধের ধাক্কা কাটিয়ে উঠতে চেষ্টা করছে। ইংল্যান্ডের মানুষ যুদ্ধ-পরবর্তী অর্থনৈতিক সঙ্কটে তখনও জর্জরিত। কিন্তু সমাজে আশার আলো ফিরে আসছিল ধীরে ধীরে। লন্ডনের সেই সময়টা ছিল অন্যরকম। মানুষ রেডিওতে শুনছে নতুন গানের সুর, রাস্তার মোড়ে মোড়ে ছড়িয়ে আছে বেকারত্ব। তবুও চারদিকে বইছে এক নতুন আশার হাওয়া। মানুষের পোশাকে আসছে পরিবর্তন, রাস্তায় দাপিয়ে বেড়াচ্ছে বড় বড় হ্যাট পরা ভদ্রলোকেরা। মহিলাদের পোশাকে ফ্যাশনের নতুন ঢেউ। উইম্বলডনের বিখ্যাত টেনিস টুর্নামেন্টও তখন যুদ্ধের বিরতি শেষে আবার ফিরছে নতুন রূপে। জিওফ হিন্টনের বাবা হাওয়ার্ড হিন্টন ছিলেন একজন বিখ্যাত এনটোমলজিস্ট, অর্থাৎ পোকামাকড় নিয়ে গবেষণা করতেন। তিনি ছিলেন অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানী। কীটপতঙ্গের গঠন, স্বভাব ও অভিযোজন পদ্ধতি বিশ্লেষণ করতে করতে তাঁর জীবন কেটেছে। এছাড়া তার দাদা জর্জ বুল ছিলেন গণিতবিদ। আজ আমরা যাকে বুলিয়ান অ্যালজেব্রার জনক হিসেবে জানি, সেই জর্জ বুল। আধুনিক কম্পিউটার প্রোগ্রামিং, সার্কিট ডিজাইন এবং লজিক গেটের ভিত্তিই গড়ে উঠেছে জর্জ বুলের হাতে। জর্জ বুল ছিলেন স্বশিক্ষিত। তিনি নিজের প্রচেষ্টায় গড়ে তুলেছিলেন গণিত ও যুক্তিবিজ্ঞানের একটি নতুন ধারা। তাঁর লেখা দ্য ল'স অব থট বইটি আজও যুক্তিতত্ত্ব ও কৃত্রিম বুদ্ধিমত্তার বুনিয়াদ হিসেবে বিবেচিত হয়।

জিওফ হিন্টনউইকিপিডিয়া

পরিবারের এই বৈজ্ঞানিক পরিবেশে বড় হতে হতে শিশু জিওফের মনে জন্ম নিতে শুরু করে পৃথিবীকে নতুন চোখে দেখার আগ্রহ। সে বুঝতে পারে, আশপাশের দৃশ্যমান জগতের পেছনে লুকিয়ে আছে আরও



গভীর রহস্য। জিওফ হিন্টন যখন নিউরাল নেটওয়ার্ক নিয়ে গবেষণা শুরু করেন, তখন অনেকেই বুঝে উঠতে পারেননি, তাঁর এই গবেষণার গাঁথুনি কোথা থেকে আসছে। কিন্তু ইতিহাস খুঁড়লে দেখা যায়, তাঁর পূর্বপুরুষই ছিলেন সেই প্রথম মানুষ, যিনি যুক্তিকে গাণিতিক রূপ দিয়ে ডিজিটাল যুগের বীজ বপন করেছিলেন।

হাইস্কুলে পড়ার সময় হিন্টন ছিলেন মেধাবী ও চিন্তাশীল এক কিশোর। ক্লাসের অন্য ছেলেমেয়েরা যখন ফুটবল মাঠে ছুটছে কিংবা সঙ্গীত নিয়ে মাতোয়ারা, হিন্টন তখন বইয়ের পাতা উল্টাতে উল্টাতে ভাবছেন, মানুষের মন আসলে কীভাবে কাজ করে? কেন আমরা যা দেখি বা শুনি, তা আমাদের স্মৃতিতে আটকে যায়? কীভাবে ভাবনা জন্ম নেয়? এমন হাজারো প্রশ্ন নিয়ে ১৯৬৭ সালে তিনি ভর্তি হন কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের কিংস কলেজে। কেমব্রিজ তখন তরুণদের কাছে স্বপ্নের নাম। ব্রিটেনের সেরা মেধাগুলো এখানে জড়ো হয়। বিশ্ববিদ্যালয়টিতে তখন তুমুল বিতর্ক চলছে, বিশ্বব্রহ্মাণ্ডের সৃষ্টি রহস্য থেকে শুরু করে মানবমস্তিষ্কের রহস্যসব বিষয়ে আলোচনা যেন উড়ছে বাতাসে। এই পরিবেশেই হিন্টনের মেধার প্রস্ফুটন ঘটে।

১৯৭০ সালে কেমব্রিজ থেকে এক্সপেরিমেন্টাল সাইকোলজি বিষয়ে বিএ ডিগ্রি লাভ করেন জিওফ। কিন্তু তাঁর জ্ঞানতৃষ্ণা যেন আরও বাড়তে থাকে। তাই তিনি ব্রিটেনের এডিনবরা বিশ্ববিদ্যালয়ে চলে যান। সেখানে শুরু করেন কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে পিএইচডি গবেষণা। এডিনবরা তখন এআই গবেষণার গুরুত্বপূর্ণ কেন্দ্র। সেখানে মিলিত হয়েছিলেন দুনিয়ার সেরা গবেষকরা। এই গবেষকেরা মনে করতেন, কম্পিউটার হয়তো মানুষের মস্তিষ্কের মতো করেই চিন্তা করতে পারে। মজার ব্যাপার হলো, হিন্টনের গবেষণা জীবনের শুরুতে কেউই তেমন গুরুত্ব দেয়নি। তখন অনেক বিজ্ঞানী বিশ্বাস করতেন না যে, কৃত্রিমভাবে তৈরি করা যন্ত্র সত্যিকারের মানুষের মতো বুদ্ধিমত্তা প্রদর্শন করতে পারবে। কিন্তু হিন্টনের মনে ছিল অদ্ভুত দৃঢ় বিশ্বাস। মানুষের মস্তিষ্ক যেভাবে শেখে, যেভাবে ভুল থেকে শেখে, সেই পথ অনুসরণ করেই একদিন মেশিনকে শেখানো যাবে।

সেই সময়ের একটি মজার গল্প প্রচলিত আছে। পিএইচডি গবেষণা করতে গিয়ে একবার হিন্টন দীর্ঘ সময় কাটিয়েছিলেন তাঁর ল্যাবে। দিনের পর দিন নিরলসভাবে কাজ করে চলেছিলেন। এক রাতে ক্লান্ত হয়ে ঘুমিয়ে পড়েন ল্যাবের ডেস্কেই। পরদিন সকালে প্রফেসর এসে দেখলেন, হিন্টন টেবিলের ওপর মাথা রেখে গভীর নিদ্রায় নিমজ্জিত। তখন হাসতে হাসতে প্রফেসর বলেছিলেন, এইতো, আমাদের তরুণ বৈজ্ঞানিকের মস্তিষ্ক এখন বিশ্রাম নিচ্ছে। পরে এই ঘটনা বন্ধুদের কাছে জনপ্রিয় এক গল্প হিসেবে ছড়িয়ে পড়েছিল। ১৯৭৮ সালে যখন হিন্টন তাঁর পিএইচডি শেষ করেন, ততদিনে তিনি বিশ্বাস করতে শুরু করেছিলেন, নিউরাল নেটওয়ার্ক নামে বিশেষ এক ধরনের কম্পিউটার ব্যবস্থা মানুষের মস্তিষ্কের মতোই শেখার ক্ষমতা অর্জন করতে পারবে।

তাঁর গবেষণার বিষয় ছিল দৃষ্টিশক্তি ও রিলাক্সেশন। সাধারণ মানুষের কাছে নামটি বেশ কঠিন শোনালেও বিষয়টির মূল কিন্তু খুব সহজ ও বিস্ময়কর। আমাদের চোখ যে বস্তু দেখছে, তার অর্থ মস্তিষ্ক কীভাবে বের করে? কোনো বস্তু অস্পষ্ট হলে মস্তিষ্ক কীভাবে ধীরে ধীরে তার অর্থ খুঁজে পায়? এই প্রশ্নের উত্তর সন্ধানেই তিনি গবেষণায় ডুব দিয়েছিলেন।

১৯৭৮ সালে যখন হিন্টন তাঁর পিএইচডি শেষ করেন, ততদিনে তিনি বিশ্বাস করতে শুরু করেছিলেন, নিউরাল নেটওয়ার্ক নামে বিশেষ এক ধরনের কম্পিউটার ব্যবস্থা মানুষের মস্তিষ্কের মতোই শেখার ক্ষমতা অর্জন করতে পারবে। যদিও সেই সময়ের বিজ্ঞানী সমাজে এই ধারণা ছিল হাস্যকর এক কল্পনা মাত্র। এডিনবার্গ বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ক্রিস্টোফার লঙ্গেট-হিগিন্সের অধীনে তিনি শুরু করেন এই অসাধারণ গবেষণা। সেই সময়কার কৃত্রিম বুদ্ধিমত্তার জগৎ তখনো খুব সরল, রীতিমতো শিশু পর্যায়ে। সেই সরল জগতেই হিন্টন নিয়ে এলেন এক অভিনব ধারণামস্তিষ্কের কাজ কোনো সরল, ক্রমিক গণনা নয়, বরং অসংখ্য নিউরনের একযোগে তথ্য বিনিময়ের এক বিস্ময়কর জাল। তিনি ভাবলেন, মানুষের মস্তিষ্ক যেমন চোখ থেকে আসা অস্পষ্ট ছবি বারবার প্রক্রিয়াকরণ করে একটি স্পষ্ট রূপ দেয়, তেমনি কম্পিউটারকেও শেখানো সম্ভব এই পদ্ধতিতে। এটিকেই তিনি বলেছিলেন 'রিলাক্সেশন' প্রক্রিয়া।

বিশ্ববিদ্যালয়ে হিন্টনের সুখ্যাতি ছিল তাঁর সরল আর চঞ্চল ব্যক্তিত্বের কারণে। একবার বড় একটি সেমিনারে নিজের বক্তৃতার মাঝপথে হঠাৎ খেয়াল করলেন, তিনি দুই পায়ে দুই ধরনের জুতো পরে এসেছেন! সবাই যখন হাসছিল, তখনও হিন্টন ছিলেন নির্বিকার। বরং পরে নিজেই এই গল্প বলতেন মজা করে।

শুধু কি তাই, বন্ধুদের মতে হিন্টন ছিলেন রসিক মানুষ। এডিনবার্গ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্থানে একবার তিনি হাস্যকর ভুয়া বিজ্ঞপ্তি টাঙিয়ে দিয়েছিলেন। সেখানে অত্যন্ত গম্ভীর ভঙ্গিতে আজগুবি বৈজ্ঞানিক বিষয় নিয়ে লেখা ছিল। এতে পুরো বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রদের মধ্যে তৈরি হয়েছিল হইচই।

১৯৭০ থেকে ১৯৮৫ সাল পর্যন্ত কৃত্রিম বুদ্ধিমত্তার গবেষণার জগতটা ছিল একেবারেই নিরব। আর সেই কারণে এই সময়টিকে কৃত্রিম বুদ্ধিমত্তার শীতকাল বলে। এর পেছনে কারণও ছিল। গবেষণার জন্য চাই অর্থ। তখন কেউই এই খাতে গবেষণার জন্য অর্থ বরাদ্দ করেনি। কেউই মনে করতেন না যে মেশিনের মধ্যে বুদ্ধিমত্তা ঢুকানো সম্ভব। এছাড়া কম্পিউটার প্রযুক্তি তেমন সক্ষম হয়ে ওঠেনি। তবে এই শীতকালেও কিছু কিছু বিজ্ঞানী অল্পস্বল্প কাজ করেছেন। সেগুলো ছিল নিয়ম বা ব্যাকরণ ভিত্তিক বুদ্ধিমত্তা, অর্থাৎ এটি হলে ওটি করতে হবে, এ ধরনের নির্দেশনা ভিত্তিক লজিক। এছাড়া এই শীতল সময়ে ন্যাচারাল ল্যাঙ্গুয়েজ মডেল নিয়ে অল্প কিছু কাজ হয়েছে এবং পরিসংখ্যানের সম্ভাবনার মডেল নিয়ে গাণিতবিদ্যায় কিছু কাজ হয়েছে। পরে সেগুলো কৃত্রিম বুদ্ধিমত্তাতে প্রয়োগ করা হয়। মেশিন লার্নিংয়ের কিছু মূলভিত্তি যেমন ডিসিশন ট্রি, বেইসিয়ান ক্লাসিফিকেশন এবং প্যাটার্ন শনাক্তের কাজ হয়েছে এই সময়ে।

আমেরিকানরা রোনাল্ড রেগানের 'স্টার ওয়ারস প্রোগ্রাম' নিয়ে মহাকাশে আধিপত্য বিস্তারের চিন্তা করছে। অন্যদিকে কম্পিউটার ধীরে ধীরে ঢুকছে সাধারণ মানুষের জীবনে।

১৯৮৬ সাল। পৃথিবী তখন প্রবেশ করেছে এক নতুন যুগে। কোল্ড ওয়ার যুদ্ধ চলমান। যুক্তরাষ্ট্র আর সোভিয়েত ইউনিয়নের মধ্যে চলছে প্রযুক্তি ও শক্তির দম্ভ প্রতিযোগিতা। একদিকে আমেরিকানরা রোনাল্ড রেগানের 'স্টার ওয়ারস প্রোগ্রাম' নিয়ে মহাকাশে আধিপত্য বিস্তারের চিন্তা করছে। অন্যদিকে কম্পিউটার ধীরে ধীরে ঢুকছে সাধারণ মানুষের জীবনেঅফিসে, স্কুল এমনকি বাসাবাড়িতেও। প্রযুক্তির ভবিষ্যৎ নিয়ে তখন অনেক স্বপ্ন, আবার অনেক সংশয়ও। ওই বছরেই চেরনোবিল পারমাণবিক দুর্ঘটনা ঘটে সোভিয়েত ইউনিয়নে। বিশ্বজুড়ে আতঙ্ক ছড়িয়ে পড়ে। IBM নিয়ে আসে নতুন পার্সোনাল কম্পিউটার। সাধারণ মানুষের সঙ্গে প্রযুক্তির সংযোগ আরও সহজ হয়ে যায়।

তখন তিনজন গবেষক ডেভিড রুমেলহার্ট, জিওফ হিন্টন এবং রোনাল্ড উইলিয়ামস একসঙ্গে বিখ্যাত নেচার পত্রিকাতে প্রকাশ করেন একটি গবেষণাপত্র। নাম দেওয়া হয় 'Learning representations by back propagating errors'। এই গবেষণাপত্রে তাঁরা তুলে ধরেন একটা গাণিতিক পদ্ধতি। এর নাম দেন ব্যাকপ্রোপাগেশন অ্যালগরিদম। এটি ছিল এমন এক পদ্ধতি, যা নিউরাল নেটওয়ার্ককে শেখাতে পারে। ধরুন, আপনি একজন শিশুকে আপেল আর কমলার পার্থক্য শেখাচ্ছেন। প্রথমে সে ভুল করবে, তারপর আপনি ভুল ধরিয়ে দেবেন। এই প্রক্রিয়ায় তার শেখা হবে। ঠিক একইভাবে, ব্যাকপ্রোপাগেশন পদ্ধতি কম্পিউটারকে তার ভুল ধরিয়ে দেয়, যাতে সে ধীরে ধীরে শেখে কীভাবে সঠিকভাবে সিদ্ধান্ত নিতে হয়। এটি ছিল এক যুগান্তকারী আবিষ্কার। এর মাধ্যমে প্রথমবারের মতো কম্পিউটার নিজে নিজে শেখার ক্ষমতা অর্জন করতে শুরু করে। মজার ব্যাপার হচ্ছে, ১৯৮০-এর দশকে নিউরাল নেটওয়ার্ক ছিল অনেকটা অবহেলিত ক্ষেত্র। বিখ্যাত কম্পিউটার বিজ্ঞানী মার্ভিন মিনস্কি ১৯৬৯ সালে তাঁর পার্সেপশন বইয়ে নিউরাল নেটওয়ার্কের সীমাবদ্ধতা দেখিয়ে অনেককে নিরুৎসাহিত করে ফেলেছিলেন। ফলে হিন্টনের কাজের প্রতি প্রথমদিকে অনেকেই সন্দেহ প্রকাশ করেছিলেন। কিন্তু হিন্টন হাল ছাড়েননি। ১৯৮৬ সালে তিনি একটা গবেষণাপত্র প্রকাশ করেন। নামটা বাংলা করলে হয় 'নিউরাল নেটওয়ার্ক মরে যায়নি, বরং এখনই তার নবজন্ম।' ব্যাকপ্রোপাগেশন অ্যালগরিদমের বিস্তারিত ব্যাকপ্রোপাগেশন অ্যালগরিদমের স্তর ব্যাকপ্রোপাগেশনের পদ্ধতিটি সহজে বোঝার জন্য একটা কল্পনা করা যাক। কম্পিউটারের কৃত্রিম বুদ্ধিমত্তার মডেলটির একটি সুন্দর নাম দিই। ধরা যাক, ওটার নাম 'নিউরালু'। আমরা তাকে বললাম, 'তুমি এখন থেকে নিজে নিজেই সিদ্ধান্ত নিতে শেখো!' প্রথমে ফরওয়ার্ড প্রোপাগেশনে নিউরালুকে কিছু ইনপুট দেওয়া হলো। মনেকরি তা অ ও অ। এই ইনপুটগুলো তার মস্তিষ্কের প্রথম ধাপে গেল। এটাকে আমরা বলি হিডেন লেয়ার। সেখানে প্রতিটি ইনপুট ছোট ছোট গোল বলের মতো নিউরনের সঙ্গে যুক্ত হলো। তবে শুধু যুক্ত হলে হয় না, প্রতিটি সংযোগের সঙ্গে ওজন নামে একটি প্রভাবকের মান থাকে। সেটি নির্ধারণ করে দেয় এই ইনপুটটি কতটা গুরুত্বপূর্ণ। এভাবে তথ্য এক ধাপ থেকে আরেক ধাপে যেতে যেতে শেষ পর্যন্ত পৌঁছায় আউটপুটে। একে বলা হয় ফরওয়ার্ড প্রোপাগেশনে। অর্থাৎ ইনপুট থেকে শুরু করে ধাপে ধাপে সিগন্যাল বা তথ্য একেকটা লেয়ার পার হয়ে যাচ্ছে আউটপুট পর্যন্ত। এরপরে শুরু হলো প্রেডিকশন। এই পর্যায়ে মডেলটি একটা পূর্বানুমান করে। ধরি, আপনি একটা ছবি দেখিয়ে বললেন 'এটা কি বিড়াল?'। নিউরালু বলল, 'হ্যাঁ, এটা সম্ভবত বিড়াল!' কিন্তু যদি সেটা আসলে কুকুর হয়, তাহলে বুঝতেই পারছেন, সে একটা ভুল করেছে। এরপরের ধাপে হলো ভুল মাপা বা লস ফাংশন এবং লস স্কোর। এখন আপনি বললেন, 'না রে বোকা, এটা তো কুকুর ছিল!' এটা হিসাবে ছবিতে চিহ্নিত করা হয়েছে। তখন নিউরালু হিসেব করে সে কতটা ভুল করল। এটাকে বলা হয় ভুল পরিমাপ করা।

এরপর হলো ব্যাকপ্রোপাগেশন বা শেখার পালা। এবার সেই ভুলের তথ্য নিউরালুর মস্তিষ্কে আবার উল্টো পথে ফিরে যায়এই অংশকে বলে ব্যাকপ্রোপাগেশন। এই সময়ে একটি গুরুত্বপূর্ণ চরিত্র আসেঅপটিমাইজার। সে এসে নিউরালুর প্রতিটি ওজনের মানগুলোকে একটু একটু করে ঠিক করে দেয়, যেন নিউরালু ভবিষ্যতে কম ভুল করে।

ওপরের এই পুরো প্রক্রিয়াটি বারবার হয়তথ্য আসে, নিউরালু অনুমান করে, ভুল হলে সে শেখে। এভাবেই একটি কৃত্রিম বুদ্ধিমত্তার মডেল ধীরে ধীরে আরও বেশি বুদ্ধিমান হয়ে ওঠে। ভুলের পরিমাণা মেপে প্রতিবার নিউরালু আবার ছুটে যায় উল্টো দিকে। ভেতরের সব সংযোগগুলোতে এবং প্রতিটি ওজনকে সামান্য করে পরিবর্তন করে, যাতে নিউরালু ভবিষ্যতে কম ভুল করে। অনেকবার প্রক্রিয়াটি সমাপ্ত করে শেষে আর নিউরালু ভুল করে না এবং এটি দক্ষ হয়ে উঠে। হিন্টনের আবিষ্কার হলো এই ব্যাকপ্রোপাগেশন বা শেখার পদ্ধতিটিকে একটি গাণিতিক মডেলে নিয়ে প্রয়োগ করা।

জীবনে চলার পথে আমরা প্রায়ই ভুল করি। সেই ভুলের জন্য পরে আফসোসও করি। কিন্তু আমরা ভুলে যাই যে, এই ভুলের মাধ্যমেই আমাদের মস্তিষ্ক শেখে। হিন্টন যখন তার গবেষণা প্রকাশ করেন, তখন তিনি জানতেন না যে এই ছোট্ট অ্যালগরিদম একদিন গুগল, ফেসবুক, চ্যাটজিপিটি থেকে শুরু করে স্বয়ংক্রিয় গাড়িরও মস্তিষ্ক হয়ে উঠবে। হিন্টনের সেই গবেষণা পত্রটি আজও কৃত্রিম বুদ্ধিমত্তার ভিত্তি হিসেবে বিবেচিত হয়। এর ওপর দাঁড়িয়ে গড়ে উঠেছে আজকের কৃত্রিম বুদ্ধিমত্তার বিপ্লব। বহু বছর পর, হিন্টন নিজেই বলেছিলেন, 'তখন আমরা বুঝতেই পারিনি, এটা এমন কিছুর শুরু। এটা একদিন পৃথিবীকে বদলে দেবে।'

জীবনে চলার পথে আমরা প্রায়ই ভুল করি। সেই ভুলের জন্য পরে আফসোসও করি। কিন্তু আমরা ভুলে যাই যে, এই ভুলের মাধ্যমেই আমাদের মস্তিষ্ক শেখে। যত বেশি ভুল হবে, তত বেশি আমরা অন্য পথগুলো খুঁজে সফলতার কাঙ্ক্ষিত পথে যেতে পারি। এটিই আমাদের মৌলিক পদ্ধতি। কোটি কোটি বছর ধরে প্রাণিজগৎ একই কাজ করে আসছে। তাই ভুলকে অনাকাঙ্ক্ষিত নয় বরং শেখার একটি পন্থা হিসাবেই আমাদের গ্রহণ করতে হবে। আর এই পদ্ধতি গ্রহণ করেই কম্পিউটারকে প্রযুক্তিবিদরা শেখাতে পারছেন। শুধু নির্দেশনা দিয়ে নয়, ভুল থেকে শিখে কম্পিউটার তার সঠিক পদ্ধতিটি বের করে। আর এই মৌলিক আবিষ্কারের কাজটি করেন জিওফ হিন্টন। কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি উন্নয়নে তাঁর অবদানের জন্য ২০২৪ সালে হিন্টনকে পদার্থবিদ্যায় নোবেল পুরস্কার দেওয়া হয়।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



শনিবার আগরতলায় বিশ্ব ভেটেনারি দিবস ২০২৫ উপলক্ষ্যে এক র‍্যালি আয়োজিত হয়।

# পাকিস্তানের পক্ষালম্বনকারীদের নির্ঘাত কারাবাস, মিলবে ভালো দাওয়াই আর ট্রিটমেন্ট, শ্রীভূমিতে এসে হুঁশিয়ারি মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্বের

শ্রীভূমি (অসম), ২৬ এপ্রিল (হি.স.) : সোশাল মিডিয়ায় পাকিস্তানের পক্ষে কোনও মন্তব্য করলে সঙ্গে সঙ্গে কারাবাস, মিলবে ভালো দাওয়াই আর ট্রিটমেন্ট। শ্রীভূমিতে পঞ্চায়েত নির্বাচনী প্রচারে এসে এভাবেই সংশ্লিষ্টদের হুঁশিয়ার করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী ড. হিমন্তবিশ্ব শর্মা।

আজ শনিবার পঞ্চায়েত ভোটের প্রচারে শ্রীভূমি জেলান্তর্গত নিলামবাজারে আয়োজিত বিজেপির বিশাল সমাবেশে পহেলগামে নৃশংস হিন্দু নিধনযজ্ঞের প্রতিক্রিয়া ব্যক্ত করে পাকিস্তানপন্থীদের এভাবে হুঁশিয়ার করে রাজ্যের মুখ্যমন্ত্রী ড. হিমন্তবিশ্ব শর্মা বলেন, দেশের স্বার্থে হিন্দু মুসলিম বিভেদ ভুলে সবাইকে মিলেমিশে এখন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে সমর্থন করা দরকার। শ্রীভূমি জেলা বিজেপি সভাপতি সঞ্জীব বণিকের পৌরোহিত্যে আয়োজিত সমাবেশে বক্তব্য পেশ করতে গিয়ে মুখ্যমন্ত্রী ড. শর্মা কংগ্রেসের কঠোর সমালোচনা করে আসন্ন পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে আজ প্রকাশিত বিজেপির সংকল্প পত্রে রাজ্যের গ্রামাঞ্চলের উন্নয়নে প্রদত্ত প্রতিশ্রুতিগুলির বর্ণনা করেছেন। প্রদত্ত ভাষণে হিমন্তবিশ্ব শর্মা বলেন, আগামী ১০ মে তাঁর নেতৃত্বাধীন সরকারের চার বছর সম্পন্ন হতে চলেছে। বর্তমান সময়ে রাজ্যে যে শান্তি প্রতিষ্ঠা হয়েছে তা পূর্বতন সরকারের শাসনামলের সঙ্গে তুলনা হয় না। কংগ্রেস আমলে ছিল সুতা-কম্বলের রাজনীতি। আর এখন হচ্ছে উন্নয়নের রাজনীতি। আর এজন্যই এখন কংগ্রেসের প্রতীক চিহ্ন লুঙ্গি হওয়া দরকার। কংগ্রেসের আমলে রাজ্যে সাম্প্রদায়িক সংঘর্ষ সংগঠিত হতো। কোকরাঝাড়, গোয়ালপাড়া সহ একাধিক জেলায় মুসলিমদের হত্যা করা হয়েছিল। আজকের দিনে অসমে শান্তি বিরাজ করছে।

প্রতিশ্রুতির প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, ২৫ হাজার কোটি টাকা ব্যয়ে গুয়াহাটি থেকে বরাপানি, বরাপানি থেকে পাঁচগ্রাম, মাত্র চার ঘণ্টার রাস্তার জন্য কেন্দ্রীয় সরকার এক বিরাট প্রকল্প হাতে নিয়েছে। রামকৃষ্ণনগরের মেডিক্যাল কলেজ হাসপাতালের নির্মাণকাজ খুব শীঘ্রই সম্পন্ন হবে, হাইলাকান্দিতে গড়ে তোলা হবে নতুন মেডিক্যাল কলেজ হাসপাতাল। বরাক উপত্যকার তিন জেলায় হবে তিনটি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল। মুখ্যমন্ত্রী ড. শর্মা বলেন, তাছাড়া বর্তমান সরকারের আমলে প্রত্যেক বিধানসভা নির্বাচন কেন্দ্র এলাকায় ২২ হাজার অরুণোদয় প্রদান করা হলেও, আরও ৪০ হাজার করে অরুণোদয় প্রদান করা হবে। শ্রীভূমি জেলায় যাতে কোনও গরিব মানুষ বাদ না যান তার জন্য পাঁচ হাজার করে আরও চারটি বিধানসভা এলাকায় বাড়ানো হবে।

হিমন্তবিশ্ব শর্মা বলেন, আগামী জুন মাসে তিনি আবার শ্রীভূমি জেলা সফরে আসবেন। আত্মসহায়ক গোষ্ঠীভুক্ত মহিলাদের ১০ হাজার টাকা করে বরাদ্দকৃত চেক তিনি নিজের হাতে তুলে দেবেন এই জেলায় এসে।

কংগ্রেসকে ঠুকে মুখ্যমন্ত্রী বলেন, কংগ্রেসের আমলে রেশন কার্ডের কোনও ভ্যালু ছিল না। কিন্তু এখন রেশন কার্ড থেকে চাল, পাঁচ লক্ষ টাকার বিমার আওতায় আনা হয়েছে। তাছাড়া কলেজে ভরতি হতে শিক্ষার্থীদের কোনও পঞ্চায়েত সার্টিফিকেটের দরকার পড়বে না। রেশন কার্ড দেখালে বিনামূল্যে অ্যাডমিশন হয়ে যাবে। তিনি জানান, আগামী ১ অক্টোবর থেকে চাল, বাজার থেকে ৩০ টাকা কমে ডাল, নুন দেওয়া হবে। রান্নার গ্যাস সিলিন্ডারের দাম ৯৮৭, উজালা ৫৫০ টাকায়। এখন থেকে ৬০০ টাকা নরম্যাল, ২৫০ টাকায় উজালা গ্যাস। ১ অক্টোবর থেকে মাসোহারা বৃদ্ধি হচ্ছে টিউটর, অঙ্গনওয়াড়ি, আশাকর্মী সহ এমডিমএম কর্মীদের।

# বিজেপি জেলা সভাপতির বাড়িতে হামলা, গ্রেফতার দলেরই যুবনেতা

সোনারপুর, ২৬ এপ্রিল (হি.স.) : বিজেপির মন্ডল সভাপতির পদ না পেয়ে ক্ষুব্ধ হয়েই জেলা সভাপতির বাড়িতে হামলা চালিয়েছে অভিযুক্ত অরিশ্বর মাইতি ওরফে জিত। তার বাড়ি সোনারপুরের বৈকুণ্ঠপুর এলাকায়। ঘটনার পর সোনারপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেন জেলা সভাপতি। এরপরই পুলিশ তদন্তে নামে। এলাকার সিসিটিভি ফুটেজে দেখা যায় কয়েকজন সন্দেহভাজনকে। সেই সূত্র ধরেই তদন্ত এগিয়ে নিয়ে যায় পুলিশ এবং গ্রেফতার করা হয় জিতকে।

শনিবার তাকে বারুইপুর মহকুমা আদালতে পেশ করা হয়েছে। তবে ঘটনায় জড়িত আরও কয়েকজন পলাতক রয়েছে। তাদের খোঁজে তল্লাশি চালাচ্ছে পুলিশ। বিজেপি সূত্রে দাবি, রাজনৈতিক প্রতিহিংসা থেকেই এই হামলা। এ ঘটনায় রাজনীতির উত্তাপ ছড়িয়েছে স্থানীয় মহলে। পুলিশ জানিয়েছে, তদন্তের ভিত্তিতে আরও কিছু নাম উঠে এসেছে, খুব শীঘ্রই তাদেরও গ্রেফতার করা হবে।

উল্লেখ্য, ১৭ই এপ্রিল গভীর রাতে দক্ষিণ ২৪ পরগনার সোনারপুর থানার রাজপুর এলাকায় বিজেপির যাদবপুর সাংগঠনিক জেলার সভাপতি অধ্যাপক মনোরঞ্জন জোতদারের বাড়িতে হামলা চালায় একদল দুষ্কৃতি। ঘটনার সময় বাড়িতে ছিলেন মনোরঞ্জনবাবু, তাঁর স্ত্রী ও ছেলে। রাতের অন্ধকারে আচমকাই ৩-৪ জন বাড়ির দিকে পাথর ছুঁড়ে আক্রমণ চালায়। জানলার কাঁচ ভেঙে যায়, শোনা যায় জোরালো শব্দ। হঠাৎ ঘটে যাওয়া এই ঘটনায় ভীত ও আতঙ্কিত হয়ে পড়েন পরিবারের সদস্যরা। বিজেপির সভাপতি তখন এই বিষয়ে তৃণমূলের বিরুদ্ধে অভিযোগের আঙুল তুলেছিলেন। কিন্তু ঘটনার তদন্তে নেমে পুলিশ বিজেপির যুব নেতাকে গ্রেফতার করায় বিজেপির গোষ্ঠী কোন্দল প্রকাশ্যে এল এই ঘটনায়।রাজপুর সোনারপুর পুরসভার ১১ নম্বর ওয়ার্ডের পৌরপিতা তথা এলাকার তৃণমূল নেতা কৃষ্ণপদ মন্ডলের দাবি, তিনি আগেই এ বিষয়ে বিজেপির গোষ্ঠী কোন্দলের কথা বলেছিলেন, এই ঘটনায় তৃণমূলের কেউ জড়িত নয়। তাই প্রমানিত হল বলে দাবি করেন তিনি। এই বিষয়ে বিজেপি সভাপতির সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন পুলিশের কাছ থেকে জেনেছি কেউ একজন গ্রেফতার হয়েছে। তবে প্রকাশ্যে কিছু জানাতে চাননি।

## বাঁকুড়ায় এমপি কাপের উদ্বোধনে আসছেন সৌরভ গাঙ্গুলী

বাঁকুড়া, ২৬ এপ্রিল (হি .স .) : রবিবার বাঁকুড়ায় এমপি কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করতে আসছেন সৌরভ গাঙ্গুলী। মহারাজের আগমন নিয়ে শনিবার তৎপরতা তুঙ্গে।শহরের তামলীবাঁধ মাঠে আয়োজিত এই টুর্নামেন্টকে ঘিরে উন্মাদনায় ফুটছে শহর। আইপিএল ধাঁচে প্লেয়ার নিলামের মাধ্যমে টুর্নামেন্টের আয়োজন করা হয়েছে।

টুর্নামেন্ট সফল করতে জেলা প্রশাসন ও পুলিশ কর্তৃপক্ষ প্রস্তুতি নিয়েছে। বাঁকুড়া ডিএসএর সিএবি প্রতিনিধি আশিস চক্রবর্তী জানিয়েছেন, সৌরভের আগমনে প্রথমবার এত বড় আয়োজনে কোনও ত্রুটি রাখতে চান না। ফাইনাল ম্যাচ হবে ৩ মে, বিজয়ী দল পাবে এক লক্ষ টাকার নগদ পুরস্কার।

# অরুণাচলে ঝড়-শিলাবৃষ্টির তাণ্ডব, তছনছ ফসল, ব্যাপক ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি, পাহাড়ি নদীর জলে প্লাবিত নিম্নাঞ্চল, জারি সতর্কতা

ইটানগর, ২৬ এপ্রিল (হি.স.) : অরুণাচল প্রদেশের লোহিত জেলা জুড়ে প্রচণ্ড ঝড়, শিলাবৃষ্টির ফলে তছনছ হয়ে গেছে ফসল, ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে মানুষের ঘরবাড়ি এবং পরিকাঠামো। বহু রাস্তায় প্রকাণ্ড প্রকাণ্ড গাছপালা উপড়ে পড়ে বন্ধ হয়ে গেছে যাতায়াত। এমতাবস্থায় জেলা প্রশাসনের পক্ষ থেকে জনসাধারণের প্রতি জারি করা হয়েছে সতর্কতা। চলছে যুদ্ধকালীন তৎপরতায় ত্রাণ ও উদ্ধার অভিযান।

জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, আজ শনিবার ভোররাত থেকে দুপুর পর্যন্ত সংঘটিত মারাত্মক ধ্বংসযজ্ঞের কবলে পড়েছে জেলা সদরের পাশাপাশি তেজু শহরতলি সহ বেশ কয়েকটি এলাকা। যার ফলে জেলা প্রশাসন জরুরি ভিত্তিতে জনসাধারণের জন্য সতর্কতা জারি করেছে। ঝড়ঝঞ্ঝার ফলে বিদ্যুৎ ও জল সরবরাহের মতো জরুরি পরিষেবা সাময়িকভাবে ব্যাহত হয়েছে। পাহাড়ি নদীগুলির জলে প্লাবিত হয়ে গেছে নিম্নাঞ্চলের জনবসতি এলাকা। প্রাকৃতিক দুর্যোগপূর্ণ পরিস্থিতি স্থিতিশীল না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট এলাকাবাসীদের বাড়িঘরের ভেতরে থাকতে এবং অপ্রয়োজনীয় ভ্রমণ এড়াতে অনুরোধ করেছে জেলা প্রশাসন। এই পরিস্থিতিতে জেলার সব নাগরিককে ভীত না হয়ে, শান্ত থেকে, ধৈর্য্য ধরে সরকারি আধিকারিক-কর্মচারীদের সহায়তা করতে অনুরোধ জানিয়েছেন জেলা প্রশাসনের জনৈক পদস্থ আধিকারিক। তিনি জানান, প্রশাসনের পক্ষ থেকে সময় সময় আপডেট দেওয়া হবে।

তেজু-সুনপুরার বিধায়ক এবং স্বাস্থ্যমন্ত্রীর উপদেষ্টা ড. মহেশ চাই তেজু শহরের ক্ষতিগ্রস্ত এলাকাগুলির জরিপ করেছেন। ড. চাই আশ্বস্ত করেছেন, ক্ষতিগ্রস্তদের স্বাভাবিক জীবন পুনর্গঠনে যাবতীয় সহায়তা করবে রাজ্য সরকার। তিনি জানান, ক্ষতিগ্রস্ত জনগণের সহায়তায় এসডিআরএফ এবং সংশ্লিষ্ট বিভাগের আপৎকালীন দল স্বাভাবিক পরিস্থিতি ফিরিয়ে আনতে বেজায় কসরত করছে। পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে প্রশাসন, বলেন বিধায়ক তথা স্বাস্থ্যমন্ত্রীর উপদেষ্টা ড. মহেশ চাই।

## প্রতিরক্ষা অভিযানের সরাসরি সম্প্রচার থেকে বিরত থাকার পরামর্শ কেন্দ্রের

নয়াদিল্লি, ২৬ এপ্রিল (হি.স.): জাতীয় নিরাপত্তার স্বার্থে প্রতিরক্ষা অভিযান এবং নিরাপত্তা বাহিনীর গতিবিধির সরাসরি সম্প্রচার থেকে বিরত থাকার জন্য দেশের সমস্ত সংবাদমাধ্যম ও চ্যানেলগুলির উদ্দেশ্যে একটি নির্দেশিকা জারি করেছে তথ্য ও সম্প্রচার মন্ত্রক। পহেলগাম হানার পর ভারত ও পাকিস্তানের মধ্যে চলমান উত্তেজনার মধ্যেই এই নির্দেশিকা জারি করা হয়েছে।

ওই নির্দেশিকায় বলা হয়েছে, জাতীয় নিরাপত্তার স্বার্থে, সমস্ত মিডিয়া প্ল্যাটফর্ম, সংবাদ সংস্থা এবং সোশ্যাল মিডিয়া ব্যবহারকারীদের প্রতিরক্ষা এবং অন্যান্য নিরাপত্তা সম্পর্কিত কার্যক্রম সম্পর্কিত বিষয় প্রকাশ করার সময় সর্বোচ্চ দায়িত্ব পালন এবং বিদ্যমান আইন ও বিধি কঠোরভাবে মেনে চলার পরামর্শ দেওয়া হচ্ছে। আরও বলা হয়েছে, বিশেষ করে, প্রতিরক্ষা অভিযান বা সেনার গতিবিধি সম্পর্কিত "উৎস-ভিত্তিক" তথ্যের উপর ভিত্তি করে কোনও রিয়েল-টাইম কভারেজ, ভিজ্যুয়াল সম্প্রচার বা প্রতিবেদন করা উচিত নয়। সংবেদনশীল তথ্যের প্রকাশ অসাবধানতাবশত শত্রুপক্ষকে সহায়তা করতে পারে এবং অভিযানের কার্যকারিতা এবং সেনাবাহিনীর নিরাপত্তা বিপন্ন করতে পারে।

# মহিলা ত্রিদেশীয় সিরিজ: ওয়ানডে বিশ্বকাপের প্রস্তুতি শুরুর সাথে সাথে উদ্বোধনী ম্যাচে শ্রীলঙ্কার মুখোমুখি ভারত

মুম্বই, ২৬ এপ্রিল (হি.স.): রবিবার কলম্বোতে ত্রি-সিরিজের উদ্বোধনী ম্যাচে স্বাগতিক শ্রীলঙ্কার বিপক্ষে খেলতে নামছে হরমনপ্রীত কৌরের ভারতীয় মহিলা দল।

এই টুর্নামেন্টে দক্ষিণ আফ্রিকা তৃতীয় দল।

এই টুর্নামেন্টের মাধ্যমে ৫০ ওভারের বিশ্বকাপের জন্য উইমেন ইন ব্লু দলের প্রস্তুতি শুরু হবে, যা এই বছরের শেষের দিকে ভারতে অনুষ্ঠিত হবে।

এই টুর্নামেন্টে বোলিং ও ব্যাটিং বিভাগটি দেখে নিতে চাইবে ভারত। ভারতের প্রাক্তন অনূর্ধ-১৯ মহিলা টি-টোয়েন্টি বিশ্বকাপ জয়ী কাশভি, মহিলা প্রিমিয়ার লীগে গুজরাট জায়ান্টসের হয়ে এক অনন্য সাফল্য পেয়েছিলেন। তিনি ৯টি খেলায় ৬.৪৫ ইকোনমি রেটে ১১টি উইকেট নিয়েছিলেন। এবার তিনি এই সিরিজে সুযোগ পেয়েছেন।

তিতাস সাধু, রেণুকা সিং এবং পূজা ভাস্ত্রকর সকলেই ইনজুরিতে ভুগছেন, তাই পেস বোলিং অরুন্ধতী রেড্ডির উপর নির্ভরশীল, অলরাউন্ডার আমানজোত কৌরই একমাত্র মিডিয়াম পেসার। তবে প্রেমাদাসা স্টেডিয়ামে, যেখানে ধীরগতির বোলাররাই রাজত্ব করে। সিনিয়র অফ-স্পিনার দীপ্তি শর্মা এবং স্নেহ রানা এবং মুম্বাই ইন্ডিয়ান্সের বাম-হাতি স্পিনার শ্রী চারানি সিরিজে ভালো বল করবেন আশা করা যাচ্ছে। এমনকি কৌরও প্রয়োজনে তার দ্রুত অফ-ব্রেক বল করতে পারবেন।

শেফালি ভার্মা আবারও দলে নেই। ব্যাটিংয়ে রয়েছেন অধিনায়ক কৌর, তার ডেপুটি স্মৃতি মান্ধানা, পাওয়ার-হিটার রিচা ঘোষ, অ্যাঙ্কর জেমিমা রড্রিগস এবং হারলিন দেওল।

ওয়েস্ট ইন্ডিজ এবং আয়ারল্যান্ডের বিরুদ্ধে শেষ ছয়টি ওয়ানডে ম্যাচ জিতে ভারত ত্রি-দেশীয় সিরিজে খেলতে নামছে।

## ভালো ফলনে বাঁকুড়ায় বাড়ছে সূর্যমুখী চাষ

বাঁকুড়া, ২৬ এপ্রিল (হি .স.) : ভালো ফলন ও লাভের আশায় বাঁকুড়ার কৃষকরা সূর্যমুখী চাষে ঝুঁকছেন। শালতোড়া, খাতড়া, বড়জোড়া, মেজিয়া, পখন্না-সহ জেলার বিস্তীর্ণ অঞ্চলে এই তৈলবীজের চাষ বাড়ছে। কম খরচ ও কম পরিশ্রমে তুলনামূলক বেশি ফলন হওয়ায় কৃষকদের মধ্যে সূর্যমুখী চাষের জনপ্রিয়তা বেড়েছে।

জেলার কৃষি দফতর সূত্রে জানা গেছে, বাঁকুড়ার আবহাওয়া ও মাটি সূর্যমুখী চাষের উপযোগী। ডিএস-১ ও বারি সূর্যমুখী-২ জাতের চাষ সবচেয়ে বেশি হচ্ছে। শুশুনিয়া পাহাড় লাগোয়া কৃষকরা জানিয়েছেন, গত বছরের লাভ দেখে এবার তাঁরা বড় আকারে সূর্যমুখীর চাষ করেছেন।

# গ্রামকে স্বনির্ভর করতে মৎস্য চাষে উৎসাহ

বাসন্তী , ২৬ এপ্রিল (হি.স.) : সুন্দরবনের প্রত্যন্ত গ্রাম বাসন্তী ব্লকের উত্তর মোকামবেরিয়া গ্রাম পঞ্চায়েতের হালদার পাড়ার ১১০ পরিবারকে স্বনির্ভর করতে এগিয়ে এল কেন্দ্রীয় অন্তঃস্থলীয় মৎস্য গবেষণা সংস্থা ও স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া। বাসন্তীর কুলতলী মিলনতীর্থ সোসাইটির সহযোগিতায় সুন্দরবনের মহিলা মৎস্যজীবীদেরকে স্বনির্ভর করতে নতুন করে এই গ্রামকে চিহ্নিত করা হয়েছে। দারিদ্র সীমার নিচে বসবাসকারী এই ১০০ পরিবারকে চিহ্নিত করে তাঁদের হাতে এই দিন পরিবার পিছু ১০ কেজি মাছের পোনা, ১২০ কেজি করে মাছের খাবার তুলে দেওয়া হয়।

আগামী ৬ মাস ধরে এই পরিবারগুলিকে মাছ চাষের সমস্ত সাহায্য করা হবে কেন্দ্রীয় অন্তঃস্থলীয় মৎস্য গবেষণা কেন্দ্রের তরফ থেকে। গ্রামের এই পরিবারগুলির উন্নয়নের জন্য সমস্ত রকম সহযোগিতার আশ্বাস দিয়েছেন তাঁরা। শনিবার এই আদর্শ গ্রাম বিকাশ প্রকল্পের উদ্বোধন করেন কেন্দ্রীয় অন্তঃস্থলীয় গবেষণা কেন্দ্রের অধিকর্তা বসন্ত কুমার দাস, স্টেট ব্যাঙ্কের ডেপুটি জেনারেল ম্যানেজার বিবেকানন্দ সিং ও কুলতলি মিলনতীর্থ সোসাইটির সভাপতি লোকমান মোল্লা।

অধিকর্তা বসন্ত বলেন, কেন্দ্রীয় অন্তঃস্থলীয় মৎস্য গবেষণা কেন্দ্র বরাবরই মাছ চাষে উৎসাহ দেয়। এই মাছ চাষের মধ্য দিয়েই সুন্দরবনের এই দুঃস্থ পরিবারগুলিকে স্বনির্ভর করার উদ্যোগ নেওয়া হয়েছে। আমরা ওনাদের পাশে আছি। ছয়মাস বাদে এই পরিবারগুলির মাছচাষ পর্যালোচনা করে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। সভাপতি লোকমান বলেন, আগেও কয়েক হাজার মানুষ উপকৃত হয়েছে এই কেন্দ্রীয় সংস্থার সহযোগিতায়। সুন্দরবনবাসীর পাশে থাকার জন্য ওনাদের ধন্যবাদ।

## কাশ্মীরে হত্যালীলার প্রতিবাদে বাঁকুড়ায় শ্রমিকদের মিছিল ও ধিক্কার সভা

বাঁকুড়া, ২৬ এপ্রিল (হি .স.) : কাশ্মীরে সন্ত্রাসবাদীদের দ্বারা গণহত্যার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে বাঁকুড়ায় মিছিল ও ধিক্কার সভা করলেন কয়েকশো শ্রমিক। শনিবার রেলওয়ে গুডস সেড ও ডাম্পগুলিতে কাজ বন্ধ রেখে স্টেশন রোডে মিছিল করেন শ্রমিকরা।'সন্ত্রাসবাদীদের কঠোরতম শাস্তি দিতে হবে', 'সাম্প্রদায়িকতার বিরুদ্ধে সমস্ত মানুষ এক হও' এই শ্লোগানে মুখরিত হয় বাঁকুড়া স্টেশন এলাকা। সিআইটিইউ অনুমোদিত বাঁকুড়া জেলা মুটিয়া মজদুর ইউনিয়নের আহ্বানে আয়োজিত এই কর্মসূচিতে বক্তব্য রাখেন ইউনিয়নের সম্পাদক তপন দাস, সভাপতি প্রতীপ মুখার্জি, সিআইটিইউ নেতা উজ্জ্বল সরকার, ভৃগুরাম কর্মকার ও অশোক ব্যানার্জি।

# ক্রিকেটের ডার্বি জয় ইস্টবেঙ্গলের সামনে দ্বিমুকুট জয়ের হাতছানি

কলকাতা, ২৬ এপ্রিল (হি.স.) : ক্রিকেটের ডার্বিতে জয় পেল ইস্টবেঙ্গল। সিএবি লিগ চ্যাম্পিয়নশিপের সেমিফাইনালে মোহনবাগানকে ৭৭ রানে হারাল লাল-হলুদ বাহিনী। এই জয়ে ফাইনালে গেল ইস্টবেঙ্গল। চলতি মরশুমে পি সেন ট্রফি জিতেছিল ইস্টবেঙ্গল। তাই দ্বিমুকুট জয়ের হাতছানি এখন ইস্টবেঙ্গল-এর সামনে।

প্রথমে ব্যাট করে নির্ধারিত ১৩৩ ওভারে ৯ উইকেটে ৪০৯ রান করে ইস্টবেঙ্গল। সেঞ্চুরি করেন সন্দীপন দাস (১০৮*) এবং সাত্যকি দত্ত (১০৭)। মোহনবাগানের সৌরভ হালদার ১১৪ রানে ৫ উইকেট নেন।

বিকাশ সিং ও অনুরাগ তিওয়ারি নেন যথাক্রমে ২টি এবং ১টি উইকেট।

এই রানের উত্তর দিতে নেমে মোহনবাগানের ইনিংস ১১৮ ওভারে ৩৩২ রানে শেষ হয়ে যায়। উইকেটরক্ষক শুভঙ্কর বল(১৪৮)লড়াই করেও দলকে শেষ রক্ষা করতে পারেন নি। সৌরভ হালদার (৪৮), রঞ্জোত সিং খয়রা (৪৫), বিকাশ সিং (৩৭) ছাড়া আর কোনও সবুজ-মেরুন ব্যাটারই প্রতিরোধ গড়ে তুলতে পারেন নি।

ইস্টবেঙ্গলের হয়ে শ্রেয়ান চক্রবর্তী পান ৬৭ রানে ৪ উইকেট নেন। এছাড়া বিকাশ সিং ৯৮ রানে ২ উইকেট নেন। আর কণিষ্ক শেঠ ও সুরজ সিন্ধু জয়সওয়াল ১টি করে উইকেট নেন। ম্যাচের সেরা হয়েছেন সন্দীপন দাস।

## ক্যানিংয়ে খড়ের গাড়িতে আগুন

ক্যানিং , ২৬ এপ্রিল (হি.স.) : আচমকাই খড়ের গাড়িতে আগুন লেগে আতঙ্ক ছড়াল এলাকায়। শনিবার দুপুরে ঘটনাটি ঘটেছে ক্যানিংয়ের গোলাবাড়ি জেটিঘাট এলাকায়। গোলাবাড়ি থেকে খড় কিনে ভাঙড়ের বোদরা যাওয়ার পথে রাস্তার উপরের হাইটেনশান বিদ্যুতের তারের সংযোগে চলে আসে খড়।

তা থেকেই আগুন লেগে যায় গাড়িতে। স্থানীয়রা আগুন নেভানোর কাজে হাত লাগায়। খবর পেয়ে ক্যানিং থানার পুলিশ ও দমকলের একটি ইঞ্জিন ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণে আনে। গাড়িতে থাকা চালক সহ ৪ যাত্রী প্রাণে বাঁচেন। কিন্তু গাড়িটির অনেকখানি অংশই পুড়ে গিয়েছে।

# শেষ পর্যন্ত দে পরিবারের সেই নাবালকের ঠাঁই হলো হোমে

কলকাতা, ২৬ এপ্রিল (হি.স.): প্রায় ৯ সপ্তাহ টানাপড়েনের পর অস্থায়ী থাকার জায়গা বরাদ্দ হল দে পরিবারের সেই নাবালকের জন্য। সূত্রের খবর, চাইল্ড ওয়েলফেয়ার কমিটির (সিডব্লিউসি) পরামর্শে সেখানে তাকে রাখা হল।

প্রণয়, প্রসূণ দুই ভাই, তাদের বধূ রোমি ও সুদেষ্ণা, রোমির কন্যা এবং প্রণয়ের ১২ বছরের নাবালক-পুত্র। সুখের ওই সংসার তাসের ঘরের মতো ভেঙে পড়েছিল। ভয়ঙ্কর সেই ঘটনা ৯ সপ্তাহ আগেই ছিল প্রথম পৃষ্ঠার খবর।

কোটি কোটি টাকা দেনা, ভবিষ্যতের অনাগত আশঙ্কার কথা ভেবে ট্যাঙড়ার সম্পন্ন দে পরিবারের দুই ভাই এবং বধূরা নাকি সপরিবারে আত্মহননের সিদ্ধান্ত নিয়েছিল। কিন্তু ঠান্ডা মাথায় পরিকল্পনার পর বিষমেশানো পায়েসও কার্যকরী হলো না। অগত্যা হত্যা! নাবালককে নিয়ে উদভ্রান্ত দুই ভাই বেড়িয়ে পড়লেন গাড়ি নিয়ে। ১৮ ফেব্রুয়ারি শেষ রাতে অভিষিক্তা মোড়ের কাছে মেট্রোর ৭ নম্বর পিলারে সেটি ধাক্কা দেয়। ওই গাড়িতেই ছিল সেই নাবালক, তার বাবা ও কাকার সঙ্গে। আগের দিন সকালেই সে বড় ধাক্কা খায়। দেখে, তার কাকা প্রসূন তার হাতের শিরা কাটার চেষ্টা করছেন। যদিও বেঁচে যায়।

দুর্ঘটনার পর ক'দিন ওই নাবালক কাটায় নীলরতন সরকার মেডিক্যাল কলেজ হাসপাতালে। তার কথা কাগজে পড়লেও ৯ সপ্তাহেই ভুলে যায় প্রায় সবাই। কোথায় ওকে রাখা হবে, তা নিয়ে স্থির সিদ্ধান্তে আসা যাচ্ছে না। ঘনিষ্ঠ আত্মীয়রা নাকি ওর দায়িত্ব নিতে আগ্রহী নন। তদন্তকারীদের একাংশের বক্তব্য, ওই নাবালকের মানসিকভাবে কিছুটা থিতু হওয়া দরকার। উচ্চবিত্ত পরিবারের জীবনযাত্রায় অভ্যস্ত বালকটির ভবিষ্যৎ নিয়ে দেখা দিয়েছে বড় প্রশ্ন। শেষ পর্যন্ত সিডব্লিউসি-র তরফে কালিকাপুরের একটি হোমে তাকে রাখার ব্যবস্থা করা হয়। অবশেষে শনিবার বিকেলে এনআরএস হাসপাতালের নার্স, স্বাস্থ্যকর্মী, নিরাপত্তারক্ষীদের বিদায় জানিয়ে বেরিয়ে গেল ট্যাংরা পরিবারের নাবালক।



শনিবার আগরতলা রেল স্টেশন থেকে এক টাউট সহ চার বাংলাদেশি যুবককে আটক করে রেল পুলিশ।

# হরেকরকম

হরেকরকম হরেকরকম

## প্রতিদিন ১টি কলা খাওয়া শরীরের জন্য ভালো

তার মধ্যে কলা অন্যতম। কলা যেসব স্বাস্থ্য সমস্যার সমাধানের কাজে আসে তার মধ্যে উচ্চ রক্তচাপ একটি। এটি এমন একটি স্বাস্থ্য সমস্যা যা নিঃশব্দে দীর্ঘমেয়াদী ক্ষতি করে। এটি কোনো সতর্কতা দেয় না। যখন সমস্যা টের পাবেন, ততদিনে হয়তো অনেকটা ক্ষতি হয়ে গেছে। অতীতে উচ্চ রক্তচাপের রোগীদের একেকসময় একেকটি খাবার খাওয়ার ও এড়িয়ে চলার পরামর্শ দিতেন চিকিৎসকগণ; ফলে তৈরি হতো বিভ্রান্তি। তবে সেই পরিস্থিতি এখন অনেক বদলে গেছে। উচ্চ রক্তচাপের সঙ্গে খাবারের সম্পর্ক নিয়ে নানান গবেষণা হয়েছে। অতঃপর ডাক্তাররা এখন উচ্চ রক্তচাপের রোগীদের প্রতিদিন অন্তত একটি কলা খাওয়ার পরামর্শ দিচ্ছেন। আমেরিকান জার্নাল অফ ফিজিওলজি-রেনাল ফিজিওলজিতে প্রকাশিত একটি নতুন গবেষণায় দেখা গেছে, উচ্চমাত্রায় সোডিয়াম গ্রহণের পরও পটাশিয়াম সমৃদ্ধ খাবার রক্তচাপ কমাতে সাহায্য করে। এই গবেষণা চিকিৎসকদের দৃষ্টি আকর্ষণ করেছে কলার দিকে, কারণ কলা পটাশিয়ামের একটি উৎকৃষ্ট উৎস। সেই সঙ্গে এটি একটি সাশ্রয়ী মূল্যের ফল এবং সহজলভ্য। যে ৫টি কারণে



প্রতিদিন ১টি কলা খাবেন শুধু উচ্চরক্তচাপ নয়, আরও অনেক গুণ আছে কলার। জেনে নিন এর ৫টি উপকার-

১. কলা পটাশিয়ামে ভরপুর একটি মাঝারি আকারের কলায় প্রায় ৪০০-৪৫০ মিলিগ্রাম পটাশিয়াম থাকে, যা দৈনিক চাহিদার ১০ শতাংশ পূরণ করে। পটাশিয়াম শরীরে সোডিয়ামের (লবণ) নেতিবাচক প্রভাব কমায়। অতিরিক্ত লবণ রক্তের আয়তন বাড়িয়ে রক্তচাপ বাড়ায়, কিন্তু পটাশিয়াম কিডনির মাধ্যমে অতিরিক্ত সোডিয়াম বের করে দেয়। তাই সকালের নাশতায় কলার সঙ্গে এক গ্লাস পানি ও এক মুঠো বাদাম যোগ করুন। ২. হৃদয়ের জন্য উপকারী সলিউবল ফাইবার

কলায় রয়েছে সলিউবল ফাইবার, যা খারাপ কোলেস্টেরল (এলডিএল) কমায় এবং ধমনীতে প্লাক জমা হওয়াকে রোধ করে। ধমনীতে প্লাক জমা হওয়া মানে হলো — চর্বি, কোলেস্টেরল এবং ক্যালসিয়াম জাতীয় বস্তু ধমনীর ভেতরের দেয়ালে লেগে থাকা বা জমা হওয়া। এটি সময়ের সঙ্গে বেড়ে রক্ত প্রবাহকে বাধাগ্রস্ত করে। কলার সলিউবল ফাইবার রক্তে শর্করার মাত্রা স্থিতিশীল রাখে, যা ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপের রোগীদের জন্য গুরুত্বপূর্ণ। ডায়াবেটিসের রোগীরা তাই সকালের ওটমিলে কলা কেটে যোগ করতে পারেন। ৩. ম্যাগনেসিয়ামের প্রাকৃতিক উৎস কলায় থাকা ম্যাগনেসিয়াম রক্তনালীগুলোকে শিথিল করে এবং রক্তচাপ কমায়। এটি হৃদস্পন্দন ও স্নায়ুক্রিয়া নিয়ন্ত্রণে সাহায্য করে। অনেক উচ্চ রক্তচাপের রোগী অজান্তেই ম্যাগনেসিয়ামের ঘাটতিতে ভোগেন। তাই শরীরে সঠিক পুষ্টি সরবরাহ করতে প্রতিদিন একটি করে কলা ও কলার সঙ্গে শাকসবজি, বীজ ও গোটা শস্য খান।

৪. পানি ধারণক্ষমতা ও ফোলাভাব কমায় উচ্চ রক্তচাপের রোগীদের প্রায়ই পায়ে বা গোড়ালিতে ফোলাভাব দেখা দেয়। কলার পটাশিয়াম অতিরিক্ত সোডিয়াম বের করে দিয়ে এই সমস্যা কমায়। এটি প্রাকৃতিক মূত্রবর্ধক হিসেবে কাজ করে এবং কিডনিকে অতিরিক্ত পানি বের করে দিতে সাহায্য করে। ৫. স্বাস্থ্যকর প্রাকৃতিক শর্করা কলায় প্রাকৃতিক শর্করা থাকলেও এতে ফাইবার, পটাশিয়াম ও অ্যান্টিঅক্সিডেন্ট রয়েছে, যা ধীরে হজম হয়। তাই শরীরে শক্তি জোগালেও কলা আপনার গ্লুকোজ স্পাইক নিয়ন্ত্রণে সাহায্য করে। তবে কম পাকা বা সামান্য সবুজ কলা বেছে নিন, কারণ এতে শর্করা কম এবং রেজিস্ট্যান্ট স্টার্চ বেশি। ডাক্তাররা কলার সুপারিশ শুধু লোকজ্ঞান দিয়ে নয়, বরং বিজ্ঞানের ভিত্তিতেই দিচ্ছেন। পটাশিয়াম, ম্যাগনেসিয়াম, ফাইবার --- প্রতিটি উপাদান হৃদয় ও রক্তনালীর স্বাস্থ্য রক্ষায় কাজ করে। ওষুধ ও ব্যয়বহুল স্বাস্থ্য ট্রেন্ডের যুগে, কলা একটি সহজ, সাশ্রয়ী ও পুষ্টিকর সমাধান।

## ওজন কমাতে খাবারে রাখুন পুষ্টিগুণে ভরা মিষ্টি আলু


চিকিৎসক থেকে পুষ্টিবিদ, সকলেরই পছন্দের খাতায় নাম লিখিয়েছে মিষ্টি আলু। যদিও নাম শুনলে অনেকেই নাক সিঁটকিয়ে ওঠেন। কিন্তু রকমারি মশলার সংমিশ্রণে রান্না করলে সুস্বাদু পদ হিসেবে খেতে পারবেন। মিষ্টি আলুর উপকারিতা শুনলে এটি আপনার বাজারের তালিকায় নতুন সংযোজন হতে বাধ্য। এনিয়ে বিস্তারিত জানিয়েছেন আইসল্যান্ডের পুষ্টিবিদ আদ্দা ব্যারনাদোত্তির।

প্রথমেই পুষ্টিবিদ ব্যাখ্যা করলেন মিষ্টি আলুর পুষ্টিগুণ। ১০০ গ্রাম কাঁচা মিষ্টি আলুর মধ্যে মধ্যে কী কী থাকে?

ক্যালোরি: ৮৬, জল: ৭৭ শতাংশ, প্রোটিন: ১.৬ গ্রাম, কার্বোহাইড্রেট: ২০.১ গ্রাম, চিনি: ৪.২ গ্রাম, ফাইবার: ৩ গ্রাম, চর্বি (ফ্যাট): ০.১ গ্রাম।

রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি থেকে শুরু করে হজমক্রিয়া উন্নত করা, সব কিছুতেই উল্লেখযোগ্য অবদান রয়েছে এই সবজির। নামে 'আলু' থাকলেও পুষ্টিগুনের দিক থেকে সাধারণ আলুর সঙ্গে এর তেমন মিল নেই।

চোখের স্বাস্থ্যের উন্নতি: ভিটামিন এ-এর মতো পুষ্টি উপাদান পাওয়া যায় মিষ্টি আলুতে, যা চোখের স্বাস্থ্যের উন্নতিতে খুব কার্যকর। এ ছাড়াও রোগ প্রতিরোধ ক্ষমতা



বাড়ে এই সবজি খেলে। ভিটামিন এ ছাড়াও ভিটামিন সি-র উপস্থিতি কোলাজেন উৎপাদন এবং ত্বকের সুস্বাস্থ্য বজায় রাখার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। বিটা-ক্যারোটিন এমন এক অ্যান্টিঅক্সিড্যান্ট, যেটিকে শরীর ভিটামিন এ-তে পরিণত করে। মিষ্টি আলুতে প্রচুর পরিমাণে পাওয়া যায় এই উপাদানটি। এটি দৃষ্টিশক্তি ভাল রাখতে সাহায্য করে।

রোগ প্রতিরোধ ক্ষমতাবৃদ্ধি: শরীরের মধ্যে থাকা অ্যান্টিঅক্সিড্যান্টগুলি কোষের যে কোনও ক্ষতির বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা গড়ে তুলতে পারে। চিকিৎসকের সঙ্গে কথা বলে ডায়েটে মিষ্টি আলু রাখুন, তাতে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়তে পারে। ঋতু পরিবর্তনের সময় যখন শরীরে ঘন ঘন রোগ বাসা বাঁধে, তখন মিষ্টি আলুই মুশকিল আসান।

হজমপ্রক্রিয়ার উন্নতি: ঘন ঘন অ্যান্টাসিড না খেয়ে মিষ্টি আলুতে ভরসা রাখুন। হজমের সমস্যা মোকাবিলা করার প্রাকৃতিক উপায়। মিষ্টি আলু ডায়েটারি ফাইবারের একটি গুরুত্বপূর্ণ উৎস। ডায়েটারি ফাইবার হজমের স্বাস্থ্য বজায় রাখতে সাহায্য করে, কোষ্ঠকাঠিন্যের সমস্যা দূর করে। মিষ্টি আলু সিদ্ধ বা মিষ্টি আলু ভাজা হালকা, পুষ্টিকর খাবারের মধ্যেই পড়ে। ওজন নিয়ন্ত্রণ: ওজন নিয়ন্ত্রণে রাখা, মেদ ঝরানো, রোগা হওয়া নিয়ে দুশ্চিন্তায় ভোগেন? খাওয়া দাওয়া ছেড়ে জিমে গিয়ে ঘাম ঝরানোর চেয়ে মিষ্টি আলুর উপর ভরসা রাখতে পারেন। এতে প্রচুর পরিমাণে ফাইবার যেমন রয়েছে, তেমনই এটিতে ক্যালোরির পরিমাণ বেশ কম। মিষ্টি আলু খেয়ে অনেক ক্ষণ পেট ভরিয়ে রাখতে পারেন আপনি। ফলে অতিরিক্ত খাওয়া থেকে বিরত থাকতে পারবেন। যার ফলে ওজন নিয়ন্ত্রণে থাকে। ধনেপাতা, জিরে এবং গোলমরিচের মতো কিছু ভেষজ এবং মশলায় মিশিয়ে মিষ্টি আলু খেতে পারেন। স্বাস্থ্যকর ও সুস্বাদু।

## আপনার কণ্ঠ, আপনার শক্তি

মানুষের আত্মপ্রকাশের অন্যতম শক্তিশালী মাধ্যম হলো কণ্ঠস্বর। এটি কেবল শব্দের মাধ্যম নয়-বরং যোগাযোগ, আবেগ, চিন্তা, সৃজনশীলতা এবং সমাজে নিজের অবস্থান তুলে ধরার এক অনন্য উপায়। গান, বক্তৃতা, পাঠদান, অভিনয় কিংবা দৈনন্দিন আলাপ-সবক্ষেত্রেই কণ্ঠস্বর আমাদের ব্যাক্তিত্বের প্রমাণ দেয়। এই গুরুত্বপূর্ণ উপাদানটির সুরক্ষায় সচেতনতা তৈরি করতে প্রতি বছর ১৬ এপ্রিল বিশ্বজুড়ে পালিত হয় বিশ্ব কণ্ঠস্বর দিবস। ইতিহাস থেকে জানা যায়, ১৯৯৯ সালে ব্রাজিলে 'জাতীয় কণ্ঠস্বর দিবস' হিসেবে শুরু হয় এই দিবসটির। ব্রাজিলের ল্যারিঙ্গোলজি ও ভয়েস বিশেষজ্ঞদের যৌথ উদ্যোগে এটি চালু হয় ডঃ নেদিও স্টেফেনের নেতৃত্বে। পরবর্তীতে আর্জেন্টিনা, পর্তুগালসহ বিভিন্ন দেশে ছড়িয়ে পড়ে এই উদ্যোগ। ২০০২ সালে American Academy of Head and Neck Surgery আন্তর্জাতিকভাবে



দিবসটি স্বীকৃতি দেয় এবং 'World Voice Day' হিসেবে পরিচিতি লাভ করে। ২০২৫ সালের বিশ্ব কণ্ঠস্বর দিবসের মূল প্রতিপাদ্য- 'আপনার কণ্ঠস্বরকে শক্তিশালী করুন'- যার লক্ষ্য হলো মানুষকে তাদের কণ্ঠস্বরের প্রতি যত্নবান করে তোলা। বিশেষজ্ঞ, স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথলজিস্ট, হেড-নেক সার্জনসহ বিভিন্ন পেশাদার এই দিনে একত্র হয়ে কণ্ঠস্বর স্বাস্থ্য বিষয়ে সচেতনতা ছড়িয়ে দেন। বিশ্বে প্রায় ৭ শতাংশ মানুষ কণ্ঠস্বর-সংক্রান্ত সমস্যায় ভোগেন। এসব সমস্যা হালকা কণ্ঠ পরিবর্তন থেকে শুরু করে স্থায়ীভাবে কথা বলতে অক্ষম হওয়া পর্যন্ত হতে পারে। গলা বসে যাওয়া, কর্কশতা, ব্যথা, স্বর পরিবর্তন, কণ্ঠ ক্লান্তি ইত্যাদি লক্ষণগুলিকে অবহেলা করলে দীর্ঘমেয়াদী ক্ষতি হতে সুস্থ

ও শক্তিশালী কণ্ঠস্বর ধরে রাখতে কিছু সচেতন অভ্যাস মেনে চলা উচিত:

* উচ্চ স্বরে বা ফিসফিস করে কথা বলা থেকে বিরত থাকুন।

* ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার এড়িয়ে চলুন।

* ধূলাবালি ও ধোঁয়াপূর্ণ পরিবেশ থেকে নিজেকে রক্ষা করুন। * মদ্যপান পরিহার করুন। * অতিরিক্ত ঠান্ডা বা গরম খাবার-পানীয় পরিহার করুন। * তৈলাক্ত, ভাজাপোড়া এবং অতিরিক্ত ঝাল খাবার এড়িয়ে চলুন। * পর্যাপ্ত পানি পান করুন (দৈনিক অন্তত ৮-১০ গ্লাস)।

* ঘুমানোর কমপক্ষে ২ ঘণ্টা আগে রাতের খাবার শেষ করুন। * হাসিখুশি থাকুন এবং মানসিক চাপ কমান। * পরিমিত আহার ও নিয়মিত ব্যায়াম করুন। * কোলাহলপূর্ণ পরিবেশে কথা বলা এড়িয়ে চলুন।

শিক্ষকগণ ক্লাসে লাউড-স্পিকার ব্যবহার করুন। মাস্ক পরুন, বিশেষত দূষণ বা সংক্রমণ প্রবণ জায়গায়।

কণ্ঠস্বরের সমস্যা দেখা দিলে সময়মতো ENT বিশেষজ্ঞ, স্পিচ ল্যাঙ্গুয়েজ থেরাপিস্ট বা মনোবিজ্ঞানীর শরণাপন্ন হওয়া জরুরি। অ্যালার্জি, ওERD বা থাইরয়েড সমস্যার পর কণ্ঠের মানে পরিবর্তন ঘটলে দ্রুত ব্যবস্থা নেওয়া উচিত।

কণ্ঠস্বর শুধু শব্দ নয়, এটি আমাদের আত্মার প্রকাশ। প্রতিটি স্ট্রের মধ্যে লুকিয়ে আছে ভাব, ভাষা ও বলার শক্তি। আসুন, বিশ্ব কণ্ঠস্বর দিবসে আমরা অঙ্গীকার করি-নিজের কণ্ঠের যত্ন নেব, কারণ 'আপনার কণ্ঠ, আপনার শক্তি'

## চোখের পাতা লাফায় কেন ?

নারী-পুরুষ উভয়েরই অমূল্য সম্পদ তাদের দুটি চোখ। এই চোখ দিয়েই আমরা দেখি রঙিন এই দুনিয়ার নানা দৃশ্য। কিন্তু কখনও কি ভেবে দেখেছেন এই মূল্যবান চোখ হঠাৎই অজানা কারণে কেঁপে ওঠে। হঠাৎ চোখ কেঁপে ওঠা বা লাফিয়ে ওঠাকে খারাপ কোনো অঘটনের সঙ্গে তুলনা করে থাকেন অনেকেই। তবে এর যৌক্তিকতা কতটুকু তা কি জানেন?

চিকিৎসাশাস্ত্রে, এই সমস্যাটির নাম 'মাইয়োকিমিয়া'। দিনে দুবার এই সমস্যাটির সম্মুখীন হলে তা স্বাভাবিক মনে করছেন বিশেষজ্ঞরা। তবে মাত্রাতিরিক্ত বা বিরক্তির কারণ হয়ে দাঁড়ালে তা অবশ্যই চিন্তার বিষয়।

চোখের পাতা লাফানোর কারণ

চিকিৎসকরা বলছেন, ৬টি মারাত্মক স্বাস্থ্য সমস্যার কারণে চোখের পাতা কেঁপে বা লাফিয়ে উঠতে পারে। মানসিক চাপ বা দুশ্চিন্তা, ক্লান্তিবোধ, অতিরিক্ত ক্যাফেইন ও অ্যালকোহল সেবনে চোখ কাঁপা সমস্যায় ভুগতে পারেন আপনি। বাতাসের ধুলাবালু, ময়লা, রাসায়নিক পদার্থ প্রভৃতির সংস্পর্শে আসার কারণে চোখ লাফাতে পারে। চোখে ভাইরাস সংক্রমণ হলেও কারও কারও চোখ লাফায়। আপনি চাইলেই এর সমাধান করে এ সমস্যা থেকে মুক্তি পেতে পারেন।

চোখের পাতা লাফালে করণীয়

* চোখের ওপর অতিরিক্ত চাপ পড়লে কমানোর ব্যবস্থা করুন। মুঠোফোন, টেলিভিশন এবং অন্যান্য ডিজিটাল পর্দায় সময় কম ব্যয় করুন। কম আলোতে চোখের কাজ করবেন না। মানসিক চাপ কমাতে চেষ্টা করুন। চা-কফির পরিমাণও কমিয়ে দিন। দূষিত বাতাসের কারণে সমস্যা হচ্ছে বলে মনে হলে রোদচশমা ব্যবহার করতে পারেন।

* গুরুতর দৃষ্টিগত সমস্যা, পুষ্টির ভারসাম্যহীনতা এবং অ্যালার্জির সমস্যা। এর যে কোনো একটি কারণে চোখ কাঁপা সমস্যায় ভুগলে একজন দক্ষ চিকিৎসকের শরণাপন্ন



হওয়া উচিত। * কেননা, দৃষ্টিগত সমস্যায় মানুষের চোখের জ্যোতি কমে আসতে শুরু করে। এমন পরিস্থিতিতে যদি রোগী প্রয়োজনীয় চিকিৎসা নিতে শুরু না করে তবে রোগীর চোখের জ্যোতি আরও কমে যাওয়ার আশঙ্কা রয়েছে।

* চোখের পাতা লাফালে প্রাথমিকভাবে বাড়িয়ে দিন খাবার পানির পরিমাণ। নিশ্চিত করুন ৮ ঘণ্টার গভীর ঘুমের। ম্যাগনেশিয়াম ও ভিটামিনের ঘাটতি ও চোখের স্বাস্থ্য ভালো রাখতে খেতে পারেন ডাব, দুধ, ডিম, বাদাম ও মৌসুমি ফলমূল। তা ছাড়া আপনার জেনে রাখা ভালো, পুষ্টির ভারসাম্যের অভাবে চোখ কাঁপা শুরু করলে চিকিৎসকরা ধরে নেন শরীরে ম্যাগনেশিয়ামের ঘাটতি রয়েছে। যে কারণে সঠিক ডায়েট প্ল্যান আর ওষুধ এখানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাই এমন সমস্যার সম্মুখীন হলে দেরি না করে প্রাথমিকভাবে ডায়েট লিস্টে চোখের স্বাস্থ্য ভালো রাখে এমন খাবার গ্রহণ শুরু করুন। এতে কাজ না হলে চিকিৎসকের প্রয়োজনীয় চিকিৎসা নিয়ে বিপদমুক্ত থাকুন।

## কিভাবে বানাবেন কাঁচা আমের শরবত



আম-কাঁঠালের মৌসুম চলেই এলো। এ সময় কাঁচা আম খাওয়ার হিড়িক পড়ে যায় চারিদিকে। টক-মিষ্টি কাঁচা আম লবণ-মরিচ দিয়ে মাখিয়ে খান অনেকে। অনেকে আবার টক আমের আচার দেন। এসবের সঙ্গে আছে কাঁচা আমের শরবত।

হয়তো ভাবনায় পড়ে গেছেন কাঁচা আম দিয়ে শরবত হবে কীভাবে? হ্যা, কাঁচা আম দিয়ে তৈরি করতে পারেন মজার টক ঝাল মিষ্টি শরবত।

তবে এটি ঐতিহ্যবাহী আম পান্না থেকে কিছুটা আলাদা, সেই সঙ্গে বানানো আরও সহজ। আম পান্না বানানোর সময় না পেলেও সংক্ষেপে বানিয়ে ফেলুন এই শরবত যা আপনাকে ব্যস্ততার মধ্যেও দ্রুত কাঁচা আমের স্বাদ এনে দেবে। সঙ্গে কাঁচা আমের পুষ্টিগুণ তো আছেই। উপকরণ মাঝারি আকারের কাঁচা আম ৩ টি বিট লবন স্বাদ অনুযায়ী কাঁচা মরিচ ২টি চিনি স্বাদ অনুযায়ী

জল ১ কাপ

বরফ টুকরো

প্রস্তুত প্রণালী প্রথমে ব্লেন্ডারের জুসার জগটি ভালো করে ধুয়ে নিন। কাঁচা আমগুলোর খোসা ছাড়িয়ে ছোট ছোট টুকরো করে নিন। তারপর জুসার জগে পরিমাণমতো লবণ, মরিচ, চিনি, কেটে রাখা আম ও এক কাপ পানিসহ মিহি করে ব্লেন্ড করে ফেলুন। পরিবেশনের স্বার্থে মিশ্রণটি ছেঁকে নিতে পারেন। এরপর শরবত গ্লাসে ঢেলে ওপরে বরফকুচি দিয়ে পরিবেশন করুন। সৌন্দর্য ও ফ্লেভারের জন্য সবশেষে বরফের ওপরে দুটি পুদিনা পাতা দিতে পারেন। ঠান্ডা এবং সুস্বাদু এই জুস আপনার নিজের খেতে যেমন ভালো লাগবে তেমনই আপনার বাসার অতিথিদেরও পরিবেশন করতে পারবেন।

## বেশিরভাগ জিন্স কেন নীল ?



নীল জিন্স, আধুনিক ফ্যাশনের অন্যতম অংশ। জিন্সের প্রভাবশালী রঙ হিসেবে নীলের প্রচলন কাকতালীয় নয়। এর পিছনে ঐতিহাসিক, সাংস্কৃতিক এবং মনস্তাত্ত্বিক কারণ রয়েছে। যা বছরের পর বছর ধরে উৎপাদন হচ্ছে। ভোক্তাদের পছন্দের তালিকাতেও রয়েছে।

ঐতিহাসিক শিকড়

উনিশ শতকের দিকে ডেনিম ফেব্রিক বাজারে আসে। তখন এগুলো স্থায়িত্ব এবং দৃঢ়তার জন্য বেশ সুনাম অর্জন করেছিল। জিন্স প্রথম ওয়ার্কওয়্যার পোশাক তৈরিতে ব্যবহৃত হয়েছিল। সেই সময় উদ্ভিদ থেকে তৈরি নীল রঙটি সবচেয়ে টেকসই রঙ ছিল। ডেনিম ফ্যাব্রিকের সাথে রঙটি ভালভাবে লেগে থাকত। ধুলেও এই রঙ কাপড় থেকে মুছে যেত না। এই স্থায়ীত্বের জন্যই নীল জিনস জনপ্রিয়তা লাভ করে।

সাংস্কৃতিক তাৎপর্য জিন্স প্রথমে ওয়ার্কওয়্যারের জন্য তৈরি হলেও, এক সময় তা ফ্যাশনে রূপান্তরিত হয়। এর পিছনে নীল রঙের একটি গভীর সম্পর্ক রয়েছে। বিংশ শতাব্দীর মাঝামাঝি সময়ে, নীল জিন্স মার্কিন যুক্তরাষ্ট্রে বিদ্রোহ এবং যুব সংস্কৃতির প্রতীক হয়ে ওঠে। জেমস ডিন অভিনীত 'রেবেল উইদাউট এ কজ' সিনেমাতে ডেনিমের সাথে বিদ্রোহী চিত্র ফুটিয়ে তোলা হয়। যার কারণে এটি জনপ্রিয়তা পায়। ধারণা করা হয় যে, নীল জিন্স তারুণ্যের স্বাধীনতার প্রতিনিধিত্ব করে। এই সাংস্কৃতিক পরিবর্তনটি নীল রঙের জিন্সকে আরও দৃঢ় করেছিল।

এটি কঠোরতার প্রতীক ছিল। এর পাশাপাশি, ঐতিহ্যগত রীতিনীতি থেকে বিরতিরও প্রতীক হয়ে ওঠে। মনস্তাত্ত্বিক প্রভাব নীল রঙ মানুষের মনে প্রভাব ফেলে। নীল রঙ প্রশান্তি, বিশ্বাস এবং নির্ভরযোগ্যতার সাথে যুক্ত। এই রঙটি স্থিতিশীলতার অনুভূতি জাগিয়ে তোলে। তাই নীল জিন্স মানুষের দৈনন্দিন পোশাকের একটি অঙ্গ হয়ে দাঁড়িয়েছে। নীল রঙ অজান্তেই মানুষের মনে সুরক্ষা এবং স্বাচ্ছন্দ্যের অনুভূতি জাগিয়ে তোলে। এ জন্য, এর প্রতি বেশিরভাগ মানুষ আকৃষ্ট হয়। নিরপেক্ষ রঙ হিসেবে অন্যান্য রঙের তুলনায় নীলের বহুমুখীতা রয়েছে। যার ফলে জিন্সের জনপ্রিয়তায় নীল রঙ অবদান রাখে। শিল্প ও উৎপাদন সুবিধা উৎপাদনের দৃষ্টিকোণ থেকে, নীল জিন্সের কিছু সুবিধা রয়েছে। প্রত্যেকটি নীল জিন্সকে একটি অনন্য চেহারা দেওয়া হয়। এই ব্যাপারটি ডেনিম পরিধানকারীদের স্বতন্ত্রতা প্রকাশের সুযোগ দেয়। এ ছাড়াও, নীল জিন্স ছোটখাটো অসম্পূর্ণতাগুলো লুকাতে পারে। হালকা রঙের জিন্সের ত্রুটিগুলো চোখে পড়ে। যেখানে নীল জিন্সের ত্রুটি এক ধরনের ফ্যাশন ওঠে। কিংবা বোঝাই যায় না। তাই উৎপাদনকারীদের জন্য এটি একটি সুবিধা হয়ে দাঁড়ায়। গ্লোবালাইজেশন এবং ব্র্যান্ডিং বিশ্বব্যাপী ফ্যাশন শিল্পে নীল জিন্সের আধিপত্য আরও স্পষ্ট হয়ে ওঠেছে। লিভাইস এবং র‍্যাঙ্গলারের মত ব্র্যান্ডগুলো সর্বজনীন প্রতীক হিসেবে নীল জিন্স প্রতিষ্ঠা করেছিল। ধীরে ধীরে, এই জিন্স আধুনিক বিশ্বে ফ্যাশনের প্রতীক হয়ে ওঠেছে। নীল জিন্সের স্থায়ীত্বই আসলে এর জনপ্রিয়তায় অবদান রেখেছে। শৈলী, স্বতন্ত্রতা এবং স্বাচ্ছন্দ্যর ক্ষেত্রে এটি একটি কালজয়ী পোশাক হয়ে দাঁড়িয়েছে। যা প্রত্যেক প্রজন্মকে মুগ্ধ করেছে।

# অসমে ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচন : গ্রামাঞ্চলের বাপক রূপান্তরের প্রতিশ্রুতি সংবলিত ইসতাহার প্রকাশ প্রদেশ বিজেপির

## প্রকাশিত থিম সঙ এবং তথ্যচিত্র

গুয়াহাটি, ২৬ এপ্রিল (হি.স.) : অসমে আগামী ২ এবং ৭ মে দুই দফায় অনুষ্ঠেয় ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে গ্রামাঞ্চলের ব্যাপক রূপান্তরের প্রতিশ্রুতি দিয়ে ১৫ দফা সংবলিত ইসতাহার 'সংকল্প পত্র' প্রকাশ করেছে প্রদেশ বিজেপি। একই অনুষ্ঠানে প্রকাশ করা হয়েছে থিম সঙ এবং তথ্যচিত্র।

আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের পরিপ্রেক্ষিতে ব্যাপক প্রচারাভিযান চলছে গোটা রাজ্যে। জোরদার প্রচারাভিযানের মধ্যে আজ শনিবার অসম প্রদেশ বিজেপি তাদের নির্বাচনী ইসতাহার 'সংকল্প পত্র' প্রকাশ করেছে। প্রকাশিত 'সংকল্প পত্র'-এ সামগ্রিক গ্রামীণ উন্নয়নের ওপর দৃষ্টি নিবদ্ধ করে ১৫টি প্রধান সংকল্প উপস্থাপন করা হয়েছে।আজ শনিবার বশিষ্ঠ এলাকায় অবস্থিত দলের প্রদেশ সদর দফতর অটলবিহারী বাজপেয়ী ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে সাংসদ তথা দলের প্রদেশ সভাপতি দিলীপ শইকিয়া, অসমে দলের প্রভারী হরিশ দ্বিবেদী, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরের মন্ত্রী রঞ্জিতকুমার দাস, মন্ত্রী জয়ন্তমল্ল বরুয়া, মন্ত্রী পীযূষ হাজরিকা, মন্ত্রী কৌশিক রাই, সাংসদ রঞ্জিত দত্ত, সাংসদ কামাখ্যা প্রসাদ তাসা, সাংসদ বিজুলি কলিতা মেধি, বিজেপির প্রদেশ উপ-সভাপতি তপনকুমার গগৈদের সঙ্গে নিয়ে সম্মিলিতভাবে ইসতাহার তথা 'সংকল্প পত্র' প্রকাশ করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী ড. হিমন্তবিশ্ব শর্মা। অনুষ্ঠানে ছিলেন দলের বিভিন্ন পদমর্যাদার পদাধিকারী এবং কার্যকর্তাগণ ছাড়াও ছিলেন প্রাক্তন সাংসদ পল্লবলোচন দাস, অসম গৌরব সম্মান প্রাপক বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং আমন্ত্রিত অতিথিগণ।প্রকাশিত 'সংকল্প পত্র'-এ অসমের গ্রামীণ অর্থনীতি এবং শাসনব্যবস্থার জন্য একটি নতুন পথ তৈরি করার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। মহাত্মা গান্ধী, আচার্য বিনোবা ভাবে, পণ্ডিত দীনদয়াল উপাধ্যায়, অটলবিহারী বাজপেয়ী এবং নরেন্দ্র মোদীর মতো জাতীয় নেতাদের দর্শনের ওপর ভিত্তি করে তৈরি বিজেপির 'সংকল্প পত্র'-এ অসমের গ্রামগুলিতে গ্রাম স্বরাজ ও অন্ত্যোদয়ের আদর্শ বাস্তবায়নের অঙ্গীকার করা হয়েছে।

৫৫ বছরের শাসনামলে গ্রামাঞ্চলে স্বশাসন বাস্তবায়নে ব্যর্থতার জন্য কংগ্রেসের তীব্র সমালোচনা করে দলের সংকল্প পত্রে কেন্দ্রীভূত দুর্নীতিকে উৎসাহিত করার অভিযোগ আনা হয়েছে। বিপরীতে বিকেন্দ্রীভূত প্রবৃদ্ধি এবং ক্ষমতায়নের অনুঘটক হিসেবে চিহ্নিত করেছে বিজেপি।

২০১৪ সাল থেকে এনডিএ সরকারের সাফল্যের খতিয়ান তুলে ধরে সংকল্প পত্রে দ্রুত গ্রামীণ অগ্রগতির ওপর জোর দেওয়া হয়েছে। বিশেষ করে লুক-ইস্ট এবং অ্যাক্ট-ইস্ট নীতির মাধ্যমে আঞ্চলিক ও জাতীয় কাঠামোর সাথে অসমকে একীকরণের অঙ্গীকার করা হয়েছে। এছাড়া উগ্রপন্থী গোষ্ঠীগুলির সাথে শান্তি চুক্তির ওপর আলোকপাত করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের নেতৃত্বে বৃহত্তর স্থিতিশীলতা এবং ব্যাপক উন্নয়নের পথ প্রশস্ত করেছে বলে দাবি করা হয়েছে 'সংকল্প পত্র '-এ। এছাড়া আজ প্রকাশিত 'সংকল্প পত্র '-এ বিজেপি নেতৃত্বাধীন রাজ্য সরকারকে কৃতিত্ব দিয়ে বলা হয়েছে, ২০১৬ সালে মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়ালের নেতৃত্বে প্রথম গঠিত রাজ্য সরকার অসমে 'নতুন ভোর'এর সূচনা করেছে। পাশাপাশি যুব-উদ্যোক্তাদের ক্ষমতায়নের লক্ষ্যে অরুণোদয় প্রকল্প, মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযান, মহিলা স্বনির্ভর গোষ্ঠীর জন্য সহায়তা এবং মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর অসম অভিযানের মতো রূপান্তরমূলক উদ্যোগের রূপরেখা তুলে ধরা হয়েছে ইসতাহারে।

কুশল কোঁওর বৃদ্ধ পেনশন স্কিম, অটল অমৃত অভিযান, আয়ুষ্মান ভারত যোজনা, জল জীবন মিশন, প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি এবং প্রধানমন্ত্রী গ্রামীণ আবাস যোজনা সহ মূল সামাজিক কল্যাণমূলক প্রকল্পগুলিও অন্তিম ব্যক্তির সমৃদ্ধি চালিত সাফল্য হিসেবে বর্ণনা করা হয়েছে 'সংকল্প পত্র '-এ।

মোদ্দা কথায় এক দূরদর্শী দৃষ্টিভঙ্গি নিয়ে অসম প্রদেশ বিজেপি চলতি ২০২৫ সালের আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের ইসতাহার তথা 'সংকল্প পত্র'কে রাজ্যের গ্রামীণ কেন্দ্রস্থলকে টেকসই উন্নয়নের মডেলে রূপান্তরিত করার প্রতিশ্রুতির ধারাবাহিকতা হিসেবে উপস্থাপন করা হয়েছে।



শনিবার আগরতলায় ফিসারি গ্রেজ্যুয়েট এম্পলিইজ এসোর ৫ম কনফারেন্সের উদ্বোধন করেন মন্ত্রী শুধাংশু দাস।

## গ্যাসের গোডাউনে চুরি, আটক ১

ক্যানিং, ২৬ এপ্রিল (হি.স.) : ক্যানিং রেলগেট সংলগ্ন এলাকার একটি গ্যাসের গোডাউনে চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়ায় এলাকায়। বৃহস্পতিবার রাতে চুরির ঘটনা ঘটে। রাতের অন্ধকারে গোডাউনের দুটো তালা ভেঙে ২৫ টি গ্যাস ভর্তি সিলিন্ডার চুরি যায়। এই ঘটনার পর শনিবার দুপুরে ক্যানিং থানায় অভিযোগ দায়ের করেন গ্যাস গোডাউনের মালিক গোবিন্দ সাফুঁই। অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্তে নেমে ক্যানিং থানার পুলিশ একজন সন্দেহভাজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে।

## পাকিস্তানে আটক ভারতীয় জওয়ান সুস্থ ও নিরাপদ আছেন, জানালেন কল্যাণ

কলকাতা, ২৬ এপ্রিল (হি.স.): পাকিস্তানি রেঞ্জার্সের হাতে বন্দি রিষড়ার বাসিন্দা বিএসএফের পূর্ণম কুমার সাউ। ঘরের ছেলে কবে ঘরে ফিরবে, হলফ করে বলতে পারছে না কেউই। উদ্বেগ ক্রমশ বাড়ছে। শনিবার বিএসএফের ডিজির সঙ্গে কথা বলেন হুগলির শ্রীরামপুরের তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়।

পাঞ্জাবের ফিরোজপুর সেক্টরের কাছে পাকিস্তানে আটক হওয়া ভারতীয় জওয়ান পূর্ণম কুমার সাউ সুস্থ ও নিরাপদ আছেন বলে এদিন জানান কল্যাণবাবু।

ডিজি তাঁকে জানান, পূর্ণম সুস্থ রয়েছেন। তাঁকে দেশে ফেরাতে সব ধরনের চেষ্টা করা হচ্ছে।

পরে ফেসবুকে এই খবর জানান কল্যাণ। তৃণমূল সাংসদ লিখেছেন, 'পূর্ণমকে দেশে ফেরাতে সরকার সব ধরনের চেষ্টা করছে। ডিজি বলেছেন, পূর্ণম সুস্থ ও নিরাপদে আছেন। পাকিস্তান কিছুটা সময় নিচ্ছে, তবে শেষ পর্যন্ত তাকে ফিরিয়ে দেবে বলে আশা করা হচ্ছে।'

মঙ্গলবার কাশ্মীরের পহেলগামে পর্যটকদের নৃশংসভাবে হত্যা করে জঙ্গিরা।

এর পরই জঙ্গি নিধনে কড়া পদক্ষেপ করে ভারত। সীমান্তে তল্লাশি অভিযান শুরু হয়। এরই মধ্যে বুধবার ভুল করে পাঞ্জাবের আন্তর্জাতিক সীমান্ত টপকে যান বিএসএফের ১৮২ নং ব্যাটেলিয়নের সদস্য কনস্টেবল পিকে সাউ।

তিনি একটি খামারের কাছে ডিউটি দিচ্ছিলেন।

রুটিন ভিজিটের সময় সীমান্ত পেরিয়ে পাকিস্তানের ভূখণ্ডে প্রবেশ করেন। অজান্তে এমন কাজ করে ফেললেও সঙ্গে সঙ্গে তাঁকে ধরে ফেলে পাকিস্তান রেঞ্জার্স অর্থাৎ পাকিস্তান সেনার সদস্যরা। সেনা সূত্রে জানা গেছে, সিং ইউনিফর্মে ছিলেন, হাতে ছিল সার্ভিস রাইফেল। তিনি ছিলেন কয়েকজন কৃষকের সঙ্গে, বিশ্রামের জন্য ছায়া খুঁজতে গিয়ে এই ঘটনা হয়।

## তৃণমূলের আইটি সেলও একটি গান বাধল জগন্নাথ মন্দির নিয়ে

কলকাতা, ২৬ এপ্রিল (হি.স.): মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মতো জগন্নাথ মন্দির নিয়ে তৃণমূলের আইটি সেলও একটি গান তৈরি করেছে। আইটি সেলের রাজ্য সভাপতি দেবাংশু ভট্টাচার্য্যর ভাবনায় সেই গানের কথা লিখেছেন অভিযান ভট্টাচার্য্য।

'জগন্নাথের নাম নিয়ে চল দিঘা ধাম' গানটি গেয়েছেন শিল্পী সৌম্যজিৎ পাল। গানটি সামাজিক মাধ্যমে পোস্ট করেছে দলের আইটি সেল।

দিঘার জগন্নাথ মন্দিরে সমস্ত আচার পালিত হচ্ছে পুরীর মন্দিরের অন্যতম পুরোহিত রাজেশ দৈতাপতির তত্বাবধানে। গত বুধবার থেকে দিঘায় শুরু হয়েছে ধর্মীয় কর্মকাণ্ড। ওইদিন বাস্তুপুজো দিয়ে শুরু হয় আচার পালন। বৃহস্পতিবার থেকে যজ্ঞ চলছে। ওইদিন কলস পুজোও হয়েছে। তাতে শামিল হন এলাকার বহু মহিলা। শুক্রবার হয় সিংহাসন পুজো। এর পর কয়েকদিন চলবে নানা আচার অনুষ্ঠান।

## হিমাচলের মাণ্ডিতে খাদে পড়ল গাড়ি, মর্মান্তিক মৃত্যু ৫ জনের

মাণ্ডি, ২৬ এপ্রিল (হি.স.): হিমাচল প্রদেশের মাণ্ডি জেলায় দুর্ঘটনার কবলে পড়ল একটি গাড়ি। শনিবার মাণ্ডি জেলার পান্ডোহ বাঁধের কাছে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় আট মাস বয়সী একটি শিশু-সহ পাঁচজনের মৃত্যু হয়েছে। বাখলি সড়কে তাদের গাড়িটি রাস্তা থেকে নেমে গিয়ে গভীর খাদে পড়ে যায়।

গাড়ির পাঁচজন আরোহীই ঘটনাস্থলেই মারা যান। নিহতদের মধ্যে রয়েছেন দুনি চাঁদ (৩৫), তার স্ত্রী কান্তা দেবী (৩০), তাদের আট মাস বয়সী মেয়ে কিঞ্জল, সবাই তারাউর গ্রামের বাসিন্দা। এছাড়াও মারা গিয়েছেন মাণ্ডি জেলার নৌন গ্রামের বাসিন্দা দয়ালু রাম এবং নেপালের বাসিন্দা মীনা কুমারী।

## আহমেদাবাদ ও সুরাটে বৃহৎ অভিযান পুলিশের, ৮৯০ বাংলাদেশি পাকড়াও

আহমেদাবাদ, ২৬ এপ্রিল (হি.স.): অবৈধ বাংলাদেশি অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে বৃহৎ অভিযান চালানো হল গুজরাটের আহমেদাবাদ ও সুরাটে। ডিজিপি বিকাশ সহায় শনিবার জানিয়েছেন, আহমেদাবাদ ও সুরাটে বড়সড় তল্লাশি অভিযানে ৮৯০ জনেরও বেশি অনুপ্রবেশকারীকে আটক করা হয়েছে। দু''টি এফআইআর-এর ফলে ১২৭ জন বাংলাদেশিকে গ্রেফতার করা হয়েছে, ৭০ জনকে বিতাড়ন করা হচ্ছে। ভুয়ো ভারতীয় নাগরিকত্বের নথি পাওয়া গিয়েছে এবং বিতাড়ন প্রক্রিয়া অব্যাহত রয়েছে। আহমেদাবাদ ক্রাইম ব্রাঞ্চ শনিবার অবৈধ বাংলাদেশিদের বিরুদ্ধে একটি বড়সড় তল্লাশি অভিযান শুরু করে। শনিবার ভোররাত তিনটে থেকে অভিযান শুরু হয়। সকাল পর্যন্ত পুলিশ ৪০০ সন্দেহভাজন বাংলাদেশিকে আটক করে। জম্মু ও কাশ্মীরের পহেলগামে সন্ত্রাসী হামলার পর, সুরাট পুলিশও শুক্রবার গভীর রাতে তল্লাশি অভিযান শুরু করে, শহরের বিভিন্ন এলাকা থেকে বহু অবৈধ বাংলাদেশি নাগরিককে আটক করা হয়। তারা ভুয়ো কাগজপত্র নিয়ে বসবাস করছিল এবং বিভিন্ন ক্ষেত্রে কাজ করছিল। তদন্ত চলছে। সুরাট জেসিপি ক্রাইম রাঘবেন্দ্র ভাটস বলেছেন, গত রাতে যারা ধরা

## ভারতে সংখ্যাগুরুরা কখনই সংখ্যালঘুদের অনিষ্ট করেনি : গিরিরাজ সিং

কলকাতা, ২৬ এপ্রিল (হি.স.): ভারতে সংখ্যাগরিষ্ঠরা কখনই কোনও সংখ্যালঘুর অনিষ্ট করেনি। দাবি করে বললেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা গিরিরাজ সিং। শনিবার কলকাতায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেছেন, 'আমরা "বাঁচো এবং বাঁচতে দাও"-এ বিশ্বাস করি। ভারতে সংখ্যাগরিষ্ঠরা কখনওই কোনও সংখ্যালঘুর অনিষ্ট করেনি। কিন্তু বাংলাদেশে, হিন্দুদের জীবন দুর্বিষহ করে তুলেছে।'

কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং আরও বলেছেন, 'যেমন বুনবেন, তেমনই কাটবেন। সন্ত্রাসবাদের বিরুদ্ধে জিরো টলারেন্স, এটি ভারত সরকারের নীতি, মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন রাজ্য সরকারের নয়, যারা নির্লজ্জভাবে দাবি করে, তার শাসনকালে কেউ রোহিঙ্গা অথবা বাংলাদেশিদের তাড়িয়ে দিতে পারবে না।'

জুট বেলার্স অ্যাসোসিয়েশন, জুট হাউসে নবনির্মিত জেবিএ হলের উদ্বোধন করে কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং বলেছেন, 'পশ্চিমবঙ্গ সরকার ৪০ লক্ষ পাট চাষী এবং ৩ থেকে ৭ লক্ষ শ্রমিককে কোনও সহায়তা দিচ্ছে না। তারা কোনও ভারতীয় সংস্থার কাছ থেকেও সাহায্য পাচ্ছে না। (পশ্চিমবঙ্গ) সরকার কেবল নিজস্ব ভোট ব্যাঙ্ক নিয়ে চিন্তিত এবং বাংলাকে বাংলাদেশে পরিণত করার দিকে বেশি মনোযোগী বলে মনে হচ্ছে। মুর্শিদাবাদ এর একটি উদাহরণ।'

## ভূমিধসগ্রস্ত পরিস্থিতি খতিয়ে দেখতে রামবানে ওমর আবদুল্লাহ

রামবান, ২৬ এপ্রিল (হি.স.): ভূমিধসে ক্ষতিগ্রস্ত রামবানের পরিস্থিতি খতিয়ে দেখতে শনিবার সেখানে গেলেন জম্মু ও কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা। তিনি বলেন, আমি এখানে এসেছি রামবানের মানুষকে আশ্বস্ত করতে। পহেলগামের ঘটনার পাশাপাশি আমরা রামবান নিয়েও উদ্বিগ্ন। আমি রামবানে পৌঁছে পরিস্থিতি খতিয়ে দেখেছি। ৪৪ নম্বর জাতীয় সড়কের একদিক যান চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে।

উল্লেখ্য, গত ২০ এপ্রিল প্রবল বৃষ্টির জেরে রামবানের বেশ কয়েকটি স্থানে ভূমিধসের ঘটনা ঘটে,ভুস্খলনে যানবাহন ও সম্পত্তির ক্ষতি হয়েছে ব্যাপক। নানা স্থানে মাটির নীচে চাপা পড়ে যায় গাড়ি। আকস্মিক বন্যায় বহু বাড়ি ও একটি মন্দির ক্ষতিগ্রস্ত হয়েছে। সম্পত্তির বিশাল ক্ষতি হয়েছে।

## "হিন্দুদের ওপর আক্রমণ করে হিন্দু শুন্য করার চেষ্টা", কটাক্ষ দিলীপের

কলকাতা, ২৬ এপ্রিল (হি.স.): "হিন্দুশুন্য করে পাকিস্তানের সঙ্গে মিশিয়ে দেওয়ার চেষ্টা আগেও হয়েছে। মুর্শিদাবাদেও একই হয়েছে। হিন্দুদের ওপর আক্রমণ করে হিন্দু শুন্য করার চেষ্টা চলছে।' শনিবার সাংবাদিকদের প্রশ্নের উত্তরে এ কথা বলেন বিজেপি নেতা দিলীপ ঘোষ।

মুর্শিদাবাদে গোষ্ঠী সংঘর্ষে অশান্তির ঘটনা ঘটেছিল। এ প্রসঙ্গে বলতে গিয়ে কাশ্মীরে নিরীহ পর্যটকদের হত্যার প্রসঙ্গও টেনে আনেন দিলীপবাবু।

## প্রেমঘটিত বিবাদের জেরে যুবককে হত্যার অভিযোগ

পূর্ব চম্পারণ, ২৬ এপ্রিল (হি.স.) : বিহারের পূর্ব চম্পারণ জেলার রঘুনাথপুরে প্রেমঘটিত বিবাদের জেরে যুবককে খুন করার অভিযোগ।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে , এক মন্দিরের কাছে ছুরি মেরে হত্যা করা হয় মুস্তফা আনসারিকে ( ২৪)। পুলিশ জানিয়েছে, অভিযুক্ত সুধীর সাহনির স্ত্রীর সঙ্গে মুস্তফার সম্পর্ক ছিল। এই কারণেই হত্যাকাণ্ড। এই ঘটনায় এক সন্দেহভাজনকে আটক করা হয়েছে, তবে পলাতক মূল অভিযুক্ত।

## দিল্লি-মুম্বই এক্সপ্রেসওয়েতে ভয়াবহ দুর্ঘটনা, মৃত্যু ৬ জনের

নুহ, ২৬ এপ্রিল (হি.স.): হরিয়ানার নুহ-তে দিল্লি-মুম্বই এক্সপ্রেসওয়ের ওপর ভয়াবহ এক দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৬ জনের। শনিবার দুর্ঘটনাটি ঘটেছে দিল্লি-মুম্বই এক্সপ্রেসওয়ের ওপর ইব্রাহিম বাস গ্রামের কাছে। পুলিশ জানিয়েছে, শনিবার সকালে নুহ জেলার ফিরোজপুর ঝিরকা থানার অন্তর্গত দিল্লি-মুম্বই এক্সপ্রেসওয়ের ইব্রাহিম বাস গ্রামের কাছে একটি দ্রুতগামী পিকআপ গাড়ির ধাক্কায় স্বচ্ছতার কাজে নিয়োজিত ৬ জন শ্রমিক মারা গিয়েছে, এছাড়াও আরও পাঁচজন গুরুতর আহত হয়েছেন। সকাল ১০টা নাগাদ দুর্ঘটনাটি ঘটেছে, সেই সময় ১১ জন সাফাই কর্মী এক্সপ্রেসওয়ে পরিষ্কার করছিলেন, তখনই দুর্ঘটনাটি ঘটে। আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে, তাঁদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক।

## চাকরিহারাদের মুস্কিল আসানে রাজ্যকেই উদ্যোগী হতে হবে, দিলীপের নিদান

কলকাতা, ২৬ এপ্রিল (হি.স.): এসএসসি-র কর্মহীনদের সমস্যার পাকাপাকি সমাধানে রাজ্য সরকারকেই উদ্যোগী হতে হবে বলে মনে করেন বিজেপি নেতা দিলীপ ঘোষ।

শনিবার দিলীপবাবু প্রশ্নের উত্তরে সাংবাদিকদের বলেন, 'বিষয়টি আর শিক্ষামন্ত্রীর হাতে নেই। এবার সার্বিকভাবে রাজ্য সরকারকে আন্তরিক হতে হবে।

## কলকাতায় রোজগার মেলার আয়োজন, চাকরির নিয়োগপত্র তুলে দিলেন সুকান্ত

কলকাতা, ২৬ এপ্রিল (হি.স.): কলকাতায় আয়োজিত হল রোজগার মেলা। শনিবার কলকাতার জাতীয় গ্রন্থাগারে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার নবনিযুক্তদের হাতে চাকরির নিয়োগপত্র তুলে দেন। কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এদিন ১৫-তম 'রোজগার মেলা'র অধীনে যুবক-যুবতীদের হাতে চাকরির নিয়োগপত্র তুলে দিয়েছেন।

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে ৫১,০০০-এরও বেশি নিয়োগপত্র বিতরণের জন্য এদিন ভারতের ৪৭টি স্থানে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। ভার্চুয়ালি অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

## মুখোমুখি সংঘর্ষে দুটি বাইকে আগুন, মৃত ২ আহত আরও ৪

হলদওয়ানি , ২৬ এপ্রিল (হি.স.) : উত্তরাখণ্ডের হলদওয়ানিতে এক মর্মান্তিক পথ দুর্ঘটনা ঘটে। ঘটনাটি ঘটেছে শুক্রবার রাতে কালাডুঙ্গিতে। পুলিশ সূত্রে জানা গিয়েছে , দুটি বাইকের মুখোমুখি সংঘর্ষে আগুন ধরে যায় বাইকে। ঘটনাস্থলেই পুড়ে মৃত্যু হয় দুই বাইক আরোহীর। আহত আরও ৪ জন। তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুর্ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## দিঘার জগন্নাথ মন্দির উদ্বোধন, হাওড়া ও পাঁশকুড়া থেকে দু'টি লোকাল ট্রেন

কলকাতা, ২৬ এপ্রিল (হি.স.): দিঘার জগন্নাথ মন্দির উদ্বোধনকে কেন্দ্র করে বহু পুণ্যার্থী ভিড় জমাবেন। ভিড় এড়াতে দক্ষিণ পূর্ব রেল দিঘা পর্যন্ত দু'টি লোকাল ট্রেন চালাবে। শনিবার রেলের এক আধিকারিক সংবাদমাধ্যমে জানান, আগামী ৪ মে পর্যন্ত চলবে ট্রেন দু'টি। যার একটি হাওড়া-দিঘা এবং অন্যটি পাঁশকুড়া-দিঘার মধ্যে চলবে। পর্যটকদের যাতায়াতের সুবিধায় রেলকে বিশেষ ট্রেন দিতে আবেদন করেছিল রাজ্য।

এছাড়া হাওড়া থেকে দিঘার অন্য যে দু'টি ট্রেন কাণ্ডারি ও তাম্রলিপ্ত এক্সপ্রেস রয়েছে তা যথারীতি চলবে।

রেল সূত্রে খবর, ট্রেন দু'টি ইএমইউ হওয়ায় তা সব স্টেশনেই থামবে। প্রতিটি স্টেশন থেকেই যাত্রীরা চড়তে পারবেন।

এমনকী দিঘা ছাড়া অন্য স্টেশনেও নামতে পারবেন তাঁরা। ভাড়া সাধারণ লোকাল ট্রেনের মতোই। আসন সংরক্ষণেরও প্রয়োজন হবে না বলেই রেলের তরফে জানানো হয়েছে।

## প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে এক নতুন ভারত গড়ে উঠছে : শিবরাজ চৌহান

ভোপাল, ২৬ এপ্রিল (হি.স.): মধ্যপ্রদেশের ভোপালে শনিবার আয়োজিত হল রোজগার মেলা। চাকরি প্রার্থীদের হাতে নিয়োগপত্র তুলে দেন কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিং চৌহান। এই রোজগার মেলায় শিবরাজ সিং চৌহান বলেছেন, 'প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে একটি নতুন ভারত গড়ে উঠছে। ২০৪৭ সালের মধ্যে সম্পূর্ণ বিকশিত ভারত গড়ে উঠবে। প্রধানমন্ত্রী মোদীর উল্লেখ করা চারটি স্তম্ভের (নারী, দরিদ্র, কৃষক এবং যুবক) মধ্যে একটি যুবক - সেই যুবকদের কর্মসংস্থান প্রয়োজন... তাই, প্রধানমন্ত্রী একটি কর্মসংস্থান অভিযানপরিচালনা করেছেন এবং ১০ লক্ষেরও বেশি সরকারি পদে কর্মসংস্থানের সুযোগ তৈরি করছেন, যার মধ্যে ৫১,০০০ পদে নিয়োগপত্র দেওয়া হচ্ছে। শুধু তাই নয়, স্বকর্মসংস্থানের সুযোগ তৈরির প্রচেষ্টাও চলছে এবং প্রচার চালানো হচ্ছে, কৃষি ক্ষেত্রেও কর্মসংস্থান তৈরির প্রচেষ্টা চলছে।'

## এটাওয়ায় টায়ারের গুদামে ভয়াবহ অগ্নিকাণ্ড, হতাহতের খবর নেই

এটাওয়া, ২৬ এপ্রিল (হি.স.): এটাওয়ার একটি জনবসতিপূর্ণ এলাকায় একটি টায়ারের গুদামে ভয়াবহ অগ্নিকাণ্ড। খবর পেয়েই দ্রুত ঘটনাস্থলে পৌঁছয় দমকলের ইঞ্জিন। আগুন নেভানোর কাজ চলছে এখনও।

জানা গেছে, আগুন এতটাই ভয়াবহ ছিল যে, ধোঁয়া কয়েক কিলোমিটার দূর থেকেও দেখা যায়।

স্থানীয় লোকজন আতঙ্কিত হয়ে পড়েন এই ঘটনায়।

এক দমকল আধিকারিক বলেন, এই জনবসতি এলাকায় একটি টায়ারের গুদাম ছিল। সেই টায়ারের গুদামে এদিন আগুন লেগে যায়।

আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করা হচ্ছে। আশেপাশের বাড়ির লোকজনকে সরিয়ে নেওয়া হয়েছে। এখনও কোনও হতাহতের খবর নেই।

## শিকার করতে গিয়ে গুলি সঙ্গীকে, মৃত্যু

বলরামপুর, ২৬ এপ্রিল (হি.স.) : ছত্তিশগড়ের বলরামপুর জেলাতে শিকার করতে গিয়ে এক মর্মান্তিক ঘটনা ঘটে। বিমলাপুর জঙ্গলে শুক্রবার বুনো শুয়োর শিকার করতে গিয়ে ভুলবশত সঙ্গীকে গুলি করার অভিযোগ এক যুবকের বিরুদ্ধে। শনিবার দেহ ময়নাতদন্তের জন্য পাঠায় পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে , ডিন্ডো এলাকার বেলসর গ্রামের রাজেন্দ্র পাণ্ডো (৪০) ভুল করে মুকেশ আয়াম (১৮)-কে গুলি করেন। ঘটনাস্থলেই মুকেশের মৃত্যু হয়।



শনিবার আগরতলায় খুঁদে শিল্পীরা এক বসে আঁকো প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে।

## গোরক্ষপুরে গাড়ির ধাক্কা মা ও মেয়ের মৃত্যু, গুরুতর আহত ৫ জন

গোরক্ষপুর, ২৬ এপ্রিল (হি.স.): উত্তর প্রদেশের গোরক্ষপুরে গাড়ির ধাক্কা প্রাণ হারালেন মা ও মেয়ে। বেপরোয়া গাড়ির ধাক্কায় আহত হয়েছেন আরও ৫ জন। শুক্রবার রাত ১১.৩০ মিনিট নাগাদ এই দুর্ঘটনাটি ঘটেছে। শুক্রবার রাতে বাড়ির বাইরে বসেছিলেন ৭ জন, সেই সময় একটি গাড়ি তাঁদের ধাক্কা মারে ও কয়েকজনকে চাপা দেয়। দুর্ঘটনায় মা ও মেয়ের মৃত্যু হয়েছে, এছাড়াও আরও ৫ জন গুরুতর আহত হন।

পুলিশ জানিয়েছে, ৪৪ বছর বয়সী জান্নাতুন নিশা ও তাঁর ১৬ বছর বয়সী মেয়ে ঝিনা ঘটনাস্থলেই মারা যান। আহতদের নাম, মরিয়ম খান (১৮), রাবিয়া খাতুন (২৩), নিহাল (৫), জুবায়ের (১৭) এবং সুব্রতী (১৬)। তাঁদের দ্রুত বি আর ডি মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হয়। হাসপাতালে নিয়ে যাওয়ার পর জান্নাতুন নিশা এবং ঝিনাকে মৃত ঘোষণা করেন চিকিৎসকরা। অন্য আহতদের অবস্থা আশঙ্কাজনক। গাড়িতে থাকা চারজনের মধ্যে পুলিশ একজনকে আটক করেছে, বাকি তিনজন ঘটনাস্থল থেকে পালিয়ে গেছে।

## দহনজ্বালায় স্বস্তির পূর্বাভাস, দক্ষিণ ও উত্তরবঙ্গে ঝড়-বৃষ্টির সম্ভাবনা

কলকাতা, ২৬ এপ্রিল (হি.স.): তীব্র দহনজ্বালার মধ্যে অবশেষে স্বস্তির পূর্বাভাস, রবিবার থেকে আবহাওয়া বদলে যেতে পারে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়। ঝড়-বৃষ্টির সম্ভাবনা রয়েছে উত্তরবঙ্গেও। দক্ষিণবঙ্গের ক্ষেত্রে আগামী ২৯ এপ্রিল এবং উত্তরবঙ্গের ক্ষেত্রে ২৮ এপ্রিল পর্যন্ত ঝড়-বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

তার আগে শনিবারও অসহ্য গরম সহ্য করতে হয়েছে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলাকে। ঘর্মাক্ত গরমে রীতিমতো নাজেহাল হওয়ার মতো অবস্থা। শনিবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.৩ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে ২.১ ডিগ্রি বেশি। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, ২৬-২৯ এপ্রিল পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ঝড়-বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ২৭ ও ২৮ এপ্রিল দক্ষিণবঙ্গের কিছু জেলায় কমলা সতর্কতাও জারি করা হয়েছে।

## দেশের যুবসমাজের মধ্যে এখন নতুন আশা ও আকাঙ্খা তৈরি হয়েছে : জিতেন্দ্র সিং

নয়াদিল্লি, ২৬ এপ্রিল (হি.স.): দেশের যুবসমাজের মধ্যে এখন নতুন আশা ও আকাঙ্খা তৈরি হয়েছে। জোর দিয়ে বললেন কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং। তাঁর কথায়, '২০১৪ সালে সমগ্র দেশ জুড়ে এক্সপ্রেস রোড করিডোরের সংখ্যা ছিল মাত্র ৯৩ কিলোমিটার। এখন তা ২০ গুণ বেড়ে ২,৪৭৪ কিলোমিটারে দাঁড়িয়েছে। প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা আগে মাত্র ৩০৮,০০০ কিলোমিটার ছিল, এখন তা দ্বিগুণেরও বেশি বেড়ে ৭,৭০,২২৮ কিলোমিটারে দাঁড়িয়েছে। বিমানবন্দরের সংখ্যাও দ্বিগুণ হয়েছে। মেট্রো ট্রেন, যা আগে মাত্র ৫টি শহরে ছিল, এখন ২৩টি শহরে চলছে। এর ফলে দেশের যুবসমাজের মধ্যে এখন নতুন আশা ও আকাঙ্খা তৈরি হয়েছে।' প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শনিবার ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন সরকারি দফতর ও সংস্থায় নবনিযুক্ত ৫১ হাজারের বেশি যুবক-যুবতীকে রোজগার মেলার মাধ্যমে নিয়োগপত্র বিতরণ করেছেন। ১৫-তম এই রোজগার মেলা হয় সারাদেশের ৪৭টি স্থানে। এই রোজগার মেলাতেই বক্তব্য রাখার সময় জিতেন্দ্র সিং আরও বলেছেন, 'প্রধানমন্ত্রী, রোজগার মেলার মাধ্যমে আপনি নাগরিকদের মধ্যে সচেতনতা বৃদ্ধির প্রচেষ্টাও করেছেন যে কর্মসংস্থান মানে কেবল সরকারি চাকরি নয়। এই লক্ষ্যে, অনেক বিকল্প ব্যবস্থা করা হয়েছে। উদাহরণস্বরূপ, প্রধানমন্ত্রী মুদ্রা যোজনার আওতায় এখনও পর্যন্ত ৫২ কোটিরও বেশি ঋণ বিতরণ করা হয়েছে।'

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## মুম্বইয়ে রোজগার মেলার আয়োজন, নিয়োগপত্র তুলে দিলেন পীযূষ গোয়েল

মুম্বই, ২৬ এপ্রিল (হি.স.): বাণিজ্যনগরী মুম্বইয়ে আয়োজিত হল রোজগার মেলা। শনিবার রোজগার মেলা অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল সরকারি চাকরি প্রার্থীদের হাতে নিয়োগপত্র তুলে দেন এবং আনুষ্ঠানিকভাবে তাদের সরকারি চাকরিতে স্বাগত জানান। কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন, 'রেলওয়েতে কিছু কর্মী কাজ করেন, যেখানে দেশের অর্থনীতিকে সুষ্ঠুভাবে পরিচালিত করার দায়িত্ব রয়েছে। এর মধ্যে রয়েছে যাত্রীদের জন্য আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করা, খাদ্যশস্য, বিদ্যুৎ কেন্দ্রে কয়লা এবং লোহা থেকে ইস্পাত কেন্দ্রের মতো পণ্যের দক্ষ পরিবহন। অন্যদের স্বরাষ্ট্র মন্ত্রকে অন্তর্ভুক্ত করা হয়েছে, আমি আজ এখানে তাদের কয়েকজনকে ১৫-তম রোজগার মেলায় ৫১,০০০ জনকে নিয়োগপত্র গ্রহণ করতে দেখেছি।'

## কাশ্মীর নিয়ে ভারত ও পাকিস্তানের ঝামেলা বহু পুরনো : ডোনাল্ড ট্রাম্প

ওয়াশিংটন ও নয়াদিল্লি, ২৬ এপ্রিল (হি.স.): জম্মু ও কাশ্মীরের পহেলগামে সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা জানিয়েছে বিশ্বের বিভিন্ন দেশ। এই হামলার পর থেকেই ভারত ও পাকিস্তানের মধ্যে সম্পর্ক আরও তলানিতে পৌঁছেছে। এমতাবস্থায় দুই দেশকে বিশেষ বার্তা দিলেন আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শুক্রবার (আমেরিকার সময় অনুযায়ী) ট্রাম্প বলেন, 'আমি ভারতের খুব কাছের, আমি পাকিস্তানেরও খুব কাছের এবং কাশ্মীরে তাঁরা হাজার বছর ধরে সেই লড়াই চালিয়ে যাচ্ছে।'

ট্রাম্প বলেছেন, 'কাশ্মীরে এক হাজার বছর ধরে ঝামেলা চলছে, সম্ভবত তার চেয়েও বেশি সময় ধরে। সেটা ছিল একটা খারাপ ঘটনা (পহেলগামে সন্ত্রাসী হামলা)। দেড় হাজার বছর ধরে ওই সীমান্তে উত্তেজনা ছিল। পরিস্থিতি একই রকম, কিন্তু আমি নিশ্চিত, তাঁরা কোনও না কোনওভাবে এটি সমাধান করবে। আমি উভয় নেতাকেই চিনি। পাকিস্তান ও ভারতের মধ্যে প্রচণ্ড উত্তেজনা রয়েছে, যা সবসময়ই ছিল।'

## চিরুনি অভিযান শুরু

● প্রথম পাতার পর

পাকিস্তানের সাথে ৫০০ কিলোমিটারের বেশি আন্তর্জাতিক সীমান্ত ভাগ করে। বিহারে একটি জনসভায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পেহেলগামে হামলার প্রতিশোধ নেওয়ার প্রতিশ্রুতি নিয়েছেন।

## আহ্বান মন্ত্রী সুধাংশুর

● প্রথম পাতার পর

*কোনোভাবেই মেনে নেওয়া যাবে না। তিনি সতর্ক করে বলেন, এই মৌলবাদীরা সুযোগ পেলে আগামী দিনে ত্রিপুরাতেও বাংলাদেশের মতো ঘটনা ঘটানোর ষড়যন্ত্র করতে পারে। তিনি আরও বলেন, এই আতঙ্কবাদী বিচারধারা রুখতে হিন্দুদের এখন সতর্ক থাকতে হবে এবং সর্বাত্মক ঐক্য বজায় রাখতে হবে। পাশাপাশি, শান্তিপ্রিয় মুসলমানদেরও মৌলবাদী মানসিকতার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে।*

## রয়েছে ঃ মানিক সরকার

● প্রথম পাতার পর

অনেকে ব্যবহার অস্ত্র দেখাচ্ছে অস্ত্র শানাচ্ছে হুমকি দিচ্ছে। এমনকি কি করে ছুরি দিয়ে গলা কাটবে তাও দেখাচ্ছে। তাঁর অভিযোগ, বিজেপি, আরএসএস, বিশ্ব হিন্দু পরিষদ এবং বজরং দল এরা কাশ্মীরের ওই ঘটনাকে ভিত্তি করে ভারতবর্ষের সংখ্যালঘু মুসলমানদের উপর বিভিন্ন রাজ্যে আক্রমণ সংগঠিত করছে।

## প্রশাসনের দ্বারস্থ পরিবার

● প্রথম পাতার পর

কৈলাসহরের ভাগ্যপুর গ্রামের শশধর শুক্লবৈদ্যের ছেলে শঙ্কু শুক্লবৈদ্যের সঙ্গে বিবাহ হয়। বিয়ের যথারীতি তিন মাস পর থেকেই শ্বশুর, শ্বাশুড়ী মুক্তা শুক্লাবৈদ্যের সহযোগিতায় স্বামী শঙ্কু শুক্লবৈদ্য গৃহবধূ মনিকার উপর চরম অত্যাচার শুরু করে পনের দায়ে। তখন বলা হয় বাপের বাড়ি থেকে দুই লক্ষ টাকা এনে দেওয়ার জন্য। অথচ গৃহবধূর স্বামী ভারতীয় সেনাবাহিনীতে চাকুরীরত। ইতিমধ্যে গৃহবধূ সাত মাসের অন্তঃসত্ত্বা হয়ে পড়ে। তখন সে শ্বশুর বাড়ির জ্বালা সহ্য করতে না পেরে অন্তঃসত্তা অবস্থায় বাপের বাড়িতে চলে আসে। সেখানে তাদের একটি পুত্র সন্তানের জন্ম হয়। এরই মধ্যে দু'পক্ষের মাতব্বরদের মধ্যস্থতায় একাধিকবার শালিশি সভার মাধ্যমে গৃহবধূকে ফের স্বামীর বাড়িতে নেওয়া হয়। তখন দেখা যায় শুধু পনের জ্বালাতন নয়, তাঁর স্বামী একাধিক মেয়ের সঙ্গে অবৈধ সম্পর্কে লিপ্ত রয়েছে। এতে অনেক অশ্লীল ছবিও তার মোবাইলে দেখতে পেয়ে তার স্ত্রী মনিকা বারবার প্রতিবাদ করলে সে তার স্ত্রীকে প্রচন্ড মারধর করে বলেও অভিযোগ গৃহবধূর বাপের বাড়ির লোকজনদের। এতে সে পুনরায় বাপের বাড়িতে চলে আসে। এমতাবস্থায় শঙ্কু ফের তার কর্তব্যে বহিঃরাজ্যে চলে যায়।

দীর্ঘ মাস পর চলতি মাসের ১৮ তারিখ শঙ্কু ও ওপর এক ব্যক্তি তার গোবিন্দপুরস্থিত শ্বশুর বাড়িতে আসে এবং সেখানে এসে গৃহবধূ মনিকাকে চরম মারধর করে বাড়ি থেকে বেরিয়ে যায়। সেই দৃশ্য ক্যামেরাবন্দি করে রাখে গৃহবধূ মনিকা। এরপর থেকেই মনিকা চরম অপমানিত হয়ে নিজেকে শেষ করে দেওয়ার চরম সিদ্ধান্ত নেয়। সন্ধ্যা রাত্রে সে বাড়ি থেকে বেরিয়ে যায় এবং চলতি ট্রেনের নিচে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করে। পরদিন রেল পুলিশ মৃতদেহ উদ্ধার করে ধর্মনগর জেলা হাসপাতালের হাতে সমঝে দেয়। বর্তমানে মৃত গৃহবধুর দুই বছরের একটি ফুটফুটে সন্তান রয়েছে। এই মর্মে গৃহবধূর মা মিরা শুক্লাবৈদ্য সমস্ত ঘটনা জানিয়ে চুরাইবাড়ি থানায় লিখিত মামলা দায়ের করেন। ওসি খোকন সাহা মামলা নম্বর ১২/২৫ অনুযায়ী ভারতীয় নেয়ায় সংহিতার ৮৫/৮০/৩(৫) ধারায় মামলা রুজু করেছেন এবং এই মামলার তদন্তে রয়েছে মহকুমা পুলিশ আধিকারিক বি জেরিন পুইয়া। এখন দেখার মৃত গৃহবধুর অনাথ সন্তান ও তার পরিবার কি আইনী ন্যায়বিচার পায়।

## গ্রেপ্তার প্রধান শিক্ষক

● প্রথম পাতার পরশনিবার ধৃত সজল চক্রবর্তীকে জেলা ও দায়রা আদালতে তোলা হয়।

এছাড়াও, বিশ্বজিৎ বিশ্বাস নামে আরও এক যুবকের বিরুদ্ধে ভারত-বিরোধী পোস্ট করার অভিযোগ দায়ের হয়েছে। তবে তাকে এখনও গ্রেপ্তার করা সম্ভব হয়নি বলে জানিয়েছে পুলিশ প্রশাসন। ধর্মনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সৃতিকান্ত বর্ধন জানিয়েছেন, গোটা ঘটনার তদন্ত চলছে এবং ধৃতের কাছ থেকে অভিযোগ সংক্রান্ত প্রয়োজনীয় প্রমাণ সংগ্রহের চেষ্টা করা হচ্ছে।

অন্যদিকে, আমবাসার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ডিপি মিশ্র অভিযুক্ত অবসরপ্রাপ্ত শিক্ষক জওহর দেবনাথ এবং কুলদীপ মন্ডলের জামিনের আবেদন খারিজ করে তাদের ৫ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন। সরকার পক্ষে মামলাটি পরিচালনা করেন সরকারি কেঁসুলি সুবীর দাস। প্রসঙ্গত, সম্প্রতি দেশের বিভিন্ন প্রান্তে সাম্প্রদায়িক উস্কানিমূলক পোস্টের সংখ্যা বাড়তে থাকায় প্রশাসন বিশেষ সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ করেছে।

## সাহারানপুরে বাজি কারখানায় তীব্র বিস্ফোরণ, জাতীয় সড়কে বিক্ষোভ

সাহারানপুর, ২৬ এপ্রিল (হি.স.): উত্তর প্রদেশের সাহারানপুর অবৈধ বাজি কারখানায় বিস্ফোরণে মৃত্যু হয়েছে বেশ কয়েকজন শ্রমিকের। শনিবার সকাল ৭টা থেকে ৮টার মধ্যে সাহারানপুরের দেওবন্দ ব্লকের নিহাল খেরি রোডে একটি আতশবাজি কারখানায় বিশাল বিস্ফোরণ হয়। বিস্ফোরণে দেহাংশ ২০০ মিটারেরও বেশি দূরে ছড়িয়ে পড়ে। পুলিশ এলাকাটি ঘিরে রেখেছে এবং উদ্ধার অভিযান চলছে।

এই বিস্ফোরণে নিহতদের পরিবারের সদস্যরা দিল্লি-সাহারানপুর জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান। ফলে যানবাহন চলাচল স্তব্ধ হয়ে যায়। সাহারানপুরের জেলাশাসক মনীশ বনসল বলেছেন, প্রাথমিক তদন্তে জানা গিয়েছে, কারখানাটি পরিচালনার লাইসেন্স ছিল। ঘটনাস্থলে দমকল বাহিনী এবং পুলিশ পৌঁছেছে। ত্রাণ ও উদ্ধার কাজ চলছে। ঠিক কতজনের মৃত্যু হয়েছে, তা এখনও জানা যায়নি।

## ঘটাচ্ছে রাজ্য ঃ বিদ্যুৎমন্ত্রী

● প্রথম পাতার পর

রাজ্যে, যা বিদ্যুৎ ব্যবস্থার স্বচ্ছতা এবং দক্ষতার প্রমাণ। রতন বাবু বলেন, "এই ফলাফল পরিকল্পনার ফল, কাকতালীয় কিছু নয়।" ত্রিপুরার স্মার্ট মিটার স্থাপন প্রকল্পকে কেন্দ্রীয় মন্ত্রী মনোহর লাল 'অনুকরণীয়' বলে অভিহিত করেন এবং বলেন, "ত্রিপুরা অন্য রাজ্যগুলোর জন্য দৃষ্টান্ত স্থাপন করেছে।

শ্রী নাথ বলেন, "এই সম্মেলন শুধু একটা প্রশাসনিক বৈঠক নয়, এটি জনমুখী ও বাস্তবমুখী সিদ্ধান্ত গ্রহণের এক গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম।" তিনি উল্লেখ করেন, গ্রীষ্মকালে রাজ্যের বিদ্যুৎ চাহিদা ৩৭০ মেগাওয়াট, কিন্তু ইতিমধ্যেই ৩৭২ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হয়েছে, যার ফলে কোনো লোডশেডিংয়ের সম্ভাবনা নেই।

সম্মেলনে ত্রিপুরার পক্ষ থেকে ১৩৩১.২৬ কোটি টাকার একটি বৃহৎ বিদ্যুৎ পরিবহন অবকাঠামো উন্নয়ন প্রকল্পের প্রস্তাব তুলে ধরা হয়। যার বাস্তবায়ন প্রস্তাবিত ২০৩১-৩২ সালের মধ্যে। এই প্রকল্পে নতুন ট্রান্সমিশন লাইন, সাবস্টেশন এবং পুরনো পরিকাঠামোর আধুনিকীকরণ অন্তর্ভুক্ত। শ্রী নাথ এই প্রকল্পের সম্পূর্ণ অর্থ কেন্দ্রীয় অনুদানে বাস্তবায়নের দাবি জানান। সৌর শক্তির ব্যবহারেও ত্রিপুরা পিছিয়ে নেই। মন্ত্রী বলেন, "আমরা শুধু প্রচলিত জ্বালানির উপর নির্ভর করছি না, বরং পরিবেশবান্ধব শক্তি ব্যবহারে এগিয়ে চলেছি।" তিনি জানান, রাজ্যে একাধিক সৌর প্রকল্প চালু হয়েছে যা ভবিষ্যতের টেকসই জ্বালানি ব্যবস্থার ভিত্তি গড়ে তুলবে।

কেন্দ্রীয় মন্ত্রী মনোহর লাল এই উদ্যোগের প্রশংসা করে বলেন, "ত্রিপুরা ভারতের নবায়নযোগ্য শক্তির দিশায় একটি শক্তিশালী কণ্ঠস্বর হয়ে উঠেছে।" সম্মেলনের পুরো সময় জুড়ে রতন লাল নাথ নিজেকে তুলে ধরেন একজন দক্ষ, দূরদর্শী ও বাস্তবভিত্তিক নেতৃত্বের প্রতীক হিসেবে। তিনি বলেন, "আমরা শুধু বর্তমান নয়, ভবিষ্যতের জন্যও কাজ করছিএকটি স্মার্ট, সবুজ এবং দুর্যোগ-প্রতিরোধী বিদ্যুৎ অবকাঠামো গড়ে তোলাই আমাদের লক্ষ্য।" ত্রিপুরা বিদ্যুৎ খাতে যে নজরকাড়া অগ্রগতি অর্জন করেছে, তা শুধুমাত্র প্রযুক্তিগত নয়এটি এক নেতৃত্বনির্ভর অভিযানের ফল। গ্যাংটকে অনুষ্ঠিত এই সম্মেলন শুধু আঞ্চলিক সহযোগিতার এক মঞ্চ নয়, বরং ত্রিপুরার বিদ্যুৎ উন্নয়নের নতুন অধ্যায়ের সূচনাও বটে।

## গ্রেপ্তার ফায়ারম্যান

● প্রথম পাতার পর

তার বাড়ি কালাছড়া এলাকায় বলে জানা যায় ।সে কদমতলা অগ্নিনির্বাপক দফতরে কর্মরত।

তারা আরো জানান,উক্ত যুবক প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, গৃহ মন্ত্রী অমিত শাহ, অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা এবং উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্য নাথের মুখ মন্ডল কুকুরের সঙ্গে লাগিয়ে দরি দিয়ে বাঁধা অবস্থায় ফেসবুকে শেয়ার করেছে। চার জন্যই বিজেপির হাই প্রোফাইল লিডার। তাই জেলা বিজেপির পক্ষ থেকে এই মামলা করা হয়েছে। তাছাড়া বিশ্ব হিন্দু পরিষদের নেতৃত্বরা জানান, যেহেতু দেশের প্রধানমন্ত্রীর ছবিকে বিকৃতভাবে পোস্ট করা হয়েছে তাই তাদের আবেগে আঘাত লাগে। তাছাড়া একজন সরকারি কর্মচারী হয়ে কিভাবে এ ধরনের কাজ করতে পারে সে এনিয়েও উঠছে বিভিন্ন প্রশ্ন! তারা উক্ত যুবকের কঠোর শাস্তির দাবি জানান প্রশাসনের নিকট।

এদিকে কদমতলা থানা অভিযোগ পাওয়ার সঙ্গে সঙ্গেই অভিযুক্ত যুবককে জালে তুলে। সে তার অপকর্মের কথা কবুল করে। পুলিশ জানায় ধৃত যুবকের বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে।

## হিন্দু জাগরণ মঞ্চের

● প্রথম পাতার পর

বলে অভিযোগ করেছেন হিন্দু জাগরণ মঞ্চ গোমতী জেলা সংযোগ প্রীতম দত্ত থানা লিখিত অভিযোগ দায়ের করে ২৪ ঘন্টার মধ্যে পুলিশি গ্রেপ্তার দাবি জানানো হয়।

অপরদিকে উদয়পুর মহারানী এলাকার বারিক মিয়ার ছেলে সামিদ মিয়া ফেসবুকের মাধ্যমে ভারতবর্ষের সম্মানিত প্রধানমন্ত্রীকে নিয়ে উস্কানি মূলক এবং কুরুচিকর মন্তব্য করার প্রতিবাদে গোমতী জেলার হিন্দু জাগরণ মঞ্চের পক্ষ থেকে প্রীতম দত্ত থানায় লিখিত অভিযোগ দায়ের করে ২৪ ঘন্টার মধ্যে পুলিশ হেফাজতে নিয়ে আসার আর্জি জানানো হয়। নতুবা হিন্দু জাগরণ মঞ্চ নিজেরাই উদ্যোগ নিয়ে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আর্জি জানানো হয়।

উল্লেখ্য, শনিবার দুপুরে হিন্দু জাগরণ মঞ্চের কর্মীরা থানা এসে এই দুটি ঘটনা ক্ষোভ ব্যক্ত করে স্লোগান দিয়ে থাকে পাকিস্তান ও বাংলাদেশের বিরুদ্ধে। যারা এখনো পাকিস্তানীরা এই দেশে রয়েছে তাদেরকে দেশে ফিরে যাওয়া জন্য শ্লোগান দিতে দেখা গেছে।

## করেছেন ঃ প্রধানমন্ত্রী

● প্রথম পাতার পর

বকশিত হয় এবং বিশ্বে নিজস্ব ছাপ রাখে। এখন ভারতের যুবসমাজ কঠোর পরিশ্রম এবং উদ্ভাবনের মাধ্যমে বিশ্বকে দেখিয়ে দিচ্ছে যে, আমাদের মধ্যে কতটা সম্ভাবনা রয়েছে। আমাদের সরকার প্রতিটি পদক্ষেপে নিশ্চিত করছে যে, দেশের যুবসমাজের জন্য কর্মসংস্থান এবং স্ব-কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পায়।' প্রধানমন্ত্রীর কথায়, 'এই বছরের বাজেটে, সরকার মেক ইন ইন্ডিয়াকে উৎসাহিত করার জন্য এবং যুবসমাজকে বিশ্বমানের পণ্য উৎপাদনের সুযোগ প্রদানের জন্য একটি উৎপাদন মিশন ঘোষণা করেছে। এটি কেবল ক্ষুদ্র, মাঝারি ও মাঝারি শিল্প এবং তরুণ উদ্যোক্তাদের উৎসাহিত করবে না বরং কর্মসংস্থানের সুযোগও তৈরি করবে, যা তরুণদের জন্য অভূতপূর্ব সম্ভাবনা নিয়ে আসবে।'

এদিকে, যুবসমাজের ভূয়সী প্রশংসা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন, যুবসমাজ যখন দেশ গঠনে অংশগ্রহণ করে, তখন দেশও দ্রুত বিকশিত হয়। শনিবার রোজগার মেলার মাধ্যমে ৫১ হাজারের বেশি যুবক-যুবতীকে নিয়োগপত্র বিতরণ করার পর প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'যখন যুবসমাজ দেশ গঠনে অংশগ্রহণ করে, তখন দেশ দ্রুত বিকশিত হয় এবং বিশ্বে নিজস্ব ছাপ রাখে। এখন ভারতের যুবসমাজ কঠোর পরিশ্রম এবং উদ্ভাবনের মাধ্যমে বিশ্বকে দেখিয়ে দিচ্ছে যে, আমাদের মধ্যে কতটা সম্ভাবনা রয়েছে। আমাদের সরকার প্রতিটি পদক্ষেপে নিশ্চিত করছে যে, দেশের যুবসমাজের জন্য কর্মসংস্থান এবং স্ব-কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পায়।'

প্রধানমন্ত্রীর কথায়, 'এই বছরের বাজেটে, সরকার মেক ইন ইন্ডিয়াকে উৎসাহিত করার জন্য এবং যুবসমাজকে বিশ্বমানের পণ্য উৎপাদনের সুযোগ প্রদানের জন্য একটি উৎপাদন মিশন ঘোষণা করেছে। এটি কেবল ক্ষুদ্র, মাঝারি ও মাঝারি শিল্প এবং তরুণ উদ্যোক্তাদের উৎসাহিত করবে না বরং কর্মসংস্থানের সুযোগও তৈরি করবে, যা তরুণদের জন্য অভূতপূর্ব সম্ভাবনা নিয়ে আসবে।'

## ২৭ এপ্রিল প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান, অধীর অপেক্ষায় দেশবাসী

নয়াদিল্লি, ২৬ এপ্রিল (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৭ এপ্রিল, রবিবার মাসিক মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের মানুষের সঙ্গে নিজের চিন্তাভাবনা ভাগ করে নেবেন। আগামীকাল আবারও শোনা যাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাত। এবারের মন-কি-বাত অনুষ্ঠানটি হবে ১২১-তম পর্ব।

রবিবার বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেলে এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইটে ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত অনুষ্ঠান সম্প্রচারিত হবে। প্রতিবারের মতো এবারও প্রধানমন্ত্রী মোদী মন-কি-বাত অনুষ্ঠানে কী বক্তব্য রাখেন, তা জানার অপেক্ষায় সমগ্র দেশবাসী।

## ফের সংঘর্ষ-বিরতি লঙ্ঘন পাকিস্তানের, যোগ্য জবাব ফিরিয়ে দিল ভারত

জম্মু, ২৬ এপ্রিল (হি.স.): বিনা প্ররোচনায় সংঘর্ষ-বিরতি লঙ্ঘন করে আবারও গুলি চালাল পাকিস্তান। শুক্রবার মধ্যরাতে জম্মু ও কাশ্মীরে নিয়ন্ত্রণরেখা বরাবর ভারতীয় সেনাঘাঁটি লক্ষ্য করে হামলা চালায় পাকিস্তানি সেনা। পাল্টা জবাব দিয়েছে ভারতও। ভারতীয় সেনাবাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার মধ্যরাতে (২৫-২৬ এপ্রিল রাতেই) কাশ্মীরে নিয়ন্ত্রণ রেখা বরাবর পাকিস্তান সেনাবাহিনীর বিভিন্ন পোস্ট থেকে বিনা উস্কানিতে গুলি চালানো হয়। ভারতীয় সেনাবাহিনী যথাযথ জবাব ফিরিয়ে দিয়েছে। কোনও হতাহতের খবর পাওয়া যায়নি।

উল্লেখ্য, পহেলগামে জঙ্গি হামলার পরই ভারত ও পাকিস্তানের মধ্যে সম্পর্ক আরও তলানিতে নেমেছে। কূটনৈতিক সম্পর্কও ছিন্ন করেছে দিল্লি এবং ইসলামাবাদ। এই আবহে পাকিস্তানের দিকে সামরিক তৎপরতা বৃদ্ধির খবর আসছে। প্রস্তুত রয়েছে ভারতও। এই আবহে আবারও সংঘর্ষ-বিরতি লঙ্ঘন করল পাকিস্তান।

## কাশ্মীরে ফের গুঁড়িয়ে দেওয়া হল জঙ্গিদের বাড়ি, ধৃত সন্ত্রাসীদের দুই সহযোগী

শ্রীনগর, ২৬ এপ্রিল (হি.স.): পহেলগাম হামলার পর জম্মু ও কাশ্মীর জুড়ে ব্যাপক তল্লাশি অভিযান চালাচ্ছে সেনাবাহিনী এবং জম্মু ও কাশ্মীর পুলিশ। শনিবার সকালে জম্মু ও কাশ্মীরের কুলগাম, পুলওয়ামা ও শোপিয়ানে বাড়ি ভেঙে গুঁড়িয়ে দেওয়া হয়েছে জঙ্গিদের। পহেলগাম হামলার সঙ্গে ওই জঙ্গিদের যোগ থাকতে পারে বলে সন্দেহ করা হচ্ছে। কুলগাম জেলার মাতালহামা গ্রামে এক জঙ্গির বাড়ি ভেঙে গুঁড়িয়ে দেওয়া হয়েছে। আবার পুলওয়ামা জেলার মুরান গ্রামেও একটি বাড়ি ভেঙে গুঁড়িয়ে দেওয়া হয়েছে। শোপিয়ানের ছোটিপোরা গ্রামেও এক জঙ্গির বাড়ি ভেঙে গুঁড়িয়ে দেওয়া হয়েছে। পাশাপাশি কুলগামের কাইমো এলাকার ঠোকরপোরা থেকে দু'জনকে গ্রেফতার করা হয়েছে। জঙ্গিদের কাজে তারা সহযোগিতা করেছিল বলে অভিযোগ।

## আহমেদাবাদে বড়সড় তল্লাশি অভিযান পুলিশের, পাকড়াও ৪০০ অবৈধ বাংলাদেশি

আহমেদাবাদ, ২৬ এপ্রিল (হি.স.): আহমেদাবাদ ক্রাইম ব্রাঞ্চ শনিবার অবৈধ বাংলাদেশিদের বিরুদ্ধে একটি বড়সড় তল্লাশি অভিযান শুরু করেছে। শনিবার ভোররাত তিনটে থেকে অভিযান শুরু হয়। এখনও পর্যন্ত পুলিশ ৪০০ সন্দেহভাজন বাংলাদেশিকে আটক করা হয়েছে।

জম্মু ও কাশ্মীরের পহেলগামে সন্ত্রাসী হামলার পর, সুরাট পুলিশও শুক্রবার গভীর রাতে তল্লাশি অভিযান শুরু করে, শহরের বিভিন্ন এলাকা থেকে ১০০ জনেরও বেশি অবৈধ বাংলাদেশি নাগরিককে আটক করা হয়েছে। তারা ভুয়ো কাগজপত্র নিয়ে বসবাস করছিল এবং বিভিন্ন ক্ষেত্রে কাজ করছিল। তদন্ত চলছে। সুরাট জেসিপি ক্রাইম রাঘবেন্দ্র ভাটস বলেছেন, গত রাতে যারা ধরা পড়েছে তারা বাংলাদেশি। আমরা তাদের কাগজপত্র পরীক্ষা করব। এরপর, আমরা তাদের বাংলাদেশে পাঠানোর পরিকল্পনা করছি।

## নদিয়ার বাড়িতে পৌঁছল ঝন্টুর দেহ, শোকের আবহ তেহট্টের পাথরঘাটায়

নদিয়া, ২৬ এপ্রিল (হি.স.): নদিয়ার বাড়িতে পৌঁছল জম্মু ও কাশ্মীরের উধমপুরে সেনা-জঙ্গি সংঘর্ষে নিহত ভারতীয় সেনা জওয়ান হাবিলদার ঝন্টু আলি শেখের দেহ। তেহট্টের পাথরঘাটার বাড়িতে শনিবার সকালে তাঁর দেহ পৌঁছয়। স্থানীয় ইদগাহ ময়দানে তাঁকে শেষ শ্রদ্ধা জানানো হয়। শুক্রবার রাতেই কলকাতায় বিমানবন্দরে এসে পৌঁছয় শহীদ জওয়ানের দেহ, আর শনিবার সকালে পৌঁছে যায় তাঁর বাড়িতে। ৬ প্যারা এসএফ-এ কর্মরত ছিলেন ঝন্টু। শুক্রবার জম্মুতে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় গান স্যালুটে শ্রদ্ধা জানানো হয় ঝন্টুকে। গভীর রাতে কলকাতা বিমানবন্দরে পৌঁছয় তাঁর দেহ। সেখান থেকে সকালে দেহ নিয়ে আসা হয় নদিয়ায়। শহীদ ঝন্টুকে শেষ শ্রদ্ধা জানিয়েছে গোটা গ্রাম। চোখের জলে বীর জওয়ানকে শ্রদ্ধা জানানো হয়েছে।

## প্রদেশ কংগ্রেস সভাপতি

● প্রথম পাতার পর

পেহেলগাঁওয়ে পাকিস্থানী সন্ত্রাসীদের হাতে নিহত ২৮ জন পর্যটকদের প্রতি শোক ও শ্রদ্ধাঞ্জলি অর্পন এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করে দেশবাসীকে সন্ত্রাসীদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে এই কথা গুলি বলেন।

তিনি বলেন, এমন একটা স্পর্শ কাতর এলাকায় যেখানে প্রতিনিয়ত পর্যটকদের ভিড় থাকে সেখানে নিরাপত্তার কোন ব্যবস্থা রাখা হয়নি কেন প্রশ্ন তুলেছেন। বিজেপি ধর্মীয় বিভাজন তৈরি করতে দলের আইটি সেল উঠে পড়ে লেগেছে। ঘটনা সংগঠিত করার আগে সন্ত্রাসীরা পর্যটকদের জামা কাপড় খুলে পরীক্ষা করে পর্যটকদের হত্যা করেছে বলে প্রচার করছে। পর্যটন কেন্দ্রে কেন নিরাপত্তার রক্ষী মোতায়েন করা হয়নি প্রশ্ন তুলে ভারতের প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রীরা এই হত্যাকান্ডের দায় এড়িয়ে যেতে পারন না।

ছাপান্ন ইঞ্চির প্রধানমন্ত্রী বলেছিলেন কাশ্মীরের সন্ত্রাস শূন্যের কোঠায় নিয়ে আসবেন। বাস্তবে ঠিক তার উল্টোটা হচ্ছে। পাকিস্তানি সন্ত্রাসীদের দমন করতে কেন্দ্রীয় সরকারের অতিসত্বর কঠোর পদক্ষেপ নেওয়া প্রয়োজন বলে কংগ্রেস মনে করছে।

## দোকানে অগ্নিকান্ড

● প্রথম পাতার পর

বিলম্ব হওয়ায় সম্পূর্ণ দোকান রক্ষা করা সম্ভব হয়নি।

প্রাথমিক হিসেবে ক্ষয়ক্ষতির পরিমাণ ১০ থেকে ১২ লক্ষ টাকার কাছাকাছি বলে জানা গেছে। আগুন লাগার প্রকৃত কারণ এখনও স্পষ্ট নয়, ফলে গোটা এলাকাজুড়ে চাঞ্চল্য এবং ধোঁয়াশার পরিবেশ সৃষ্টি হয়েছে।

ঘটনার পর স্থানীয় বাসিন্দাদের মধ্যে প্রশাসনের ভূমিকা নিয়ে তীব্র অসন্তোষ ছড়িয়ে পড়ে। তারা অভিযোগ করেন, সময়মতো দমকল বাহিনী পৌঁছালে হয়তো এত বড় ক্ষতি এড়ানো যেত।

পুলিশ ইতিমধ্যেই ঘটনার তদন্ত শুরু করেছে। স্থানীয় প্রশাসন আশ্বাস দিয়েছে, দ্রুত তদন্ত করে দোষীদের শনাক্ত করে তাদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

8th-6th page -2025 darpan print.pmd 1 4/27/2025, 1:13 AM

অঙ্গন

# ঘরোয়া ক্রিকেটে গট আপ-এর গন্ধ রানের গড়ে কসমোপলিটন রানার্স

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। কসমোপলিটন জিতেছে। হারিয়েছে ইউনাইটেড বি এস টি কে। ছয় উইকেটের ব্যবধানে। তবে আশ্চর্য্যের হলেও এটাই সত্য, পুরো টুর্নামেন্টে এতটুকু ভালো খেলেও শেষ পর্যায়ে একপ্রকার অঘোষিত গট আপ ম্যাচের শিকার হতে হলো কসমোপলিটন ক্লাবকে। যে কারণে এবারের মত চ্যাম্পিয়ন ট্রফি অধরা রেখে রানার্স ট্রফিতে সন্তুষ্ট থাকতে হচ্ছে অন্যতম দাবিদার কসমোপলিটন ক্লাবকে। গট আপ-এর বিষয়টা কিন্তু অন্য ম্যাচের প্রসঙ্গে। খেলা যাঁরা মাঠে থেকে প্রত্যক্ষ করেছেন তাঁদের অনেকেই বিষয়টা নিয়ে বলাবলি করছেন। যাঁরা বিশেষজ্ঞ ক্রিকেটার, তাঁরা ঠিকই বুঝেছেন। অন্যরা হয়তো গট আপ-এর গন্ধ খুঁজে পাবেন না। সে যাই হোক, অন্ততপক্ষে ঘরোয়া ক্রিকেট টুর্নামেন্টে এ ধরনের গট আপ বৃত্তি যদি কেউ করে থাকেন, বা হয়ে থাকে, তা আর এগিয়ে নেওয়া উচিত নয়। অন্যথায় ফলাফল হিতে বিপরীত হবে। পুলিশ ট্রেনিং একাডেমি গ্রাউন্ডে সকালে ম্যাচ শুরুতে প্রথমে ব্যাটিং এর সুযোগ পেয়ে ইউনাইটেড বি এস টি নির্ধারিত ৫০ ওভারে আট উইকেট হারিয়ে ৯৮ রান সংগ্রহ করে। জবাবে ব্যাট করতে নেমে কসমোপলিটন ক্লাব ১০.২ ওভার খেলে চার উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। অন্য ম্যাচে গট আপ-এর গন্ধ পেয়ে কসমোপলিটন ঝড়ো গতিতে ব্যাট চালিয়ে রাণের গড় প্রায় ১০ রাখার চেষ্টা করলেও শেষ রক্ষা করতে পারেনি। সম সংখ্যক পয়েন্ট সত্ত্বেও রান রেটের নিরিখে কসমোপলিটনকে রানার্স খেতাবে সন্তুষ্ট থাকতে হচ্ছে। বিজয়ী দলের সৌরভ থুবরিকার ২৬ বলে ৪৬ রান সংগ্রহ করলেও বোলার মনিশ প্যাটেল দশ রানে তিনটি উইকেট তুলে নিয়ে প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাব পেয়েছে।

# জাতীয় মহিলা হ্যান্ডবল রাজ্যদলের প্রস্তুতি শিবির

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। গুজরাটের ভূজ শহরের আরডি ভার্সনি স্কুলে এ বছর অনুষ্ঠিত হবে ৫৪ তম সিনিয়র মহিলাদের জাতীয় হ্যান্ডবল চ্যাম্পিয়নশিপ। জাতীয় স্তরের এই প্রতিযোগিতায় এবারও অংশ নেবে ত্রিপুরা। তার জন্য ত্রিপুরা হ্যান্ডবল অ্যাসোসিয়েশনের উদ্যোগে আয়োজন করা হয় এক দল গঠন শিবির।

শনিবার এমনটায় দেখা গেল আগরতলা উমাকান্ত একাডেমির হ্যান্ডবল মাঠে। রাজ্য দল গঠনের শিবিরে এদিন রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে প্রায় ৫০ জন খেলোয়াড় অংশগ্রহণ করে। তাদের থেকে বাছাই করে ১৬ জনকে নিয়ে চূড়ান্ত রাজ্য দল গঠন করা হবে। রাজ্য দল আগামী ১৫ মে রেলপথে গুজরাটের উদ্দেশ্যে রাজ্য ত্যাগ করবে। জাতীয় স্তরের প্রতিযোগিতায় অংশ নেওয়ার জন্য রাজ্য দলটিকে সহায়তার হাত বাড়িয়ে দেন ত্রিপুরা বডিবিল্ডিং অ্যাসোসিয়েশনের সভাপতি তনয় দাস।

এদিন শিবিরের ফাঁকেই সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের মুখোমুখি হয়ে এমনটাই জানালেন রাজ্য হ্যান্ডবল অ্যাসোসিয়েশনের সভাপতি। তিনি আরো জানান, রাজ্যে সিনিয়র হ্যান্ডবল দলটি এমন শক্তিশালী নয়। কারণ অনেক সিনিয়র হ্যান্ডবল প্রশিক্ষক এর মধ্যেই অবসরে চলে গেছেন। তাই হ্যান্ডবলের প্রচারে ভালো প্রশিক্ষক নিয়োগ করার জন্য রাজ্য সরকারের কাছে দাবি জানান তিনি।

# শক্ত পিচে কী ভাবে ব্যাট করতে হয় কোহলিকে দেখে শিখুক ১৪ বছরের বৈভব, বিরাট-ব্যাটে জয় বেঙ্গালুরুর

জফ্রা আর্চারের বলটা তাঁর ব্যাটের কানায় লেগে থার্ডম্যান বাউন্ডারিতে যেতেই চোখ বড় হল বিরাট কোহলির। তিনি বুঝতে পারলেন, এই পিচে চাইলেই শট মারা কঠিন। খেলার ধরন বদলে ফেললেন কোহলি। তিনি মারার বল অবশ্য পেলেন। সেই সব বলে মারলেনও। কিন্তু বাকি বলে কী করলেন? সেটা ক্রিকেটের ছাত্রদের কাছে শিক্ষণীয়। কোহলি দেখালেন, শক্ত পিচে ঠিক কী ভাবে ব্যাট করা উচিত। সেই শিক্ষাটা নিতে হবে বৈভব সূর্যবংশীকে। ১৪ বছরের বৈভব আইপিএলে নিজের প্রথম ম্যাচে নজর কেড়েছিল। সেই কারণেই হয়তো দ্বিতীয় ম্যাচে যে কয়েকটা বল সে খেলল, প্রতিটিতে ছক্কা মারার চেষ্টা করল। দুটো লাগল। বাকিগুলো নয়। সেই ছক্কা মারতে গিয়েই আউট হল সে। কোহলির ব্যাটে জিতল বেঙ্গালুরু। চলতি মরসুমে ঘরের মাঠে প্রথম জয় পেল তারা।বৃহস্পতিবার ঘরের মাঠে প্রথমে ব্যাট করে ২০৫ রান করে বেঙ্গালুরু। পিচ শক্ত হলে কী ভাবে এত রান হয়? প্রশ্ন ওঠাটা স্বাভাবিক। তার প্রথম কারণ কোহলি। বেঙ্গালুরুর ভিত গড়ে দিয়ে যান তিনি। বাকিটা করে শিশির। পরিস্থিতি এমন হয় যে আইপিএলে প্রথম বার কোনও ম্যাচে প্রথম ইনিংসেই বল বদলাতে হয়। সেই শিশিরের কারণেই দ্বিতীয় ইনিংসে রাজস্থানের ব্যাটিং দেখে মনে হল, পাটা উইকেটে খেলছে তারা। শিশির বেঙ্গালুরুকে প্রায় হারিয়ে দিয়েছিল। কিন্তু এ বার জয়ের পরিস্থিতি থেকে এর আগেও দু’টি ম্যাচ হেরেছে রাজস্থান। যে দল দু’টি ম্যাচে ৬ বলে ৯ রান করতে পারেনি সেই দলের কাছে বেশি আশা করা ভুল। আরও একটি ম্যাচে জেতার মতো পরিস্থিতি থেকে হারতে হল রাজস্থানকে।আর্চার শুরু থেকেই ১৪৫ কিলোমিটার প্রতি ঘণ্টায় বল করছিলেন। কোহলিকে একটি বল ১৫০ কিলোমিটার প্রতি ঘণ্টায় করলেন তিনি। পিচে বল পড়ে লাফাচ্ছিল। বেশ কয়েকটি বল ঘাড়ের কাছ দিয়ে যাচ্ছিল। ফিল সল্টের মতো স্ট্রোক প্লেয়ারও শট মারতে পারছিলেন না। তাঁর ক্যাচ পড়ল। কয়েকটা বল ব্যাটের কানায় লেগে বাউন্ডারিতে গেল। তার পরেও ২৩ বলে ২৬ রান করলেন তিনি।কোহলি অন্য দিকে নিজের পুরনো খেলায় চলে গেলেন। অপেক্ষা করলেন খারাপ বলের। যে বল মাঝ পিচে বা ব্যাটের কাছে পড়ছিল, সেগুলি বাউন্ডারিতে গেল। যে বল লেংথে পড়ছিল সেগুলি কব্জির মোচড়ে মাঠের ফাঁকা জায়গায় পাঠাচ্ছিলেন তিনি। দৌড়ে রান নিচ্ছিলেন। ৩৬ বছরের কোহলির সঙ্গে দৌড়ে পারছিলেন না ২৪ বছরের দেবদত্ত পড়িক্কলও।

কোনও বলে দু’রান নেওয়ার সুযোগ থাকলেও তা না হলে কোহলি বিরক্ত হচ্ছিলেন। আবার কোনও বলে চার মারার সুযোগ নষ্ট হলে নিজের উপর রাগ করছিলেন। বোঝা যাচ্ছিল, তিনি কতটা খেলার মধ্যে ডুবে রয়েছেন।জোরে শট মারার বদলে কোহলি জোর দিচ্ছিলেন টাইমিংয়ে। ওয়ানিন্দু হাসরঙ্গের একটি বল তিনি যে ভাবে সোজা সাইট স্ক্রিনের উপর মারলেন তা মনে করিয়ে দিল ২০২১ টি-টোয়েন্টি বিশ্বকাপে পাকিস্তানের হ্যারিস রউফকে মারা সোজা ছক্কার কথা। সেটি ছিল পেসারের বিরুদ্ধে। এটি স্পিনারের বলে। কিন্তু দু’টি শটই স্রেফ টাইমিংয়ে ভর করে মারলেন কোহলি। একটি শটই বুঝিয়ে দিল বাকিদের সঙ্গে তাঁর পার্থক্য কতটা। আর্চারের যে বলটিতে কোহলি আউট হলেন সেটির গতি বুঝতে পারেননি তিনি। ব্যাটের উপরের দিকে লেগেছিল বলটি। ফলে বল হাওয়ায় ওঠে। ৪২ বলে ৭০ রানের ইনিংস খেলে তিনি যখন ফিরছেন তখন তাঁর মুখে হতাশা। বুঝতে পারছিলেন, একটি শতরান হাতছাড়া হয়েছে তাঁর।কোহলি ব্যাট করার সময় ডাগ আউটেই বসেছিল বৈভব। সে নিশ্চয় দেখেছিল, এই পিচে কী ভাবে ব্যাট করতে হবে। তা ছাড়া রাজস্থানের ইনিংসের আগে শিশির পড়ে পিচ অনেক সহজ হয়ে গিয়েছিল। বৈভবের উচিত ছিল একটু সময় নেওয়া। প্রতিপক্ষ দলে জশ হেজলউড, ভুবনেশ্বর কুমারের মতো পোড়খাওয়া বোলার ছিলেন। তাঁদের কয়েকটা ওভার সামলে দিলে রান করার অবাধ সুযোগ ছিল। কিন্তু সে যে এখনও পরিণত হয়নি তা বুঝিয়ে দিল এই ইনিংস।

# পহেলগাঁও হত্যাকাণ্ডের জের ! পিএসএলে কর্মরত ভারতীয়দের ফেরত পাঠাচ্ছে পাকিস্তান সরকার

সমস্যায় পড়তে পারে পাকিস্তান সুপার লিগ। কাশ্মীরের পহেলগাঁওয়ে জঙ্গি হামলায় পাকিস্তানের দিকে আঙুল তুলেছে ভারত। তাদের বিরুদ্ধে এই হামলায় মদত দেওয়ার অভিযোগ উঠেছে। তার প্রতিবাদে পাকিস্তান সুপার লিগে কর্মরত ভারতীয়দের ফেরত পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে পাকিস্তান সরকার। এই কর্মীরা পাকিস্তান সুপার লিগে সম্প্রচারের কাজে যুক্ত ছিলেন। তাঁরা চলে গেলে সমস্যায় পড়তে পারে সে দেশের টি-টোয়েন্টি লিগ।পাকিস্তান ক্রিকেট বোর্ডের এক আধিকারিক জানিয়েছেন, শাহবাজ শরিফ সরকার সিদ্ধান্ত নিয়েছে পাকিস্তানের লিগে কর্মরত ভারতীয়দের ফেরত পাঠানো হবে। তিনি বলেন, “পাকিস্তান সুপার লিগ সম্প্রচারের দায়িত্বে অনেক ভারতীয় নাগরিক রয়েছেন। তাঁদেরকে ভারতে ফিরে যেতে বলা হয়েছে। তাঁদের মধ্যে ইঞ্জিনিয়ার, প্রোডাকশন ম্যানেজার, ক্যামেরাম্যান রয়েছেন। তাঁরা চলে গেলে লিগের সম্প্রচারে সমস্যা হতে পারে। কারণ, দ্রুত তাঁদের পরিবর্ত বাছা কঠিন।” তিনি আরও জানিয়েছেন, যত ক্ষণ না তাঁরা ভারতে ফিরছেন তত ক্ষণ তাঁদের হোটেলে ছেড়ে বার না হওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। তাঁদের উপর নজর রাখছেন নিরাপত্তারক্ষীরা।জম্মু-কাশ্মীরের পহেলগাঁওয়ের বৈসরন উপত্যকায় মঙ্গলবারের জঙ্গিহানার ঘটনায় অন্তত ২৬ জন পর্যটকের মৃত্যু হয়েছে। স্থানীয় কয়েকটি সূত্রের মতে, নিহতের সংখ্যা অন্তত ২৮। সূত্রের খবর, হামলাকারীরা সংখ্যায় ছিল পাঁচ-ছ’জন। তার প্রতিবাদে বুধবার রাতে ভারতীয় বিদেশ মন্ত্রক থেকে জানিয়ে দেওয়া হয়েছে, সিন্ধু জলচুক্তি আপাতত স্থগিত রাখছে ভারত। পাকিস্তান সন্ত্রাসবাদে মদত দেওয়া বন্ধ না-করা পর্যন্ত এই সিদ্ধান্ত বজায় থাকবে। ভারতের এই সিদ্ধান্তে তীব্র আপত্তি জানিয়েছে পাকিস্তান। রয়টার্স অনুসারে, সিন্ধু জলচুক্তি নিয়ে নয়াদিল্লির সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ জানিয়েছে ইসলামাবাদ।সংবাদ সংস্থা রয়টার্স অনুসারে, পাকিস্তান জানিয়েছে তারা ভারতের সঙ্গে সব ধরনের বাণিজ্যিক সম্পর্ক বন্ধ করে দিচ্ছে। ভারতকে তৃতীয় কোনও দেশে বাণিজ্যের জন্যও তারা নিজেদের ভূখণ্ড ব্যবহার করতে দেবে না। শুধু তা-ই নয়, নিজেদের আকাশসীমাও ভারতকে আর ব্যবহার করতে না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে পাকিস্তান। প্রতিটি ভারতীয় উড়ান সংস্থার জন্য এই নিয়ম কার্যকর থাকবে বলে জানিয়েছে তারা। ইসলামাবাদে প্রায় দু’ঘণ্টা ধরে চলা জাতীয় নিরাপত্তা কমিটির বৈঠক শেষ হতেই বিবৃতি প্রকাশ করেছে শাহবাজ শরিফের সরকার।বুধবার রাতে সাংবাদিক বৈঠক করে ভারতের বিদেশসচিব বিক্রম মিস্রী জানিয়েছিলেন, নয়াদিল্লিতে পাকিস্তানি হাইকমিশনে প্রতিরক্ষা সংক্রান্ত আধিকারিকদের ‘অবাঞ্ছিত’ হিসাবে ঘোষণা করেছে নয়াদিল্লি। এক সপ্তাহের মধ্যে তাঁদের ভারত ছাড়ার নির্দেশ দেওয়া হয়েছে। ওই সময়েই তিনি জানান, ইসলামবাদেও ভারতীয় হাইকমিশন থেকে প্রতিরক্ষা সংক্রান্ত আধিকারিকদের ফিরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে নয়াদিল্লি। উভয় দেশেই দূতাবাসের আধিকারিক সংখ্যাও ৩০-এ নামিয়ে আনা হবে বলেও জানিয়েছিলেম মিস্রী। বৃহস্পতিবার বিকেলে ইসলামাবাদ থেকে আবার সেই ঘোষণাই করা হয়েছে। ৩০ এপ্রিলের মধ্যে ইসলামাবাদে ভারতীয় দূতাবাসে থাকা প্রতিরক্ষা আধিকারিকদের পাকিস্তান ছাড়ার জন্য বলেছে শাহবাজ প্রশাসন। দূতাবাসে কূটনীতিকের সংখ্যাও ৩০-এ নামিয়ে আনার কথা বলেছে তারা।পাকিস্তান আরও জানিয়েছে, এখন থেকে তারাও ওয়াঘা সীমান্ত বন্ধ করে দিচ্ছে। যে ভারতীয়েরা ওয়াঘা সীমান্ত হয়ে পাকিস্তানে প্রবেশ করেছেন, তাঁদের ৩০ এপ্রিলের মধ্যে পাকিস্তান থেকে ফিরে যাওয়ার নির্দেশ দিয়েছে তারা। ভারতীয়দের জন্য ‘সার্ক’ ভিসা বাতিল করার কথাও ঘোষণা করেছে পাকিস্তান। ‘সার্ক’ ভিসায় যে ভারতীয়েরা পাকিস্তানে রয়েছেন, তাঁদের ৪৮ ঘণ্টার মধ্যে

## ৫৫ রানে ওপিসি বধ, শুভমের ৬ উইকেট শতদল সংঘ চ্যাম্পিয়ন, পার্থ চন্দন সেরা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ওপিসি-র মতো দল এবারকার ক্রিকেটে ভাইটাল ম্যাচে ৫৫ রানে অলআউট। অনেকের কাছে এই বিষয়টা অভাবনীয় ঠেকেছে। এতো লো স্কোরিং ম্যাচ, দর্শকরা ক্রিকেট আঙিনায় অন্য কিছুর সন্ধান করছিলেন। মূলতঃ অক্রিকেটীয় কিছুর গন্ধ পেলেও খেলার হাল হকিকতে শতদল সংঘ দুই উইকেট এর ব্যবধানে জয়ী হয়েছে এবং এই জয়ের সুবাদে একেবারে সন্তোষ মেমোরিয়াল এ ডিভিশন ক্রিকেটে চ্যাম্পিয়নের খেতাবও অর্জন করে নিয়েছে। মেলাঘরে শহীদ কাজল স্মৃতি ময়দানে ওপিসি-র মতো দল প্রথমে ব্যাট করতে নেমে ৫৫ রানে অলআউট হয়ে যাওয়ার ঘটনা দর্শকরা অনেকদিন মনে রাখবে। ২৩ ওভার খেলে ওপিসি সব কটি উইকেট হারিয়ে ৫৫ রান সংগ্রহ করে। জবাবে ব্যাট করতে নেমে শতদল সংঘ ১৩.১ ওভার খেলে আট উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। শুভম ঘোষ ২৩ রানে ৬ উইকেট পেয়েছিল, তবে শতদল সংঘের পার্থ চন্দন ১৩ রানে তিনটি উইকেট তুলে নিয়ে প্লেয়ার অফ দ্যা ম্যাচের খেতাব পেয়েছে।

## ভারত ভ্রমণের ফাঁকে বাবার সঙ্গে ইডেনে ইশা, শিখছেন বাংলাও

বাবার সঙ্গে কলকাতা ঘুরতে এসেছেন প্রাক্তন ইংল্যান্ড ক্রিকেটার ও ধারাভাষ্যকার ইশা গুহ। সেই ফাঁকেই ইডেন ভ্রমণ করে গেলেন। শনিবার কলকাতা নাইট রাইডার্স বনাম পঞ্জাব কিংস ম্যাচেও থাকবেন। ইশা ইডেনে প্রবেশ করতেই নজর গেল ‘ঝুলন গোস্বামী স্ট্যান্ড’-এর দিকে। তাঁর বাবা মনে করিয়ে দিলেন, ইডেনে ভারতের বিরুদ্ধে একটি ম্যাচে তাঁর ক্যাচ কিন্তু ঝুলনই ধরেছিলেন।বাবার খুনসুটিতে লজ্জায় পড়ে যাচ্ছিলেন ইশা। সাংবাদিকেরা চারপাশে ঘিরে ছিলেন। তিনি জানেন, বাবা কোনও বেফাঁস মন্তব্য করলে ‘ভাইরাল’ হয়ে যেতে পারে। ইশা তাই বাবাকে বলছিলেন, “তুমি আর কোনও কথা বলবে না। এ বার চুপ করো।” কিন্তু তাঁর বাবা আরও বলে চলেন, “তুমি ইডেনে ভারতের বিরুদ্ধে একটি ম্যাচে ভাল ব্যাট করছিলে। কিন্তু কী ভাবে আউট হলে মনে আছে?” ইশা আরও লজ্জায় পড়ে গিয়ে বলেন, “আমি মনে করতে চাই না বাবা। প্লিজ চুপ করো।” বাবার কাছে বাংলা শিখছেন ইশা। অল্প অল্প বলারও চেষ্টা করেন। মেয়ের অস্বস্তি দেখে বাবাও হেসে ফেলেন।ইশার বাবা বরুণ গুহ ১৯৬৫ সালে কলকাতা থেকে ইংল্যান্ড চলে যান। সেখানে পড়াশোনা করার পরে চাকরি করেন। ইংল্যান্ডেরই নাগরিকত্ব পান। তাঁর কন্যা ইশা ইংল্যান্ডের হয়ে মেয়েদের ক্রিকেট বিশ্বকাপ জেতেন। আইসিসি-র বোলারদের র‍্যাঙ্কিংয়ে দীর্ঘদিন এক নম্বরে ছিলেন। ধারাভাষ্যকার হিসেবে সারা বিশ্বে জনপ্রিয় ইশা। আসন্ন ইংল্যান্ড-ভারত টেস্ট সিরিজেও ধারাভাষ্য দেবেন ইশা মনে করেন, ভারত-ইংল্যান্ড সিরিজ জমে উঠতে পারে যদি রোহিত শর্মা, বিরাট কোহলি নিজেদের সেরা ছন্দে থাকেন। নাম না নিয়েই ইশা বলছিলেন, “ভারতের সিনিয়র ক্রিকেটারদের ফিটনেসের উপরে অনেক কিছু নির্ভর করছে।” যোগ করেন, “বুমরা, শামি ও মহম্মদ সিরাজ যদি একসঙ্গে খেলে, ভারতের বড় কিছু করার সম্ভাবনা আছে।” ইশা যদিও সিরিজের ফল কী হতে পারে বলতে চাইলেন না। তাঁর কথায়, “জানি না সিরিজ কারা জিতবে। তবে জমজমাট একটা সিরিজ হতে চলেছে।”পহেলগামে জঙ্গিহানায় নিরপরাধ পর্যটকদের নিহত হওয়ার ঘটনায় মর্মাহত ইশাও।

# শেষ ম্যাচে বিসিসি-কে ১২১ রানে হারিয়ে লীগ ক্রিকেটে পোলস্টারের তৃতীয় স্থান

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। শেষ ম্যাচে দুরন্ত জয় পেয়েছে পোলস্টার ক্লাব। হারিয়েছে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে ১২১ রানের বিশাল ব্যবধানে। এই জয়ের সুবাদে পোলস্টার ক্লাব চ্যাম্পিয়ন, রানার্সের পরিবর্তে এবারের মতো তৃতীয় স্থানে সন্তুষ্ট থাকতে হয়েছে। আদিত্য যাদব আজ দুর্দান্ত ব্যাটিং পারফরমেন্সের নজির রেখেছে। দলের স্কোর সমৃদ্ধ করার পাশাপাশি প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাবও তার দখলে এসেছে। টিআইটি গ্রাউন্ডে অনুষ্ঠিত ম্যাচ পোলস্টার ক্লাব ১২১ রানের ব্যবধানে বিসিসি কে পরাজিত করেছে। সকালে ম্যাচ শুরুতে টস জিতে পোলস্টার প্রথমে ব্যাটিং এর সিদ্ধান্ত নেয়। নির্ধারিত ৫০ ওভারে নয় উইকেট হারিয়ে ৩০৪ রান সংগ্রহ করে। জবাবে ব্যাট করতে নেমে বিসিসি ৪২.৩ ওভার খেলে ১৮৩ রানে ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। বিজয়ী দলের পক্ষে আদিত্য যাদব ১০৯ বল খেলে ১১ টি বাউন্ডারি ও পাঁচটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে ১২৯ রান সংগ্রহ করে দলের স্কোর উঁচুতে রাখার পাশাপাশি প্লেয়ার অফ দ্যা ম্যাচের খেতাবও ছিনিয়ে নেয়। এছাড়া, নির্ময় দেবের ৩৮ রান এবং বিসিসি-র তন্ময় ঘোষের ২৮ রান কিছুটা উল্লেখযোগ্য। বোলিংয়ে পোলস্টারের দেবজিৎ দেবনাথ ও শিবাংশ কাপুর এবং বিসিসি-র সুভাষ চক্রবর্তী তিনটি করে উইকেট পেয়েছে।

# রভম্যানে জোর নাইটদের, খেলতে পারেন নখিয়াও

দুই শিবিরের ছবিটা ছিল ভিন্ন। পঞ্জাব কিংস শিবিরের প্রত্যেকে ফুরফুরে মেজাজে অনুশীলন করছিলেন। প্র্যাক্টিসের মাঝেই হাসি-ঠাট্টা করছিলেন যুজবেন্দ্র চহাল, আরশদীপ সিংহরা। কলকাতা নাইট রাইডার্স শিবিরের পরিবেশ ছিল থমথমে। গরমের পাশাপাশি ব্যর্থতার ধাক্কায় হতাশা বাড়ছে অজিঙ্ক রাহানেদের।শনিবার আবার প্রাক্তন নাইট নেতা শ্রেয়স আয়ারদের বিরুদ্ধে ম্যাচ। মুল্লানপুরে এই দলের বিরুদ্ধে ১১২ রান তাড়া করতে ব্যর্থ হয়েছিল কেকেআর। অলআউট হয় ৯৫ রানে। সেই ম্যাচের ব্যর্থতা যে কেকেআর এখনও কাটিয়ে উঠতে পারেনি, তা অনুশীলনেই পরিষ্কার হয়ে যায়।ইডেনে শ্রেয়স নামতেই তাঁর দিকে তাক করে সব ক্যামেরা। যেন নিজের মাঠেই ফিরলেন রাজা। নাইট সিইও বেঙ্কি মাইসোর তাঁর দিকে তাকিয়েও কথা বললেন না। কিন্তু হর্ষিত রানা, রিঙ্কু সিংহেরা পঞ্জাব শিবিরে গিয়ে শ্রেয়সের সঙ্গে কথা বলে আসেন। তাঁদের অঙ্গভঙ্গি দেখে আন্দাজ করা গেল, শ্রেয়স তাঁদের কোনও পরামর্শ দিচ্ছেন। গত বার নাইটদের চ্যাম্পিয়ন হওয়ার নেপথ্যে এই ত্রয়ীর অবদান ছিল। কিন্তু শ্রেয়স দল থেকে চলে যাওয়ার পরে ভরাডুবির মুখে কেকেআর। জয়ের ভাগ্য কি আদৌ ফিরবে কেকেআরের?ভাগের চাকা ঘোরাতেই কি রভম্যান পাওয়েলের উপরে বেশি জোর দেওয়া হল? এ দিন দীর্ঘক্ষণ নেটে ব্যাট করানো হয় পাওয়েলকে। আন্দ্রে রাসেলকে ব্যাট দেওয়া হয় একেবারে শেষে। ক্যারিবিয়ান তারকা যদিও ইডেনের ইন্ডোরে গিয়ে ব্যক্তিগত অনুশীলন করেছেন। মূল অনুশীলনে তাই হয়তো বেশি কিছু করলেন না। আরও এক জনকে বাড়তি প্রস্তুতি নিতে দেখা যায়। তিনি অনরিখ নখিয়া। মইন আলিকে শেষ ম্যাচে খেলিয়ে কোনও লাভ হয়নি নাইটদের। পিচ থেকে সাহায্যও পাননি। ইডেনে নখিয়ার গতি ও বাউন্স কাজে লাগাতে পারে কেকেআর। বৃহস্পতিবার স্পট বোলিং করানো হয় নখিয়াকে। ইয়র্কার দেওয়ার অনুশীলনও করেন। প্রথম একাদশে তাঁকে কি দেখা যাবে?খোঁজ নিয়ে জানা গেল, গুজরাত ম্যাচের পিচেই খেলা হবে পঞ্জাব ম্যাচ। ফলে আগের ম্যাচের মতো বাউন্স নাও থাকতে পারে। স্পিনাররা আরও বেশি সাহায্য পেতে পারেন। পঞ্জাব দলে চহাল আছেন। শেষ বারের সাক্ষাতে তাঁর চার উইকেটই চাপে ফেলে দিয়েছিল নাইটদের। কিন্তু স্পিনাররা বাড়তি সাহায্য না পেলে কেকেআরও যে জয়ে ফিরতে পারছে না। সি ভি বরুণ, সুনীল নারাইনরাই কেকেআরের মেরুদণ্ড। তাঁরা এ বার পিচকে কাজে লাগাতে পারেন কি না সেটাই দেখার।পঞ্জাব শিবিরের নজরেও ইডেনের বাইশ গজ। শ্রেয়স নিজে গিয়ে সেখানে শাডো করেন। তাঁকে দেখে বোঝা যায়, আত্মবিশ্বাস তুঙ্গে। নেটে ঢোকার আগে পুল শটের অনুশীলন করতে দেখা যায় তাঁকে। শ্রেয়স জানেন, অন্য মাঠের চেয়ে ইডেনে বেশি বাউন্স থাকে। খাটো লেংথের বলে যাতে সমস্যায় পড়তে না হয়, তাই এই অনুশীলন করেন তিনি।শ্রেয়সের অধিনায়কত্বের প্রশংসা করলেন তাঁরই সতীর্থ নেহাল ওয়াধেরা। সাংবাদিকদের বলছিলেন, “শ্রেয়স সকলকে স্বাধীনতা দেয়। কী ভাবে ম্যাচ জেতাতে হয় ও জানে। কখনও নিজেকে নিয়ে ভাবে না। দলের জন্যই চিন্তা করে।”নেহাল মনে করেন, গত ম্যাচের চেয়ে পিচ মন্থর হবে। তাঁর কথায়, “ইডেনের পিচ নিয়ে অনেক আলোচনা হচ্ছে। কিন্তু পিচ যে রকমই হোক, আমাদের মানিয়ে নিতে হবে।”শনিবার নাইটদের ঘুরে দাঁড়ানোর পাশাপাশি বড় পরীক্ষা চন্দ্রকান্ত পণ্ডিতেরও। কোচ হিসেবে তাঁর পিঠও যে দেওয়ালে ঠেকে গিয়েছে।

# পহেলগাঁও কাণ্ড: পাকিস্তান সুপার লিগের সম্প্রচার বন্ধ ভারতে, এ দেশে দেখা যাবে না বাবরদের খেলা

ভারতে আর দেখা যাবে না পাকিস্তান সুপার লিগ। এত দিন ফ্যানকোডে এই প্রতিযোগিতা দেখা যাচ্ছিল। কিন্তু পহেলগাঁও কাণ্ডের পর তা বন্ধ করে দেওয়া হল। এর ফলে পাকিস্তান সুপার লিগের দর্শক সংখ্যা অনেকটাই কমে যাবে।পহেলগাঁওয়ে মঙ্গলবার জঙ্গি হানা হয়। সেখানে পর্যটকদের গুলি করে হত্যা করা হয়। সেই ঘটনার প্রতিবাদে পাকিস্তান সুপার লিগের খেলা দেখানো বন্ধ করে দিল ফ্যানকোড। যা পিএসএলের জন্য বড় ধাক্কা। দর্শক সংখ্যা কমে গেলে আগামী দিনে তাদের স্পনসর পেতে সমস্যা তৈরি হবে।সেই সঙ্গে পাকিস্তান ক্রিকেট বোর্ডের এক আধিকারিক জানিয়েছেন, শাহবাজ শরিফ সরকার সিদ্ধান্ত নিয়েছে পাকিস্তানের লিগে কর্মরত ভারতীয়দের ফেরত পাঠানো হবে। তিনি বলেন, “পাকিস্তান সুপার লিগ সম্প্রচারের দায়িত্বে অনেক ভারতীয় নাগরিক রয়েছেন। তাঁদেরকে ভারতে ফিরে যেতে বলা হয়েছে।

তাঁদের মধ্যে ইঞ্জিনিয়ার, প্রোডাকশন ম্যানেজার, ক্যামেরাম্যান রয়েছেন। তাঁরা চলে গেলে লিগের সম্প্রচারে সমস্যা হতে পারে। কারণ, দ্রুত তাঁদের পরিবর্ত বাছা কঠিন।” তিনি আরও জানিয়েছেন, যত ক্ষণ না তাঁরা ভারতে ফিরছেন তত ক্ষণ তাঁদের হোটেলে ছেড়ে বার না হওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। তাঁদের উপর নজর রাখছেন নিরাপত্তারক্ষীরা।জম্মু-কাশ্মীরের পহেলগাঁওয়ের বৈসরন উপত্যকায় মঙ্গলবারের জঙ্গিহানার ঘটনায় অন্তত ২৬ জন পর্যটকের মৃত্যু হয়েছে। স্থানীয় কয়েকটি সূত্রের মতে, নিহতের সংখ্যা অন্তত ২৮। সূত্রের খবর, হামলাকারীরা সংখ্যায় ছিল পাঁচ-ছ’জন। তার প্রতিবাদে বুধবার রাতে ভারতীয় বিদেশ মন্ত্রক থেকে জানিয়ে দেওয়া হয়েছে, সিন্ধু জলচুক্তি আপাতত স্থগিত রাখছে ভারত। পাকিস্তান সন্ত্রাসবাদে মদত দেওয়া বন্ধ না-করা পর্যন্ত এই সিদ্ধান্ত বজায় থাকবে। ভারতের এই সিদ্ধান্তে তীব্র আপত্তি জানিয়েছে পাকিস্তান। রয়টার্স অনুসারে, সিন্ধু জলচুক্তি নিয়ে নয়াদিল্লির সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ জানিয়েছে ইসলামাবাদ।

# আমার দেশপ্রেম নিয়েও সংশয় ! আরশাদের ভারতে আসার প্রশ্নই নেই, সাফ কথা নীরজের

‘বন্ধু’ আরশাদ নাদিমকে আমন্ত্রণ জানিয়ে প্রবল বিতর্কের মধ্যে পড়েছিলেন। তাঁর পরিবারকেও কটু কথা শোনাতে ছাড়েনি নেটদুনিয়া। এহেন পরিস্থিতিতে অবশেষে মুখ খুললেন নীরজ চোপড়া। স্পষ্ট জানিয়ে দিলেন, দেশের স্বার্থ সবার আগে। তাই নিজের নামাঙ্কিত প্রতিযোগিতায় পাক প্রতিযোগী অংশ নেবেন, এমনটা মোটেই ভাবেন না তিনি।জেএসডব্লিউ স্পোর্টসের সহযোগিতায় চলতি বছর ২৪ মে শুরু হতে চলেছে ‘নীরজ চোপড়া ক্লাসিক’। এই জ্যাভলিন টুর্নামেন্টে অংশ নেওয়ার জন্য নীরজ আমন্ত্রণ জানিয়েছিলেন প্যারিস অলিম্পিক্সে সোনাজয়ী পাকিস্তানি জ্যাভলিন থ্রোয়ার আরশাদ নাদিমকে। যদিও তখন জানা যায়নি তিনি ভারতে আসবেন কিনা। এরমধ্যে পহেলগাঁওয়ে ঘটে গিয়েছে নারকীয় সন্ত্রাসী হামলা। এমন পরিস্থিতিতে এবার নীরজকে ভারতে আসার ব্যাপারে সরাসরি ‘না’ বলেছেন নাদিম।তারপরেই বন্ধু আরশাদকে আমন্ত্রণ জানানো নিয়ে সরব হয়েছেন ভারতের সোনার ছেলে। শুক্রবার দীর্ঘ বিবৃতি জারি করে তিনি বলেন, ‘আমি খুব কম কথার মানুষ। তবে তার মানে এই নয় যে আমি যেটা ভুল মনে করি তার বিরুদ্ধে কিছু বলব না। দেশের প্রতি আমার ভালোবাসা নিয়ে প্রশ্ন উঠছে। আমার পরিবারকে নিয়ে কটুক্তি করা হচ্ছে। আরশাদ নাদিমকে ‘নীরজ চোপড়া ক্লাসিক’ টুর্নামেন্টে আমন্ত্রণ জানানো নিয়েও বহু কথা শুনেছি, যার অধিকাংশই খুব খারাপ। আমার পরিবারকেও টেনে আনা হয়েছে এর মধ্যে।’ অলিম্পিকে জোড়া পদকজয়ী আরও বলেছেন, একজন খেলোয়াড় হিসাবে আরেক খেলোয়াড়কে আমন্ত্রণ জানিয়েছিলেন তিনি। ভারতে মাটিতে যেন সেরা তারকারা খেলতে পারেন, এমনটাই উদ্দেশ্য ছিল নীরজের। পহেলগাঁও হামলার দু’দিন আগেই আমন্ত্রণপত্র পাঠিয়ে দেওয়া হয়েছিল সকলকে। নীরজ বলছেন, ‘গত ৪৮ ঘণ্টায় যা হয়েছে, তারপর আরশাদের ভারতে আসার কোনও প্রশ্নই নেই। কারণ দেশের স্বার্থই সকলের আগে। গোটা দেশের মতোই আমিও দুঃখিত। তবে আমি এত বছর ধরে দেশকে গর্বিত করেছি। আজ আমার দেশপ্রেম নিয়ে প্রশ্ন উঠছে সেটা দেখে কষ্ট হচ্ছে। আমার মায়ের একটা সামান্য কথা গত বছর খুব প্রশংসিত হয়েছিল,

# গত ৩ মাসে জিবি হাসপাতালে ৫৪০৯ জন রোগীর সফল অস্ত্রোপচার হয়েছে ঃ সচিব



আগরতলা, ২৬ এপ্রিল: আগরতলা সরকারি মেডিকেল কলেজ এবং জিবিপি হাসপাতালে গত তিন মাসে মোট ৫,৪০৯ জন রোগীর সফল অস্ত্রোপচার করা হয়েছে। এরমধ্যে জানুয়ারি ২০২৫ থেকে এপ্রিল মাসের ১২ তারিখ পর্যন্ত সার্জারি বিভাগে ২,৪২৫ জনের, অর্থোপেডিক বিভাগে ২,৩৭৪ জনের, ইএনটি বিভাগে ৫১৫ জনের এবং নিউরোসার্জারি বিভাগে ৯৫ জনের অস্ত্রোপচার করা হয়েছে। আজ আগরতলা প্রেস ক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে এই সংবাদ জানান।

তিনি জানান, ৯৯ শতাংশ সার্জারি প্ল্যান সার্জারি। এগুলি নির্দিষ্ট তারিখ অনুযায়ী হয়। আগামী জুন মাস পর্যন্ত মোট ১৫৮ জন রোগী অস্ত্রোপচারের জন্য অপেক্ষামান তালিকায় রয়েছেন। তিনি জানান, গত তিন মাসে ১,৬৩৮ জন রোগীর ইকো-কার্ডিওগ্রাফি করা হয়েছে। এজিএমসি এবং জিবিপি হাসপাতালে বর্তমানে ২টি সিএআরএম মেশিন চালু রয়েছে। এই হাসপাতালে ৯টি সুপার স্পেশালিটি বিভাগ, ৫টি ব্রড সুপার স্পেশালিটি ও ৪টি সুপার স্পেশালিটি বিভাগ রয়েছে। বর্তমানে হাসপাতালে মোট ১, ৪১৩টি শয্যা রয়েছে।

তিনি জানান, প্রতিবছর আগরতলা গভর্ণমেন্ট মেডিকেল কলেজে ১৫০ জন ছাত্রছাত্রী এমবিবিএস কোর্সে এবং ৮৯ জন পোস্ট গ্র্যাজুয়েট কোর্সে ভর্তি হয়। তিনি জানান, গত অর্থবছরে প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় ১৪,২২২ জন রোগী এবং মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় ৭,০০৩ জন রোগী এই হাসপাতাল থেকে চিকিৎসা সহায়তা পেয়েছেন। এই প্রকল্পের সুবিধা টিএমসি সহ অন্যান্য হাসপাতালেও রয়েছে। তিনি জানান, এজিএমসি এবং জিবিপি হাসপাতালের অ্যানেসথেসিওলোজি, ইএনটি, সার্জারি এবং অর্থোপেডিক বিভাগে মোট ৫৬ জন ডাক্তার রয়েছেন। তিনি আরও জানান, এই হাসপাতালে ক্যাথ ল্যাব স্থাপনের জন্য ১৩ কোটি টাকার মঞ্জুরি পাওয়া গেছে। এছাড়াও হাসপাতালের পরিষেবা বৃদ্ধি ও যন্ত্রাংশ কেনার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে ৫৬ কোটি টাকার প্রস্তাব পাঠানো হয়েছে। পাশাপাশি এই হাসাপাতালে ১টি স্ট্রোক ওয়ার্ড চালুর প্রচেষ্টা নেওয়া হয়েছে। তিনি জানান, মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা স্বাস্থ্য ক্ষেত্রকে অগ্রাধিকার দিয়েছেন। প্রতি বুধবার মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে চিকিৎসা সহায়তার আর্জি নিয়ে আসা মানুষকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য মুখ্যমন্ত্রী নির্দেশও দিয়ে থাকেন। সাংবাদিক সম্মেলনে জিবিপি হাসপাতালের সুপারিনটেনডেন্ট ডা. শঙ্কর চক্রবর্তী স্বাস্থ্য সম্পর্কিত নানা তথ্য তুলে ধরেন। সাংবাদিক সম্মেলনে এছাড়াও স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. তপন মজুমদার উপস্থিত ছিলেন।

## জনতার হাতে আটক বাংলাদেশী যুবক

আগরতলা, ২৬ এপ্রিল : ভারত বাংলা সীমান্তে পারাপারের সময় বাংলাদেশি এক যুবককে আটক করে বিএসএফ গণধোলাই দিয়ে তুলে দিল মধুপুর থানার পুলিশের হাতে। মধুপুর থানাধীন কমলাসাগর বিধানসভার কৈয়াডেপা সীমান্তের তারকাটা বেড়া ডিঙিয়ে এই পারে প্রবেশের সময় ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা থানার অন্তর্গত মালদা এলাকার এক যুবক নির্মল বিশ্বাসকে বিএসএফ আটক করে।

জানা যায় বিএসএফ আটক করার পর তাকে বেধড়ক প্রহার করে। পরবর্তী সময়ে সেই যুবককে তুলে দেয় মধুপুর থানার পুলিশের হাতে। এদিকে মধুপুর থানা পুলিশ সেই যুবকের কাছ থেকে বেশ কিছু তথ্য সংগ্রহ করে। জানা যায় সেই যুবক আগরতলার উদ্দেশ্যে আসছিল। বর্তমান পরিস্থিতিতে সীমান্ত এলাকায় বিএসএফ কিংবা বাংলাদেশ বিজিবি থাকার পরেও কি করে ওইপার থেকে বাংলাদেশীরা এই পারে প্রবেশ করে তা নিয়ে বিভিন্ন মহলে প্রশ্ন উঠতে শুরু করেছে। এদিকে মধুপুর থানার পুলিশ শনিবার দুপুর বেলা নির্মল বিশ্বাসকে বিশালগড় মহকুমা আদালতে সোপর্দ করে।

## পেহেলগামে জঙ্গি হামলায় উত্তাল দেশ ও বিশ্ব, কমলাসাগরে প্রতিবাদ মিছিলের আয়োজন

আগরতলা, ২৬ এপ্রিল : জম্মু-কাশ্মীরের পেহেলগামে নৃশংস জঙ্গি হামলার ঘটনায় গোটা দেশসহ বিশ্বজুড়ে নিন্দার ঝড় উঠেছে। গত মঙ্গলবার পেহেলগামে ভারতীয় পর্যটকদের উপর জঙ্গিদের হামলায় প্রাণ হারিয়েছেন ২৬ জন নিরীহ পর্যটক এবং আহত হয়েছেন আরও অনেকে।

এই মর্মান্তিক ঘটনার পরিপ্রেক্ষিতে দেশের প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রী জরুরি বৈঠক করেন। এছাড়াও প্রতিরক্ষামন্ত্রীর নেতৃত্বে সর্বদলীয় বৈঠক ডাকা হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের তিন বাহিনী সেনা, নৌ ও বিমান বাহিনীকে সর্বদা প্রস্তুত থাকার নির্দেশ দেন এবং প্রয়োজনে শত্রুর ঘরে ঢুকে প্রতিশোধ নিতে নির্দেশ দেন। সেনাবাহিনীও সেই নির্দেশ পাওয়ার পর থেকেই সক্রিয় অভিযান শুরু করেছে। ইতিমধ্যে বহু জঙ্গি ও তাদের আশ্রয়স্থল গুঁড়িয়ে দেওয়া হয়েছে এবং অব্যাহত রয়েছে চিরুনি তল্লাশি।

এদিকে, জম্মু-কাশ্মীরের পেহেলগামের এই জঙ্গি হামলার প্রতিবাদে ত্রিপুরার কমলাসাগর বিধানসভার অন্তর্গত পি এম শ্রী সেকেরকোট দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের উদ্যোগে শনিবার এক নিন্দা ও প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়। মিছিলে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক সন্তোষ কুমার রায় চৌধুরী, অন্যান্য শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্রছাত্রীরা।

বিদ্যালয় প্রাঙ্গণ থেকে মিছিলটি শুরু হয়ে সেকেরকোট বাজার, আগরতলা-সাবরুম জাতীয় সড়ক পরিক্রমা করে বিদ্যালয়ে গিয়ে শেষ হয়। এদিন প্রধান শিক্ষক সন্তোষ কুমার রায় চৌধুরী জানান, "ভারতবর্ষ একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র। এই দেশে জঙ্গিদের কোনো স্থান নেই। যারা পেহেলগামে এই নৃশংস ঘটনা ঘটিয়েছে, তাদের দেশ থেকে সম্পূর্ণভাবে উৎখাত করতে হবে এবং ভারতকে সন্ত্রাসমুক্ত রাষ্ট্র হিসেবে গড়ে তুলতে হবে।" ছাত্রছাত্রীরাও জানিয়েছে, তারা সরকারের পাশে রয়েছে এবং দেশের সম্মান রক্ষার জন্য সর্বদা প্রস্তুত। রাজ্যের যুবসমাজ থেকে শুরু করে সাধারণ মানুষও এই ঘটনার প্রতিবাদে সরব হয়েছে।

## কমলপুরে স্বরূপানন্দের উপাসনা মন্দিরে রক্তদান শিবির

আগরতলা, ২৬ এপ্রিল: কমলপুরে স্বরূপানন্দের উপাসনা মন্দিরে শনিবার এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। রবিবার কমলপুর শ্রী শ্রী স্বরূপানন্দের উপাসনা মন্দিরে শ্রী শ্রী বাবা মনির ও শ্রী শ্রী মামনির পূণ্য মহাসমাধি দিবস উপলক্ষে কমলপুর আঞ্চলিক অখন্ড সংগঠনের উদ্যোগে শনিবার এক স্বেচ্ছায় রক্তদান কর্মসূচীর আয়োজন করা হয়। এদিন রক্তদান কর্মসূচী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চিকিৎসক পার্থ সরকার, ত্রিপুরা সম্মিলিত অখন্ড সংগঠনের যুগ্ম সম্পাদক সুকুমার দাস, সহ-সম্পাদক সজল দেব, পূর্ব ত্রিপুরার সম্মিলিত অখন্ড সংগঠনের সম্পাদক দ্বিজেন্দ্র মালাকার, কমলপুর আঞ্চলিক অখন্ড সংগঠনের সম্পাদক অলক শীল সহ ভক্তবৃন্দরা। রক্তদান কর্মসূচীতে উৎসাহ উদ্দীপনার মধ্যে মোট ১৬ স্বেচ্ছায় রক্তদানে অংশগ্রহণ করেন। রক্তদান কর্মসূচী পালন করার বিষয়ে কমলপুর আঞ্চলিক অখণ্ড সংগঠনের সম্পাদক অলক শীল সকলকে ধন্যবাদ জানিয়েছেন।

## মুখ্যমন্ত্রী মাতৃ পুষ্টি উপহার প্রকল্পে ৬৯৫ জন প্রসূতি মা উপকৃত

আগরতলা, ২৬ এপ্রিল: মুখ্যমন্ত্রী মাতৃ পুষ্টি উপহার প্রকল্পে গত অর্থবছরে জোলাইবাড়ি ব্লক এবং বকাফা রকের মোট ৬৯৫ জন প্রসূতি মা আর্থিক সহায়তা পেয়েছেন। এরমধ্যে জোলাইবাড়ি ব্লকের ৩৪০ জন এবং বকাফা ব্লকের ৩৫৫ জন প্রসূতি মা এই সহায়তা পেয়েছেন।

উল্লেখ্য, প্রসূতি মায়েদের পুষ্টি সুনিশ্চিত করার লক্ষ্যে রাজ্য সরকার এই প্রকল্পটি চালু করেছে। এই প্রকল্পে প্রসূতি মাকে গর্ভকালীন অবস্থায় ৪টি পর্যায়ে ৫০০ টাকা করে মোট ২ হাজার টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়। বিলোনীয়া সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

## রামঠাকুর পাঠশালা বালিকার বিদ্যালয়ে সচেতনতামূলক শিবির

আগরতলা, ২৬ এপ্রিল: ত্রিপুরা রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের সহযোগিতায় পশ্চিম ত্রিপুরা জেলা আইনসভা কর্তৃপক্ষের উদ্যোগে সদর মহকুমার ৪৯ স্কুল থেকে পাঁচজন করে ছাত্রছাত্রীদের নিয়ে আজ রামঠাকুর পাঠশালা বালিকার বিদ্যালয় বাল্য বিবাহ রোধ সংক্রান্ত আইনি বিষয় নিয়ে এক সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়।

আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে শনিবার রাম ঠাকুর পাঠশালা বালিকা বিদ্যালয় বাল্যবিবাহ রোধ সংক্রান্ত আইনের সচেতনতা শিবির ও বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়। সেখানে প্রায় ১৬৮ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেছে। পশ্চিম ত্রিপুরা জেলায় ৪টি স্থানে এ বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়। আজ রাম ঠাকুর বালিকা বিদ্যালয়, সদর এবং জিরানিয়া মহকুমায় বীরেন্দ্রনগর স্কুলে, আগামীকাল সদর থেকে ৪২ টি স্কুল নিয়ে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। আগামী ২৮ এপ্রিল মোহনপুর মহকুমায় মোহনপুর এসএ স্কুলে হবে এ ধরনের অনুষ্ঠান।

## চোরের বাড়িতে ক্ষুব্ধ জনতার রোষ

আগরতলা, ২৬ এপ্রিল: বিশালগড় ঘনিয়ামারা এলাকার কুখ্যাত অভিযুক্ত জুয়েল আহমেদের বাড়িতে হানা দেয় ক্ষুব্ধ জনতা। সেখানে একাধিক গাড়ি ভাঙচুর করা হয়।

জানা গিয়েছে, কামথানা থেকে রাবারের মেশিন চুরি করে এনেছিল জুয়েল আহমেদ। শনিবার সকালে দুই এলাকার মানুষ তার বাড়িতে অভিযান চালিয়েছেন। ওই সময় দেখা যায় জুয়েল সহ আরও দুই চোরকে নিয়ে বসে নেশা করছেন। তখনই তাদের উত্তম মাধ্যম দেওয়া হয়। কিন্তু জুয়েল ও আকাশ নামের দুইজন পালিয়ে যায়। জয়ন্ত নম: নামের এক যুবককে ধরে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। সেও চুরির ঘটনা সাথে জড়িত রয়েছে।

## জায়গা জবরদখল করার লক্ষ্যে বলপূর্বক রাবার গাছ কেটে ফেলছে দুষ্কৃতিকারীরা

আগরতলা, ২৬ এপ্রিল: জায়গা জবরদখল করার লক্ষ্যে বলপূর্বক রাবার গাছ কেটে ফেলছে দুষ্কৃতিকারীরা। ওই ঘটনায় সূর্য্যমনি নগর বিধানসভা কেন্দ্রের মহেশখলা দাসপাড়ায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। বলপূর্বক জয়গা দখল করার জন্য রাবার গাছ কেটে ফেলছে দুষ্কৃতিকারীরা। ঘটনা ১৮ সূর্য্য মনি নগর বিধানসভা কেন্দ্রের মহেশখলা দাস পাড়া এলাকায়। এই এলাকার কুমদ চন্দ্র দাস এর ৩ কানি জায়গার উপর তার ছেলে শিবু চন্দ্র দাস রাবার গাছের চাষ করছেন। কিন্তু এলাকারই দুষ্কৃতিকারীরা প্রতিনিয়ত রাবার গাছ কেটে ফেলছে। এই বিষয়ে আমতলি থানাতে অভিযোগ জানানোর পরেও কোন পদক্ষেপ নিচ্ছেন না। এমন কি এলাকার বিধায়ককে জানানোর পর কোন সুরহা হয়নি। শেষ পর্যন্ত সংবাদ মধ্যের দারস্ত হয়ে শিবু চন্দ্র দাস জানান বলপূর্বক ভাবে জায়গা দখল করার জন্য এলাকরার দুষ্কৃতিকারীরা এই ধরনের কাজ করছে বলে জানান তিনি।

## পাঁচজন ভারতীয় টাউট, একজন বাংলাদেশী নাগরিক সহ ১৪ কেজি গাঁজা উদ্ধার

আগরতলা, ২৬ এপ্রিল: পৃথক পৃথক অভিযানে আগরতলা রেল স্টেশন থেকে পাঁচজন ভারতীয় টাউট, একজন বাংলাদেশী নাগরিক সহ ১৪ কেজি গাঁজা উদ্ধার করে জিআরপি। তাদের বিরুদ্ধে সুনির্দিষ্ট মামলা দায়ের করে তদন্ত শুরু করেছে পুলিশ। জিআরপি-র ওসি তাপস দাস বলেন, গোপন সংবাদের ভিত্তিতে খবর আসে আগরতলা রেলস্টেশন দিয়ে ৫ জন ভারতীয় টাউট এবং ১জন বাংলাদেশী বহিঃ রাজ্যের উদ্দেশ্যে রওয়ানা দেবেন। সেই খবরের ভিত্তিতে জিআরপি এবং বিএসএফ জওয়ানরা উৎ পেতে বসে থাকেন।

ওই সময় আগরতলা রেলস্টেশনে তারা আসতেই আটক করা হয়েছে। পুলিশি জিজ্ঞাসাবাদে অবৈধভাবে ত্রিপুরায় প্রবেশের বিষয়টি স্বীকার করেন ওই বাংলাদেশী নাগরিক। বাকি ৫জন ভারতীয় টাউটকে আটক করা হয়েছে। তারা বাংলাদেশী নাগরিকদের পারাপার করতে সহযোগিতা করেন।

এদিন তিনি আরও বলেন, গতকাল আগরতলা রেলস্টেশনে আরেকটি নেশা বিরোধী অভিযান চালিয়েছে। ওই অভিযানে ১৪ কেজি গাঁজা উদ্ধার করতে সক্ষম হয় আগরতলা রেল পুলিশ। কিন্তু ওই ঘটনায় কাউকে আটক করা যায় নি।

## অসুস্থ রাজমিস্ত্রির চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের হাত বাড়িয়ে দিলেন বিধায়ক

**কল্যাণপুর, ২৬ এপ্রিল :** আবারো কল্যাণপুরের বিধায়ক পিনাকী দাস চৌধুরীর মানবিক মুখ ফুটে উঠলো। সংসার এর একমাত্র রোজগেরে দিন মজুর তথা রাজমিস্ত্রির দুর্ঘটনাজনিত উন্নত চিকিৎসার জন্য বিধায়ক ও কল্যাণপুর বিজেপি মন্ডল মিলে কল্যাণপুর বিধানসভা কেন্দ্রের ২৫ নাম্বার বুথের অমরকলোনীর শংকর পাল কে আর্থিক সহায়তা করেন।

গত ১২ এপ্রিল বাতেখার একটি বাড়ীর নির্মাণ কাজের সময় মাচা ভেঙ্গে একটি বড় টিন এসে পরে ওই শ্রমিকের ডান হাতের উপর। ফলে তার ডান হাতের শিরা ধমনী কেটে যায়। আগরতলার ডাক্তার রা উনাকে বহিরাজ্যে উন্নত চিকিৎসার কথা বললে তিনি সবাই থেকে সাহায্য সহযোগিতা নিয়ে বহিরাজ্যে ডান হাতের অপারেশন করান। রবিবার তার আবার বহিরাজ্যে চিকিৎসার জন্য যাবার দিন চূড়ান্ত ছিলো। এমতাবস্থায় তিনি কোন গতি না দেখে কল্যাণপুরের বিধায়ক এর শরণাপন্ন হন।

শনিবার রাত সাড়ে সাতটা নাগাদ আহত শংকর পাল কে বিধায়ক ও কল্যাণপুর বিজেপি মন্ডল আর্থিক সহায়তা করে। বিধায়ক পিনাকী দাস চৌধুরী ছাড়াও উপস্থিত ছিলেন মন্ডল সভাপতি নিতাই বল, সাধারণ সম্পাদক অসীম দেব রায়, পূর্ণেন্দু ভট্টাচার্য প্রমুখ।

## পেহেলগাঁও হামলায় নিহতদের প্রতি ধর্মনগর জেলা কংগ্রেসের শোক ও শ্রদ্ধা নিবেদন

ধর্মনগর, ২৬ এপ্রিল: কাশ্মীরের পেহেলগাঁওয়ে সম্প্রতি ঘটে যাওয়া সন্ত্রাসবাদী হামলায় নিহত নিরীহ মানুষের স্মরণে গভীর শোক ও শ্রদ্ধা জানালো ধর্মনগর জেলা কংগ্রেস কমিটি। শুক্রবার, এক বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে মোমবাতি প্রজ্বালন করে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন কংগ্রেস নেতৃবৃন্দ, কর্মী ও সমর্থকরা।

অনুষ্ঠানে কংগ্রেস নেতৃত্ব সন্ত্রাসবাদী হামলার তীব্র নিন্দা জানিয়ে বলেন, "এ ধরনের কাপুরুষোচিত আক্রমণ মানবতার বিরুদ্ধে এবং সমগ্র জাতির হৃদয়ে গভীর বেদনার সৃষ্টি করেছে।" বক্তারা আরও বলেন, দেশবাসী ঐক্যবদ্ধ থেকে সন্ত্রাসবাদ মোকাবিলা করবে এবং শহীদদের আত্মত্যাগ কখনও বৃথা যাবে না।

জেলা কংগ্রেসের তরফে শোকসন্তপ্ত পরিবারগুলোর প্রতি সমবেদনা প্রকাশ করা হয় এবং তাঁদের পাশে থাকার আশ্বাস দেওয়া হয়। একইসঙ্গে আহতদের দ্রুত সুস্থতার জন্য প্রার্থনা করা হয়।

কংগ্রেস নেতৃবৃন্দ জানান, এই শোকানুষ্ঠানের মাধ্যমে ধর্মনগর জেলা কংগ্রেস ফের প্রমাণ করলো যে, জাতীয় সংকটের মুহূর্তে তারা সর্বদা মানবতার ও ন্যায়ের পক্ষে দৃঢ়ভাবে দাঁড়িয়ে আছে।

## আগামীকাল টেট টু পরীক্ষা, পরীক্ষার্থীদের উদ্দেশে বার্তা টিআরবিটি চেয়ারম্যানের

আগরতলা, ২৬ এপ্রিল: আগামীকাল টেট টু পরীক্ষা। পরীক্ষার্থীদের উদ্দেশে বার্তা দিলেন টিআরবিটি চেয়ারম্যান ড: প্রত্যুষ রঞ্জন দেব।

এদিন তিনি বলেন, আগামীকাল টেট টু এবং ৪ মে পেপার ওয়ান পরীক্ষার কেন্দ্র ত্রিপুরার আটটি জেলাতেই রয়েছে। টেট টু তে পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৩৫ হাজার এবং পেপার ওয়ানে প্রায় ৯ হাজার। প্রত্যেক জেলার হেডকোয়ার্টারে পরীক্ষার সমস্ত সামগ্রী পৌঁছে গিয়েছে। আগামীকাল সকাল ৮ টা থেকে প্রত্যেক জেলার ট্রেজারী থেকে এডভাইজাররা পরীক্ষার সমস্ত সামগ্রী নিয়ে রওয়ানা দেবেন।

এদিন তিনি টিআরবিটির তরফ থেকে প্রত্যেক পরীক্ষার্থীর কাছে সঠিক সময় অর্থাৎ সকাল ১০ টার মধ্যে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকার আবেদন করেন। পরীক্ষা সকাল ১১ টা থেকে শুরু হবে। যথা সময়ে পৌঁছে যাওয়ার আবেদন করেন তিনি।

## ওয়ার্ল ভেটেনারি ডে উপলক্ষে রেলি সহ নানা সচেতনতামূলক কর্মসূচি

আগরতলা, ২৬ এপ্রিল: ওয়ার্ল ভেটেনারি ডে উপলক্ষে বিবেকানন্দ ময়দান সংলগ্ন ভেটেনারি অফিসেট সামনে থেকে একটি রেলি অনুষ্ঠিত হয় যা শহর পরিক্রমা করে পুনরায় ভেটেনারি অফিস সামনে গিয়ে শেষ হয়।

ওয়ার্ল ভেটেনারি ডে উপলক্ষে রাজ্যে রেলি সহ নানা সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এবছর ওয়ার্ল ভেটেনারি ডের মূল থিম হলো সম্মিলিত প্রচেষ্টার ফল। এবছর ভেটেনারি ডে উপলক্ষে রেলি সহ নানা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বিবেকানন্দ ময়দান থেকে শনিবার এক রেলি শুরু হয় আগরতলা শহরের বিভিন্ন পদ পথ পরিক্রমা করে।

রেলিতে অংশগ্রহণ করে দপ্তরের রেজিস্টার বলেন পশুদের স্বাস্থ্য সুরক্ষার জন্য আমাদের সকলকে এগিয়ে আসতে হবে। পশু স্বাস্থ্য সুরক্ষিত না হলে আমাদের স্বাস্থ্য সুরক্ষিত থাকবে না বলে তিনি অভিমত ব্যক্ত করেন। পশুস্বাস্থ্য সুরক্ষায় সকলকে এগিয়ে আসার জন্য আহ্বান জানানো হয়েছে।

## খবরে সিলমোহর, গ্যাস নিয়ে দৌড়ঝাঁপ পুলিশের



**কল্যাণপুর, ২৬ এপ্রিল :** কল্যাণপুরের গ্যাস এজেন্সি তথা গ্রামীন গ্যাস বিতরণ কেন্দ্র বিগত বেশ কিছুদিন ধরেই সংবাদ মাধ্যমের আলোচনার কেন্দ্র বিন্দুতে। বিশেষ করে জমি সংক্রান্ত বিবাদ, অনৈতিকভাবে গ্যাস সিলিন্ডার নামানো উঠানো, কিছুদিন পরপর প্রশাসনের রোশানলে পড়া, মুড়ি মুরকির মত মামলা-মোকদ্দমা করা ইত্যাদির পরিপ্রেক্ষিতে সংবাদ পরিবেশন করেছে। একাধিকবার গ্যাস এজেন্সির বর্তমান গতি প্রকৃতির নিরিখে বিভিন্ন প্রকারের ঘটনা ঘটে যাওয়ার আশঙ্কা প্রকাশ করা হয়েছে।

এরই মধ্যে গত ২৪ এপ্রিল সমস্ত ঘটনার বিচার-বিশ্লেষণের পর তেলিয়ামুড়া মহকুমা পুলিশ আধিকারিকের অফিস থেকে মহকুমা শাসকের কাছে গোটা ঘটনার পরিপ্রেক্ষিতে দ্রুততার সাথে ব্যবস্থা গ্রহণের জন্য চিঠি দেওয়া আছে। এর আগে বিগত মার্চ মাসের ২৯ তারিখ কল্যাণপুর থানার তরফ থেকে মহকুমা প্রশাসনের কাছে কল্যাণপুর গ্যাস এজেন্সি সংক্রান্ত ঝামেলার বৃত্তান্ত তুলে ধরে সার্বিক স্বার্থে ব্যবস্থা গ্রহণের জন্য মহকুমা প্রশাসন যাতে উদ্যোগ গ্রহণ করে সেই আবেদনের পরিপ্রেক্ষিতে চিঠি দেওয়া হয়েছে। স্থানীয় পুলিশ আশঙ্কা প্রকাশ করছেন কল্যাণপুরের গ্যাস এজেন্সি নিয়ে অনৈতিক ঘটনা ঘটতে পারে।

মহকুমা পুলিশ আধিকারিক যাবতীয় তদন্ত বা রিপোর্ট সংগ্রহের মধ্য দিয়ে আশঙ্কা প্রকাশ করছেন এই গ্যাস এজেন্সির বিবাদ মেটানো না গেলে যেকোন সময় যেকোনো কিছু হতে পারে। একই রকম আশঙ্কা আমাদেরও। সার্বিক বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রশাসন দ্রুততার সাথে ব্যবস্থা গ্রহণ করে, আইনগতভাবে বিধি সম্মত উপায়ে কল্যাণপুর গ্যাস এজেন্সি সংক্রান্ত বিবাদ বা সমস্যা নিরসনে দ্রুততার সাথে বলিষ্ঠভাবে ময়দানে অবতীর্ণ হোক, এই দাবি ক্রমান্বয়ে জুড়ানো হচ্ছে।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপ বিশ্বাস কর্তৃক রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস, আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল. এন. বাড়ী রোড, আগরতলা, ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক - সন্দীপ বিশ্বাস।
Printed by the Owner, Publisher and Printer Sandeep Biswas from Rainbow Printing Works, Agartala and Published from Jagaran Office, L.N. Bari Road. Agartala, Tripura. Editor- Sandeep Biswas